সুতরাং মেঘমুক্ত আকাশ যেমন গ্রহগণদ্বারা শোভা পায়, সেইরূপ তত্রত্য আকাশ—দেব, যক্ষ, গন্ধর্ব্ব ও মহোরগগণদ্বারা শোভা পাইতে লাগিল ॥৪॥

দেবগণ ভীষ্ম ও অর্জ্জুনের সেই ভয়ঙ্কর মহাযুদ্ধ দেখিবার জন্য আপন আপন বিমানে আরোহণ করিয়া পৃথক্ পৃথক্‌ভাবে আগমন করিলেন ॥৫॥

যে বিমানে কোটিসংখ্যক স্বর্ণস্তম্ভ এবং মণি ও রত্নের অপর স্তম্ভ সকল

---

(৪)…শুশুভে হ্যভ্রনির্ম্মুক্তম্—ভা,…গ্রহাণামিব মণ্ডলম্—বা ব র ম,…গ্রহৈরিব নভস্থলম্—প্র। ইতঃ পরম্ 'অস্ত্রাণাঞ্চ বলং তেষাং মানুষেষু প্রযুজ্যতাম্' ইত্যর্দ্ধমধিকং—প্র বা ব রা ম। (৫) তচ্চ ভীমম্…কৃপার্জ্জুন…স্ববিমানৈঃ—রা ম, তচ্চ ঘোরম্…কৃপার্জ্জুন…স্ববিমানৈঃ—বা। (৬)…তত্র স্থূণা হিরণ্ময়ীঃ। মণিরত্নময়ীশ্চান্যাঃ প্রাসাদমুপবারয়ন্—প্র,…যদধারয়ৎ—বা,…তত্র স্থূণা হিরণ্ময়াঃ। মণিরত্নময়াশ্চান্যাঃ প্রাসাদং তমধারয়ন্—ভা।

তত্র কামগমং দিব্যং সর্ব্বরত্নবিভূষিতম্।
বিমানং দেবরাজস্য শুশুভে খেচরং তদা ॥৭॥ (যুগ্মকম্)
তত্র দেবাস্ত্রয়স্ত্রিংশত্তিষ্ঠন্তি সহবাসবাঃ।
গন্ধর্ব্বা রাক্ষসাঃ সর্পাঃ পিতরশ্চ মহর্ষয়ঃ ॥৮॥
তথা রাজা বসুমনা বলক্ষঃ সুপ্রতর্দ্দনঃ।
অষ্টকশ্চ শিবিশ্চৈব যযাতির্নহুষো গয়ঃ ॥৯॥
মনুঃ ক্ষুপো রঘুর্ভানুঃ কৃশাশ্বঃ সগরঃ শলঃ।
বিমানে দেবরাজস্য সমদৃশ্যন্ত সুপ্রভাঃ ॥১০॥ (যুগ্মকম্)
অগ্নেরীশস্য সোমস্য বরুণস্য প্রজাপতেঃ।
তথা ধাতুর্বিধাতুশ্চ কুবেরস্য যমস্য চ ॥১১॥

ভাবতকৌমুদী

ময়ী, স্থূণা স্তম্ভঃ, মণিরত্নময়ী চাস্যা স্থূণা, প্রাসাদং প্রাসাদতুল্যম্, তৎ উপরিচ্ছাদনম্ অধারয়ৎ, তচ্চ কামগমং দিব্যং সর্ব্বরত্নবিভূষিতং খেচরমাকাশচরং দেবরাজস্য বিমানং তদা শুশুভে ॥৬—৭॥

তত্রেতি। তত্র বিমানে, বাসবেন ইন্দ্রেণ সহেতি সহবাসবাঃ, অষ্টৌ বসবঃ একাদশ রুদ্রাঃ দ্বাদশ আদিত্যাঃ দ্বাবশ্বিনীকুমারৌ চেতি ত্রয়স্ত্রিংশদ্দেবাঃ, গন্ধর্ব্বাঃ, রাক্ষসাঃ, সর্পাঃ, পিতরঃ, মহর্ষয়শ্চ তিষ্ঠন্তি স্ম ॥৮॥

তথেতি। রাজেতি সর্ব্বত্র সম্বধ্যতে। সুপ্রভাঃ পুণ্যাতিরেকাত্তেজস্বিনঃ, এতে রাজানঃ দেবরাজস্য বিমানে সমদৃশ্যন্ত, তত্রত্যৈঃ সর্ব্বৈরিতি শেষঃ ॥৯—১০॥

প্রাসাদতুল্য উপরের আবরণ ধারণ করিতেছিল, সেই কামগামী, আকাশচারী, স্বর্গীয় ও সর্ব্বরত্নবিভূষিত দেবরাজের বিমান তখন শোভা পাইতে লাগিল ॥৬—৭॥

সেই বিমানে ইন্দ্রের সহিত তেত্রিশ জন দেবতা এবং গন্ধর্ব্বগণ, রাক্ষসগণ, নাগগণ, পিতৃগণ ও মহর্ষিগণ অবস্থান করিতেছিলেন ॥৮॥

এবং বসুমনা, বলক্ষ, সুপ্রতর্দ্দন, অষ্টক, শিবি, যযাতি, নহুষ, গয, মনু, ক্ষুপ, রঘু, ভানু, কৃশাশ্ব, সগর ও শল—এই সকল তেজস্বী রাজাকেও দেবরাজের সেই বিমানে দেখা যাইতে লাগিল ॥৯—১০॥

---

(৭) যত্ত্ব কামগমম্…খেচরং শুভম্—প্র, ততঃ কামগমম্—রা ম, তত্র কামগমম্—ভা। (৮)…পিতরশ্চ মহর্ষিভিঃ—প্র বা ব রা ম। (৯)…বলাক্ষঃ—বা ব রা ম,…বনাকঃ—ভা। (১০) মনুঃ পুরুঃ…সগরো নলঃ—বা ব রা ম,… সগরঃ শিলঃ—ভা।

অলম্বুষোগ্রসেনশ্চ গন্ধর্ব্বস্য চ তুম্বুবোঃ।
যথাভাগং যথোদ্দেশং বিমানানি চকাশিরে ॥১২॥ (যুগ্মকম্)
সর্ব্বদেবনিকায়াশ্চ সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
অর্জ্জুনস্য কুরূণাঞ্চ দ্রষ্টুং যুদ্ধমুপাগতাঃ ॥১৩॥
দিব্যানাং তত্র মাল্যানাং গন্ধঃ পুণ্যশ্চ সর্ব্বশঃ।
প্রসসার বসন্তাগ্রে বনানামিব পুষ্পিণাম্ ॥১৪॥
রক্তারক্তানি দেবানাং সমদৃশ্যন্ত তিষ্ঠতাম্।
আতপত্রাণি বাসাংসি স্রজশ্চ ব্যজনানি চ ॥১৫॥

ভাবতকৌমুদী

অগ্নেবিতি। অগ্নেঃ, ঈশস্য ঈশানস্য, সোমস্য চন্দ্রস্য, বরুণস্য, প্রজাপতেঃ, তথা ধাতুঃ, বিধাতুঃ, কুবেরস্য, যমস্য চ, গন্ধর্ব্বস্য, অলম্বুষেণ যুক্ত উগ্রসেনস্তস্য, মধ্যপদলোপী সমাসঃ, তুম্বুবোশ্চ, বিমানানি, যথাভাগং বামভাগক্রমেণ, যথোদ্দেশমুক্তক্রমেণ চ, চকাশিরে শুশুভিবে ॥১১—১২॥

সর্ব্বেতি। সর্ব্বেবামুক্তেতরেবাং দেবানাং নিকায়াঃ সমূহাঃ, সিদ্ধা দেবযোনিবিশেবাশ্চ, পরমর্ষযো মরীচ্যাদয়শ্চ, অর্জ্জুনস্য কুরূণাঞ্চ যুদ্ধং দ্রষ্টুমুপাগতাঃ ॥১৩॥

দিব্যানামিতি। তত্র দিব্যানাং স্বর্গীয়াণাং মাল্যানাম্, বসন্তাগ্রে বসন্তকালপ্রথমে, পুষ্পিণাং পুষ্পবতাং বনানামিব, পুণ্যো গন্ধঃ, সর্ব্বশঃ সর্ব্বাসু দিক্ষু প্রসসার ॥১৪॥

রক্তেতি। বিমানেষু তিষ্ঠতাং দেবানাম্, রক্তারক্তানি লোহিতকৃষ্ণানি আতপত্রাণি ছত্রাণি, বাসাংসি, স্রজো মাল্যানি, ব্যজনানি চ সমদৃশ্যন্ত ॥১৫॥

অগ্নি, ঈশান, চন্দ্র, বরুণ, প্রজাপতি, ধাতা, বিধাতা, কুবেব ও যম—এই সকল দেবতার এবং অলম্বুষ, উগ্রসেন ও তুম্বুরু—এই তিন জন গন্ধর্ব্বের বিমানগুলি উক্তক্রমে ও বামভাগক্রমে শোভা পাইতে লাগিল ॥১১—১২॥

অপর সকল দেবগণ, সিদ্ধগণ ও দেবর্ষিগণ অর্জ্জুন ও কৌরবগণেব যুদ্ধ দেখিবার জন্য আগমন করিলেন ॥১৩॥

বসন্তকালেব প্রথমে পুষ্পশালী বনসমূহেব গন্ধেব ন্যায় তখন স্বর্গীয় পুষ্পমাল্য-সমূহেব পবিত্র গন্ধ সকল দিকে ছড়াইয়া পড়িল ॥১৪॥

এবং বিমানস্থিত দেবগণেব রক্তবর্ণ ও কৃষ্ণবর্ণ ছত্র, বস্ত্র, মাল্য ও ব্যজন সকল দেখা যাইতে লাগিল ॥১৫॥

---

(১২) অলম্বুষোগ্রসেনানাম্—প্র বা ব বা ম। (১৩)···সিদ্ধগন্ধর্ব্বকিন্নরাঃ—প্র। (১৪) বনানামিব পুষ্প্যতাম্—প্র,···বনানামিব ভারত!—বা ব রা ম।

উপাশাম্যদ্রজো ভৌমং সর্ব্বং ব্যাপ্তং মরীচিভিঃ।
দিব্যগন্ধানুপাদায় বায়ুর্যোধানসেবত ॥১৬॥
প্রভাসিতমিবাকাশং চিত্ররূপমলঙ্কৃতম্।
সম্পতদ্ভিঃ স্থিতৈশ্চাপি নানারত্নাবভাসিতৈঃ ॥১৭॥
বিমানৈর্বিবিধৈশ্চিত্রৈরুপনীতৈঃ সুরোত্তমৈঃ।
বজ্রভৃচ্ছুশুভে তত্র বিমানস্থৈঃ সুরৈর্বৃতঃ ॥১৮॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিবাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে বিমানদর্শনং নাম একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

উপেতি। ভৌমং রজো ধূলিঃ, উপাশাম্যৎ ন্যবর্ত্তত, দেবদর্শনেন সর্ব্বেষাং গতিনিবৃত্তেরিতি ভাবঃ, মরীচিভিঃ দেবানাং তদ্বিমানানাঞ্চ কিরণৈঃ, সর্ব্বং স্থানং ব্যাপ্তম্। বায়ুশ্চ দিব্যগন্ধানুপাদায় যোধান্ যোদ্ধৄন্ অসেবত ॥১৬॥

প্রেতি। সম্পতদ্ভির্নৃতনমাগচ্ছদ্ভিঃ স্থিতৈশ্চাপি, নানারত্নাবভাসিতৈঃ, বিবিধৈঃ চিত্রৈরাশ্চর্য্যৈঃ, সুরোত্তমৈরুপনীতৈর্বিমানৈঃ, আকাশম্, প্রভাসিতমিব, অলঙ্কৃতমিব, চিত্র-রূপমিব চ জাতমিতি শেষঃ। তত্র আকাশে, বিমানস্থৈঃ সুরৈর্বৃতঃ, বজ্রভৃদিন্দ্রঃ শুশুভে ॥১৭—১৮॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযাং বিবাটপর্ব্বণি গোহরণে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ত্রয়স্ত্রিংশৎ—অষ্টৌ বসব একাদশ রুদ্রা দ্বাদশাদিত্যাঃ প্রজাপতিশ্চ বষট্কারশ্চেতি ব্রাহ্মণম্ ॥৮—১১॥
অলম্বুষোগ্রসেনানাং তৎপ্রভৃতীনাং গন্ধর্ব্বাণাম্ ॥১২—১৮॥

ইতি শ্রীমহাভাবতে বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫১॥

ভূতলেব ধূলি নিবৃত্তি পাইল, দেবগণেব ও তাঁহাদের বিমানগুলির কিবণে সমস্ত স্থান ব্যাপ্ত হইল এবং বায়ু দিব্য সৌরভ লইয়া যোদ্ধগণের সেবা করিতে লাগিল ॥১৬॥

দেবগণের আনীত, নানাবিধ বত্নে উদ্ভাসিত, নানাবিধ ও বিচিত্র বিমান সকল পূর্ব্বেও আসিয়াছিল, পবেও আসিতে লাগিল; সেই বিমানগুলির কিবণে আকাশ যেন আলোকিত, অলঙ্কৃত ও বিচিত্রৰূপ হইল এবং সেই

---

(১৬)…দিব্যান্ গন্ধান্…যোধান্ নিষেবতে—ভা। (১৮)…বিমানস্থঃ—প্র। ইতঃ পরম্ 'বিভ্রন্মালাং মহাতেজাঃ পদ্মোৎপলসমাযুতাম্। বিপ্রেক্ষমাণো বলভিন্নাতৃপ্যৎ সুমহাহবম্॥' তদানীমপি সুমহাহবাদর্শনাদধিকোঽয়ং শ্লোকঃ—প্র বা ব রা ম। * 'পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' —প্র, '…ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ'—বা ব রা ম।

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

দৃষ্ট্বা ব্যূঢ়ান্যনীকানি কুরূণাং কুরুনন্দন!।
তত্র বৈরাটিমামন্ত্র্য পাণ্ডবোঽথাব্রবীদিদম্ ॥১॥
জাম্বূনদময়ী বেদী ধ্বজে যস্য প্রকাশতে।
তস্য দক্ষিণতো যাহি কৃপঃ শারদ্বতো যতঃ ॥২॥

বৈশম্পায়ন উবাচ।

ধনঞ্জয়বচঃ শ্রুত্বা বৈরাটিস্ত্বরিতস্তদা।
হয়ান্ রজতসঙ্কাশান্ হেমভাণ্ডানচোদয়ৎ ॥৩॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। হে কুরুনন্দন! জনমেজয়! অথ পাণ্ডবোঽর্জ্জুনঃ, তত্র কুরূণামনীকানি সৈন্যানি, ব্যূঢ়ানি ব্যূহভাবেন সন্নিবেশিতানি দৃষ্ট্বা, বৈরাটিমামন্ত্র্য ইদমব্রবীৎ ॥১॥

জাম্বূনদেতি। যস্য ধ্বজে, জাম্বূনদময়ী স্বর্ণময়ী বেদী প্রকাশতে, তস্য বীরস্য দক্ষিণতস্তত্র যাহি, যতো যত্র শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ কৃপো বর্ত্ততে ॥২॥

ধনেতি। বৈরাটিরুত্তরঃ, ধনঞ্জয়বচঃ শ্রুত্বা তদা ত্বরিতঃ সন্, রজতসঙ্কাশান্ রৌপ্যতুল্যান্ শুভ্রবর্ণান্, হেমভাণ্ডান্ স্বর্ণময়ভূষণান্, হয়ান্ অশ্বান্, অচোদয়ৎ প্রৈরয়ৎ। "ভাণ্ডং পাত্রে বণিঙ্মূলধনে ভূষাশ্বভূষযোঃ" ইতি মেদিনী ॥৩॥

আকাশে বিমানস্থিত দেবগণে পরিবেষ্টিত হইয়া দেবরাজ শোভা পাইতে লাগিলেন ॥১৭—১৮॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—কুরুনন্দন জনমেজয়! তাহার পর অর্জ্জুন কৌরবগণের সৈন্যগণকে ব্যূহভাবে সন্নিবেশিত দেখিয়া তখন উত্তরকে সম্বোধন করিয়া এই কথা বলিলেন—॥১॥

"উত্তর! যাঁহার ধ্বজে স্বর্ণময়ী বেদী প্রকাশ পাইতেছে, তাঁহার দক্ষিণ দিক্ দিয়া—যেখানে শরদ্বানের পুত্র কৃপ রহিয়াছেন, সেইখানে যাও" ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—তখন উত্তর অর্জ্জুনের কথা শুনিয়া রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ এবং স্বর্ণভূষণে ভূষিত অশ্বগুলিকে সত্বর চালাইয়া দিলেন ॥৩॥

---

(১)…কুরুনন্দনঃ—বা ব ম ভা,…পার্থো বচনমব্রবীৎ—বা ব বা ম,…বৈরাটিমাভাষ্য—ভা।
(২)…যস্য প্রদৃশ্যতে—বা ব রা ম। (৩)…হেমদণ্ডেন চোদয়ৎ—প্র।

আনুপূর্ব্ব্যা তু তৎ সর্ব্বমাস্থায় জবমুত্তমম্।
প্রাহিণোচ্চন্দ্রসঙ্কাশান্ কুপিতানিব তান্ হয়ান্ ॥৪॥
স গত্বা কুরুসেনায়াঃ সমীপং হয়কোবিদঃ।
পুনবাবর্ত্তয়ামাস তান্ হয়ান্ বাতরংহসঃ ॥৫॥
প্রদক্ষিণমুপাবৃত্য মণ্ডলং সব্যমেব চ।
কুরূন্ সম্মোহয়ামাস মাৎস্যো যানেন তত্ত্ববিৎ ॥৬॥
কৃপস্য রথমাস্থায় বৈরাটিরকুতোভয়ঃ।
প্রদক্ষিণমুপাবৃত্য তস্থৌ তস্যাগ্রতো বলী ॥৭॥
ততোঽর্জ্জুনঃ শঙ্খবরং দেবদত্তং মহারবম্।
প্রদধ্মৌ বলমাস্থায় নাম বিশ্রাব্য চাত্মনঃ ॥৮॥

ভাবতকৌমুদী

আম্বিতি। আনুপূর্ব্ব্যা পূর্ব্বক্রমেণ, উত্তমং তৎসর্ব্বং জবং বেগম্, আস্থায় অবলম্ব্য, চন্দ্রসঙ্কাশান্ শুভ্রান্ কুপিতানিব চ তান্ হযান্ অশ্বান্ প্রাহিণোৎ ॥৪॥

স ইতি। হযকোবিদঃ অশ্বচালনাদিনিপুণঃ স উত্তরঃ, কুরুসেনাযাঃ সমীপং গত্বা, বাতবংহসো বায়ুবেগান্ তান্ হযান্ পুনবাবর্ত্তয়ামাস ॥৫॥

প্রেতি। তত্ত্ববিৎ অশ্বতত্ত্বজ্ঞঃ, মাৎস্যো মৎস্যপুত্র উত্তরঃ, প্রদক্ষিণং দক্ষিণক্রমেণ সব্যং বামমেব চ বামক্রমেণ চ, মণ্ডলমুপাবৃত্য বিধায, যানেন বথগমনেন, কুরূন্ সম্মোহয়ামাস আত্মনো নৈপুণ্যপ্রদর্শনাদ্বিস্মিতান্ চকার ॥৬॥

কৃপস্যেতি। বলী অকুতোভয়শ্চ বৈরাটিরুত্তবঃ, কৃপস্য বথম্, আস্থায লক্ষ্যীকৃত্য, প্রদক্ষিণমুপাবৃত্য পরিভ্রম্য, তস্য কৃপস্য অগ্রতস্তস্থৌ ॥৭॥

তিনি পূর্ব্বক্রমে সেই সর্ব্বপ্রকাব গুরুতর বেগ অবলম্বন করিয়া, চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ এবং ক্রুদ্ধের ন্যায় দ্রুতগামী সেই অশ্বগুলিকে চালাইয়া দিলেন ॥৪॥

অশ্বতত্ত্বজ্ঞ উত্তর কৌববসৈন্যের নিকটে যাইয়া আবাব সেই বায়ুর তুল্য বেগবান্ অশ্বগুলিকে ফিবাইয়া আনিলেন ॥৫॥

তা'র পব, অশ্বতত্ত্বজ্ঞ উত্তব দক্ষিণাবর্ত্তে ও বামাবর্ত্তে মণ্ডল করিয়া গমন দ্বারা কৌরবগণকে বিস্ময়াপন্ন করিলেন ॥৬॥

এই ভাবে বলবান্ ও নির্ভযচিত্ত উত্তব কৃপাচার্য্যের রথ লক্ষ্য করিয়া প্রদক্ষিণক্রমে যাইযা তাঁহার সম্মুখে অবস্থান কবিলেন ॥৭॥

---

(৪) আনুপূর্ব্ব্যাত্ত্—বা ব রা ম,...রথমুত্তমম্—প্র, আনুপূর্ব্ব্যা হৃদন্ শূরঃ—ভা। (৫) সংযাত্বা—প্র। (৬)...মৎস্যো যানেন—বা ব রা ম ভা। (৮)...রথমাস্থায়—প্র।

তস্য শব্দো মহানাসীদ্ধ্মায়মানস্য জিষ্ণুনা।
তথা বীর্য্যবতা সংখ্যে পর্ব্বতস্যেব দীর্য্যতঃ ॥৯॥
পূজয়াঞ্চক্রিরে শঙ্খং কুরবস্তে সসৈনিকাঃ।
অর্জ্জুনেন তথা ধ্মাতঃ শতধা যন্ন দীর্য্যতে ॥১০॥
দিবমাবৃত্য শব্দস্তু নিবৃত্তঃ শুশ্রুবে পুনঃ।
সৃষ্টো মঘবতা বজ্রঃ প্রপতন্নিব পর্ব্বতে ॥১১॥
এতস্মিন্নন্তরে বীরো রণদর্পসমন্বিতঃ।
অমৃষ্যমাণস্তং শব্দং কৃপঃ শারদ্বতস্তদা ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ অর্জ্জুনঃ বলমাস্থায় আশ্রিত্য, আত্মনো নাম বিশ্রাব্য চ, দেবদত্তং নাম মহারবং শঙ্খবরম্, প্রদধ্মৌ মুখবায়ুনা পূরয়ামাস ॥৮॥

তস্যেতি। বীর্য্যবতা জিষ্ণুনা অর্জ্জুনেন, তথা ধ্মায়মানস্য মুখবায়ুনা পূর্য্যমাণস্য তস্য শঙ্খস্য, দীর্য্যতো দীর্য্যমাণস্য পর্ব্বতস্যেব, সংখ্যে যুদ্ধে মহান্ শব্দ আসীৎ ॥৯॥

পূজেতি। সৈনিকৈঃ সহেতি সসৈনিকাস্তে কুরবঃ, তং শঙ্খং পূজয়াঞ্চক্রিরে প্রশশংসুঃ। যৎ, অর্জ্জুনেন তথা ধ্মাতো মুখবায়ুনা পূরিতোঽপি শতধা ন দীর্য্যতে স্ম ॥১০॥

দিবমিতি। মঘবতা ইন্দ্রেণ সৃষ্টো নিক্ষিপ্তঃ, পর্ব্বতে প্রপতন্ বজ্র ইব তদ্বজ্রশব্দ ইব, দিবমাকাশম্, আবৃতঃ ব্যাপ্য নিবৃত্তঃ শব্দস্তু পুনঃ শুশ্রুবে ॥১১॥

এতস্মিন্নিতি। এতস্মিন্ অন্তরে অবকাশে, বীর্য্যবান্ বীরঃ রণদর্পসমন্বিতঃ মহারথঃ

তাহার পর অর্জ্জুন নিজের নাম শুনাইয়া বলপূর্ব্বক দেবদত্তনামক মহাশঙ্খের মহাধ্বনি করিলেন ॥৮॥

বলবান্ অর্জ্জুন মুখবায়ুদ্বারা পূর্ণ করিলে, বিদীর্য্যমাণ পর্ব্বতের ন্যায় যুদ্ধস্থানে সেই মহাশঙ্খের মহাধ্বনি হইল ॥৯॥

সৈন্যগণের সহিত কৌরবেরা সেই শঙ্খের প্রশংসা করিলেন। যে হেতু, অর্জ্জুন-কর্ত্তৃক সেই ভাবে ধ্বনিত হইয়াও সে শঙ্খ শতভাগে বিদীর্ণ হইল না ॥১০॥

ইন্দ্রনিক্ষিপ্ত বজ্র পর্ব্বতের উপরে পতিত হইলে যেরূপ শব্দ হয়, সেইরূপ সেই শব্দ আকাশ ব্যাপ্ত করিয়া ফিরিয়া আসিলে, পুনরায় কৌরবেরা তাহা (প্রতিধ্বনি) শ্রবণ করিলেন ॥১১॥

এই সময়ে বলবান্, বীর, রণদর্পশালী, মহারথ ও শরদ্বানের পুত্র কৃপাচার্য্য

---

(৯)…ধ্মাপ্যমানস্য জিষ্ণুনা। তথা বীর্য্যবতঃ—প্র,…ধম্যমানস্য জিষ্ণুনা—রা ম,…ধ্মাপ্যমানস্য জিষ্ণুনা। মহাবীর্য্যবতাম্—ভা। (১০)…কুরবস্তে চ সৈনিকাঃ—ভা, ..যন্ন দীর্য্যত—প্র ভা। (১২)…বলবীর্য্যসমন্বিতঃ—বা ব বা ম।

অর্জ্জুনং প্রতি সংরব্ধো যুদ্ধার্থী স মহারথঃ।
মহোদধিজমাদায় দধ্মৌ বেগেন বীর্য্যবান্ ॥১৩॥ (যুগ্মকম্)
স তু শব্দেন লোকংস্ত্রীনাবৃত্য রথিনাং বরঃ।
ধনুরাদায় সুমহজ্জ্যাশব্দমকরোত্তদা ॥১৪॥
তৌ বীরৌ সূর্য্যসঙ্কাশৌ যোৎস্যমানৌ মহারথৌ।
শারদাবিব জীমূতৌ ব্যরোচেতাং ব্যবস্থিতৌ ॥১৫॥
ততঃ শারদ্বতস্তূর্ণং পার্থং দশভিরাশুগৈঃ।
বিব্যাধ পরবীরঘ্নং নিশিতৈর্ম্মর্ম্মভেদিভিঃ ॥১৬॥
পার্থোঽপি বিশ্রুতং লোকে গাণ্ডীবং পরমায়ুধম্।
বিকৃষ্য চিক্ষেপ বহূন্ নারাচান্ মর্ম্মভেদিনঃ ॥১৭॥

ভারতকৌমুদী

শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ স কৃপঃ, তং শব্দম্, অমৃষ্যমাণঃ দর্পেণ কৃতত্বাদসহমানঃ, অর্জ্জুনং প্রতি সংরব্ধঃ ক্রুদ্ধো যুদ্ধার্থী চ সন্, মহোদধিজং মহাসমুদ্রজাতমাত্মনঃ শঙ্খমাদায় তদা বেগেন দধ্মৌ বাদয়ামাস ॥১২—১৩॥

স ইতি। স রথিনাং বরঃ কৃপস্তু, তেন শব্দেন, ত্রীন্ লোকান্, আবৃত্য ব্যাপ্য, সুমহৎ ধনুরাদায় তদা জ্যাশব্দম্ অকরোৎ ॥১৪॥

তাবিতি। সূর্য্যসঙ্কাশৌ মহারথৌ তৌ বীরৌ কৃপার্জ্জুনৌ, যোৎস্যমানৌ সন্তৌ, ব্যবস্থিতৌ আকাশে নিবৃত্তগতিকৌ শারদৌ জীমূতৌ মেঘাবিব ব্যরোচেতাম্ ॥১৫॥

তত ইতি। ততঃ শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ কৃপঃ, নিশিতৈর্ম্মর্ম্মভেদিভিশ্চ দশভিঃ আশুগৈর্বাণৈঃ পরবীরঘ্নং পার্থমর্জ্জুনং তূর্ণং বিব্যাধ ॥১৬॥

সেই শব্দ সহ্য করিতে না পারিয়া, অর্জ্জুনের প্রতি ক্রুদ্ধ ও যুদ্ধার্থী হইয়া, তখনই নিজের মহাশঙ্খ গ্রহণ করিয়া বেগে তাহা মুখবায়ুদ্বারা পূর্ণ করিলেন (বাজাইলেন) ॥১২—১৩॥

রথিশ্রেষ্ঠ কৃপাচার্য্য সেই শব্দে ত্রিভুবন ব্যাপ্ত করিয়া, অতিবিশাল ধনু লইয়া তখনই তাহার জ্যাশব্দ করিলেন ॥১৪॥

সূর্য্যের ন্যায় তেজস্বী ও মহারথ সেই বীরেরা দুই জন যুদ্ধ করিবেন বলিয়া আকাশস্থিত শরৎকালের দুইখানা মেঘের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৫॥

তাহার পর কৃপাচার্য্য নিশিত ও মর্ম্মভেদী দশটী বাণদ্বারা বিপক্ষবীরহন্তা অর্জ্জুনকে সত্বর বিদ্ধ করিলেন ॥১৬॥

---

(১৫) তৌ রথৌ·· যোৎস্যমানৌ মহাবলৌ—বা ব বা ম ভা,···রুরুচতাং ব্যবস্থিতৌ—প্র। (১৭)···বিদিতং লোকে—প্র।

তানপ্রাপ্তান্ শিতৈর্বাণৈর্নারাচান্ রক্তভোজনান্।
কৃপশ্চিচ্ছেদ পার্থস্য শতশোঽথ সহস্রশঃ ॥১৮॥
ততঃ পার্থস্তু সংক্রুদ্ধঃ শীঘ্রাস্ত্রত্বং প্রদর্শয়ন্।
দিশঃ প্রচ্ছাদয়ন্ বাণৈঃ প্রদিশশ্চ মহারথঃ ॥১৯॥
একচ্ছায়মিবাকাশং কুর্ব্বন্ রথগতঃ প্রভুঃ।
প্রাচ্ছাদয়দমেয়াত্মা পার্থঃ শরশতৈঃ কৃপম্ ॥২০॥

ভারতকৌমুদী

পার্থ ইতি। পার্থোঽপি লোকে বিশ্রুতং বিখ্যাতং পরমায়ুধং গাণ্ডীবম্, বিকৃষ্য আকৃষ্য মর্ম্মভেদিনো বহূন্ নারাচান্ চিক্ষেপ ॥১৭॥

তানিতি। অথ কৃপঃ শিতৈর্বাণৈঃ, অপ্রাপ্তান্ স্বসমীপে অনুপস্থিতানেব রক্তভোজনান্ তান্ পার্থস্য নারাচান্ শতশঃ সহস্রশশ্চ চিচ্ছেদ ॥১৮॥

তত ইতি। ততো মহারথঃ পার্থস্তু সংক্রুদ্ধঃ সন্, শীঘ্রাস্ত্রত্বং প্রদর্শয়ন্, বাণৈর্দিশঃ প্রদিশো বিদিশশ্চ প্রচ্ছাদযন্নাসীৎ। যুগ্মকাঙ্গীকারে পার্থপদস্য পৌনরুক্ত্যং স্যাৎ ॥১৯॥

একেতি। অমেযাত্মা অজ্ঞেযস্বরূপঃ, রথগতঃ, প্রভুর্মহাশক্তিঃ পার্থঃ, শরাণাং শতৈঃ সমূহৈঃ, আকাশম্, একচ্ছাযমিব কুর্ব্বন্ কৃপং প্রাচ্ছাদয়ৎ ॥২০॥

ভারতভাবদীপঃ

দৃষ্ট্বেতি ॥১—২॥ হেমভাণ্ডান্ স্বর্ণালঙ্কারান্ ॥৩—৫॥ মৎস্যঃ উত্তরঃ ॥৬—১০॥ বজ্রঃ অশনিঃ ॥১১—১২॥ মহোদধিজং শঙ্খম্ ॥১৩—১৪॥ রথৌ রথিনৌ ॥১৫—২১॥ কনক-

---

অর্জ্জুনও জগদ্বিখ্যাত পরমায়ুধ গাণ্ডীবধনু আকর্ষণ করিয়া মর্ম্মভেদী বহুতর নারাচ নিক্ষেপ করিলেন ॥১৭॥

তাহার পর অর্জ্জুনের সেই রক্তভোজী নারাচগুলি উপস্থিত না হইতেই, কৃপাচার্য্য নিশিত বাণদ্বারা সেগুলিকে শত শত ও সহস্র সহস্র খণ্ড করিয়া ফেলিলেন ॥১৮॥

তদনন্তর মহারথ অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সত্বর অস্ত্রনিক্ষেপনৈপুণ্য দেখাইতে থাকিয়া বাণদ্বারা দিক্ ও বিদিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥১৯॥

মহাশক্তিশালী ও অজ্ঞেয়স্বভাব অর্জ্জুন রথে থাকিয়া শরসমূহদ্বারা আকাশটাকে যেন একটীমাত্র ছায়াযুক্ত করিয়া কৃপাচার্য্যকে আবৃত করিয়া ফেলিলেন ॥২০॥

---

(১৮) তান্ প্রাপ্তান্ নিশিতৈর্বাণৈঃ—প্র। (১৯) ততঃ পার্থঃ সুসংক্রুদ্ধঃ—ভা,…চিত্রান্ মার্গান্ প্রদর্শয়ন্—বা ব রা ম,…শীঘ্রাস্ত্রত্বং নিদর্শযন্—প্র। (২০)…অকরোৎ সর্ব্বতঃ প্রভুঃ—বা ব রা ম,…প্রচ্ছাদয়ৎ—ভা।

স শরৈরর্দ্দিতঃ ক্রুদ্ধঃ শিতৈরগ্নিশিখোপমৈঃ।
তূর্ণং শতসহস্রেণ পার্থমপ্রতিমৌজসম্ ॥২১॥
অর্দ্দয়িত্বা মহাত্মানং ননাদ সমরে কৃপঃ।
ততঃ কনকপুঙ্খাগ্রৈঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২২॥
ত্বরন্ গাণ্ডীবনির্ম্মুক্তৈরর্জ্জুনস্তস্য বাজিনঃ।
চতুর্ভিশ্চতুরস্তীক্ষ্ণৈরবিধ্যৎ পরমেষুভিঃ ॥২৩॥ (বিশেষকম্)
তে হয়া বিশিখৈর্বিদ্ধা জ্বলদ্ভিঃ পাবকোপমৈঃ।
উৎপেতুঃ সহসা সর্ব্বে কৃপঃ স্থানাদথাচ্যবৎ ॥২৪॥
চ্যুতং তু গৌতমং স্থানাৎ সমীক্ষ্য কুরুনন্দনঃ।
নাবিধ্যৎ পরবীরঘ্নো রক্ষমাণোঽস্য গৌরবম্ ॥২৫॥

ভাবতকৌমুদী

স ইতি। স কৃপশ্চ, অগ্নিশিখোপমৈঃ শিতৈঃ শরৈঃ, অর্দ্দিতঃ, অতএব ক্রুদ্ধঃ সন্, তূর্ণং শরাণাং শতসহস্রেণ সমূহেন, সমরে অপ্রতিমৌজসং মহাত্মানং পার্থম্ অর্দ্দয়িত্বা ননাদ। ততঃ অর্জ্জুনঃ, ত্বরন্ ত্বরমাণঃ সন্, কনকপুঙ্খাগ্রৈঃ, সন্নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপান্তদেশৈঃ, গাণ্ডীবনির্ম্মুক্তৈঃ শরৈঃ, তথা অপরৈঃ তীক্ষ্ণৈঃ চতুর্ভিঃ পরমেষুভির্মহাবাণৈশ্চ, তস্য কৃপস্য, চতুরো বাজিনো ঘোটকান্, অবিধ্যৎ ॥২১—২৩॥

ত ইতি। পাবকোপমৈঃ জ্বলদ্ভিঃ, বিশিখৈর্বাণৈঃ অর্জ্জুনেন বিদ্ধাঃ, তে সর্ব্বে হয়া অশ্বাঃ, সহসা উৎপেতুঃ, অথ তেন চ কৃপঃ স্থানাদচ্যবৎ অস্খলৎ ॥২৪॥

চ্যুতমিতি। পরবীরঘ্নো বিপক্ষবীরহন্তাপি, কুরুনন্দনোঽর্জ্জুনঃ, গৌতমং কৃপম্, স্থানাৎ চ্যুতং সমীক্ষ্য, অস্য কৃপস্য গৌরবম্, রক্ষমাণো রক্ষন্ নাবিধ্যৎ ॥২৫॥

তখন কৃপাচার্য্য অগ্নিশিখাতুল্য নিশিত বাণসমূহদ্বারা পীড়িত ও ক্রুদ্ধ হইয়া সত্বরই বহুতর বাণদ্বারা যুদ্ধে অসাধারণ তেজস্বী ও মহাত্মা অর্জ্জুনকে পীড়ন করিয়া গর্ব্বে সিংহনাদ করিয়া উঠিলেন। তাহার পর অর্জ্জুনও সত্বরই গাণ্ডীবনিক্ষিপ্ত স্বর্ণপুঙ্খ ও সন্নতপর্ব্ব বাণসমূহদ্বারা এবং অপর চারিটা তীক্ষ্ণ মহাবাণদ্বারা কৃপাচার্য্যের চারিটা ঘোড়াকেই বিদ্ধ করিলেন ॥২১—২৩॥

সেই সকল কয়টা ঘোড়াই অগ্নিতুল্য প্রজ্বলিত বাণদ্বারা বিদ্ধ হইয়া তৎক্ষণাৎ লাফাইয়া উঠিল ; তাহাতে কৃপাচার্য্য স্থানভ্রষ্ট হইলেন ॥২৪॥

অর্জ্জুন বিপক্ষবীরহন্তা হইয়াও কৃপাচার্য্যকে স্থানচ্যুত দেখিয়া উঁহার গৌরব রক্ষা করিবার জন্য উঁহাকে আর বিদ্ধ করিলেন না ॥২৫॥

---

(২৪)…নিশিতৈর্বাণৈর্জ্বলদ্ভিরিব পন্নগৈঃ—বা ব রা ম ভা, …স্থানাদবাচ্যবৎ—ভা। (২৫)… নাবিধ্যৎ পরসংবিগ্নঃ—ভা।

স তু লব্ধ্বা পুনঃ স্থানং গৌতমঃ সব্যসাচিনম্।
বিব্যাধ দশভির্বাণৈস্ত্বরিতঃ কঙ্কপত্রিভিঃ ॥২৬॥
ততঃ পার্থো ধনুস্তস্য ভল্লেন নিশিতেন চ।
চিচ্ছেদৈকেন ভূয়শ্চ হস্তাবাপমথাহরৎ ॥২৭॥
তথাস্য কবচং বাণৈর্নিশিতৈর্মর্ম্মভেদিভিঃ।
ব্যধমন্ন চ পার্থোঽস্য শরীরমবপীড়য়ৎ ॥২৮॥
তস্য নির্ম্মুচ্যমানস্য কবচাৎ কায় আবভৌ।
সময়ে মুচ্যমানস্য সর্পস্যেব তনুর্যথা ॥২৯॥
ছিন্নে ধনুষি পার্থেন সোঽন্যদাদায় কার্ম্মুকম্।
চকার গৌতমঃ সজ্যং তদদ্ভুতমিবাভবৎ ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। স গৌতমঃ কৃপস্তু, পুনঃ স্থানং লব্ধ্বা, ত্বরিতঃ সন্, কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষিপক্ষযুক্তৈঃ দশভির্বাণৈঃ, সব্যসাচিনমর্জ্জুনম্, বিব্যাধ ॥২৬॥

তত ইতি। ততঃ পার্থশ্চ, নিশিতেন ভল্লেন, তস্য কৃপস্য ধনুশ্চিচ্ছেদ; অথ ভূয়শ্চ একেন ভল্লেন, হস্তাবাপম্ অঙ্গুলিত্রম্, অহরৎ ছিত্ত্বা অপাতয়ৎ ॥২৭॥

তথেতি। তথা পার্থঃ নিশিতৈর্মর্ম্মভেদিভির্বাণৈঃ, অস্য কৃপস্য কবচম্, ব্যধমৎ ছিত্ত্বা অপাতয়ৎ; কিন্তু অস্য শরীরং ন চাবপীড়য়ৎ। অড়াগমাভাব আর্ষঃ ॥২৮॥

তস্যেতি। কবচাৎ নির্ম্মুচ্যমানস্য বহির্ভবতঃ, তস্য কৃপস্য কায়ঃ শরীরম্, সময়ে যথাকালে, মুচ্যমানস্য নির্ম্মোকাদ্বহির্ভবতঃ সর্পস্য তনুঃ শরীরং যথা, তথা আবভৌ বিররাজ। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥২৯॥

ছিন্ন ইতি। পার্থেন ধনুষি ছিন্নে সতি, স গৌতমঃ কৃপঃ অন্যৎ কার্ম্মুকমাদায়, তৎ সজ্যম্ আরোপিতগুণকং চকার। তচ্চ অদ্ভুতমিব অভবৎ শীঘ্রত্বাৎ ॥৩০॥

কিন্তু কৃপাচার্য্য পুনরায় স্থান লাভ করিয়া সত্বরই কঙ্কপক্ষযুক্ত দশটী বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তাহার পর অর্জ্জুন একটী নিশিত ভল্লদ্বারা কৃপাচার্য্যের ধনু ছেদন করিলেন, পরে আবার আর একটী ভল্লদ্বারা উঁহার অঙ্গুলিত্র ছেদন করিয়া ফেলিলেন ॥২৭॥

এবং অর্জ্জুন নিশিত ও মর্ম্মভেদী কতকগুলি বাণদ্বারা উঁহার কবচ কাটিয়া ফেলিলেন; কিন্তু উঁহার শরীরে কোন আঘাত করিলেন না ॥২৮॥

যথাকালে নির্ম্মোক (খোলস) হইতে নির্গত সর্পের শরীরের ন্যায় কবচ হইতে নির্গত কৃপাচার্য্যের শরীর শোভা পাইতে লাগিল ॥২৯॥

---

(২৭)…চিচ্ছিদে চ ততো ভূয়ঃ—প্র। (২৮) অথাস্য…ব্যা ব রা ম, ততোঽস্য—ভা।

স তদপ্যস্য কৌন্তেয়শ্চিচ্ছেদানতপর্ব্বণা।
এবমন্যানি চাপানি বহূনি কৃতহস্তবৎ।
শারদ্বতস্য চিচ্ছেদ পাণ্ডবঃ পরবীরহা ॥৩১॥
স চ্ছিন্নধনুরাদায় রথাচ্ছক্তিং প্রতাপবান্।
প্রাহিণোৎ পাণ্ডুপুত্রায় প্রদীপ্তামশনীমিব ॥৩২॥
তামর্জ্জুনস্তদায়ান্তীং শক্তিং হেমবিভূষিতাম্।
বিয়দ্গতাং মহোল্কাভাং চিচ্ছেদ দশভিঃ শরৈঃ।
সাপতদ্দশধা চ্ছিন্না ভূমৌ পার্থেন ধীমতা ॥৩৩॥
যুগপচ্চৈব ভল্লৈস্তু ততঃ সজ্যধনুঃ কৃপঃ।
তমাশু নিশিতৈঃ পার্থং বিভেদ দশভিঃ শরৈঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

স ইতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা, কৌন্তেয়ঃ পাণ্ডবশ্চ সোঽর্জ্জুনঃ, আনতপর্ব্বণা একেন বাণেন, অস্য কৃপস্য তৎ কার্ম্মুকমপি চিচ্ছেদ। এবং কৃতহস্তবৎ লঘুহস্তং যথা স্যাত্তথা, শারদ্বতস্য কৃপস্য অন্যানি বহূনি চাপানি চিচ্ছেদ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

স ইতি। প্রতাপবান্ স কৃপঃ, ছিন্নং ধনুর্যস্য স ছিন্নধনুঃ সন্, রথাৎ কাঞ্চিৎ শক্তিমস্ত্রবিশেষমাদায়, প্রদীপ্তাম্ অশনীং বজ্রমিব তাং পাণ্ডুপুত্রায় প্রাহিণোৎ ॥৩২॥

তামিতি তদা অর্জ্জুনঃ, দশভি শরৈঃ, বিয়দ্গতামাকাশস্থিতাম্, মহোল্কাভাম্, হেমবিভূষিতাম্, আযান্তীং তাং শক্তিম্, চিচ্ছেদ। ধীমতা পার্থেন দশধা ছিন্না চ সা শক্তিঃ ভূমৌ অপতৎ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৩॥

অর্জ্জুন ধনু ছেদন করিলে, কৃপাচার্য্য অন্য ধনু লইয়া তাহাতে গুণ আরোপণ করিলেন; সে কার্য্যটা যেন অদ্ভুতই হইল ॥৩০॥

বিপক্ষবীরহন্তা কুন্তীনন্দন অর্জ্জুন আনতপর্ব্ব একটী বাণদ্বারা কৃপাচার্য্যের সে ধনুখানাকেও ছেদন করিলেন। এইভাবে অর্জ্জুন লঘুহস্ততাপ্রযুক্ত কৃপাচার্য্যের অন্যান্য বহুতর ধনুই ছেদন করিলেন ॥৩১॥

ধনুগুলি ছিন্ন হইলে, প্রতাপশালী কৃপাচার্য্য রথ হইতে একটা শক্তি লইয়া, প্রজ্বলিত বজ্রের ন্যায় সেটাকে অর্জ্জুনের প্রতি নিক্ষেপ করিলেন ॥৩২॥

তখন অর্জ্জুন দশটী বাণদ্বারা মহোল্কার ন্যায় উজ্জ্বল, স্বর্ণালঙ্কৃত ও আকাশস্থিত সেই শক্তিটাকে আসিবার কালেই ছেদন করিলেন। বুদ্ধিমান্ অর্জ্জুন দশ খণ্ডে ছিন্ন করিলে, সে শক্তিটা ভূতলে পতিত হইল ॥৩৩॥

---

(৩১) প্রথমার্দ্ধং ভা নাস্তি। স তু তচ্চাস্য···দৃঢ়হস্তবৎ—প্র। (৩২)···রথশক্তিম্—রা ম। (৩৩) তামর্জ্জুনঃ সমাযান্তীম্—ভা। তৃতীয়ার্দ্ধং ভা নাস্তি। (৩৪) যুগমধ্যেন ভল্লৈস্ত—প্র ভা।

ততঃ পার্থো মহাতেজা বিশিখানগ্নিতেজসঃ।
চিক্ষেপ সমরে ক্রুদ্ধস্ত্রয়োদশ শিলাশিতান্ ॥৩৫॥
অথাস্য যুগমেকেন চতুর্ভিশ্চতুরো হয়ান্।
ষষ্ঠেন চ শিরঃ কায়াচ্ছরেণ রথসারথেঃ ॥৩৬॥
ত্রিভিস্ত্রিবেণুং সমরে দ্বাভ্যামক্ষং মহারথঃ।
দ্বাদশেন চ ভল্লেন চকর্ত্তাস্য ধ্বজং তথা ॥৩৭॥
ততো বজ্রনিকাশেন ফাল্গুনঃ প্রহসন্নিব।
ত্রয়োদশেনেন্দ্রসমঃ কৃপং বক্ষস্যবিধ্যত ॥৩৮॥

ভারতকৌমুদী

যুগপদিতি। ততঃ সজ্যধনুঃ আরোপিতগুণকার্ম্মুকঃ কৃপস্তু, ভল্লৈঃ, নিশিতৈর্দশভিঃ শরৈশ্চ, যুগপদেব আশু তং পার্থং বিভেদ ॥৩৪॥

তত ইতি। ততো মহাতেজাঃ পার্থঃ ক্রুদ্ধঃ সন্, সমরে, শিলাশিতান্ অগ্নিতেজসস্ত্রয়োদশ-বিশিখান্ বাণান্ চিক্ষেপ ॥৩৫॥

অথ তেষাং ত্রয়োদশানাং বিশিখানাং কেন কিমকরোদিত্যাহ—অথেতি। অথ পার্থঃ, একেন শরেণ, অস্য কৃপস্য যুগং রথকাষ্ঠবিশেষং চিচ্ছেদ, চতুর্ভিঃ শরৈঃ চতুরো হয়ানশ্বান্ বিব্যাধ, ষষ্ঠেন চ শরেণ রথসারথেঃ কায়াৎ শিরো জহারেতি শেষঃ ॥৩৬॥

ত্রিভিরিতি। মহারথঃ পার্থঃ সমরে, ত্রিভিঃ শরৈঃ ত্রিবেণুম্ ঊর্দ্ধীকৃতবংশদণ্ডত্রয়ম্, দ্বাভ্যাং শরাভ্যাম্ অক্ষং চক্রদ্বয়ম্, তথা দ্বাদশেন ভল্লেন তদাখ্যশরেণ অস্য কৃপস্য ধ্বজঞ্চ চকর্ত্ত চিচ্ছেদ ॥৩৭॥

তত ইতি। ততঃ, ইন্দ্রসমো বীরঃ, ফাল্গুনোঽর্জ্জুনঃ প্রহসন্নিব, বজ্রনিকাশেন বজ্রতুল্যেন ত্রয়োদশেন শরেণ বক্ষসি কৃপমবিধ্যত ॥৩৮॥

তাহার পর কৃপাচার্য্য আর একখানা ধনু লইয়া এবং তাহাতে গুণারোপণ করিয়া একদাই কতকগুলি ভল্ল এবং দশটা নিশিত বাণদ্বারা সত্বর অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৩৪॥

তাহার পর মহাতেজা অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া পাষাণঘর্ষিত অগ্নিতুল্য তেরটী বাণ যুদ্ধে নিক্ষেপ করিলেন ॥৩৫॥

তাহার একটী বাণে কৃপাচার্য্যের রথের যুগকাষ্ঠ ছেদন করিলেন, চারিটী বাণে চারিটী অশ্বকে বিদ্ধ করিলেন এবং ষষ্ঠ বাণদ্বারা সারথির মস্তকটা দেহ হইতে বিচ্ছিন্ন করিলেন ॥৩৬॥

মহারথ অর্জ্জুন যুদ্ধে তিন বাণে কৃপাচার্য্যের রথের ত্রিবেণু, দুই বাণে দুইটা চক্র এবং দ্বাদশ বাণদ্বারা রথের ধ্বজ ছেদন করিলেন ॥৩৭॥

(৩৭)...দ্বাদশেন তু—বা ব রা ম, ...দ্বাদশেনাথ—ভা। (৩৮)...বক্ষস্যতাড়য়ৎ—ভা।

স চ্ছিন্নধন্বা বিবথো হতাশ্বো হতসারথিঃ।
গদাপাণিরবপ্লুত্য তূর্ণং চিক্ষেপ তাং গদাম্ ॥৩৯॥
সা তু মুক্তা গদা গুর্ব্বী কৃপেণ সুপরিষ্কৃতা।
অর্জ্জুনেন শরৈর্নুন্না প্রতিমার্গমথাগমৎ ॥৪০॥
ততো যোধাঃ পরীপ্সন্তঃ শারদ্বতমমর্ষণম্।
সর্ব্বতঃ সমরে পার্থং শরবর্ষৈরবাকিরন্ ॥৪১॥
ততো বিরাটস্য সুতঃ সব্যমাবৃত্য বাজিনঃ।
যমকং মণ্ডলং কৃত্বা তান্ যোধান্ প্রত্যবারয়ৎ ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। ছিন্নধন্বা বিরথো হতাশ্বো হতসারথিশ্চ স কৃপঃ, গদাপাণিঃ সন্, রথাদবপ্লুত্য, তূর্ণমেবার্জ্জুনং প্রতি তাং গদাং চিক্ষেপ ॥৩৯॥

সেতি। অথ কৃপেণ মুক্তা নিক্ষিপ্তা, সুপরিষ্কৃতা অতীববিমলা, গুর্ব্বী মহতী সা গদা তু, অর্জ্জুনেন শরৈর্নুন্না বাধিতা সতী, প্রতিমার্গং বিপরীতপথমগমৎ ॥৪০॥

তত ইতি। ততঃ, যোধাঃ কৃপপক্ষীয়া যোদ্ধারঃ, শারদ্বতং কৃপম্, পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ সন্তঃ, সমরে সর্ব্বতঃ সমন্তাৎ, শরবর্ষৈঃ, অমর্ষণং ক্রুদ্ধম্, পার্থমর্জ্জুনম্, অবাকিরন্ ব্যাপ্তবন্তঃ ॥৪১॥

তত ইতি। ততো বিরাটস্য সুত উত্তরঃ, সব্যং বামং যথা স্যাত্তথা বাজিন আবৃত্য আবর্ত্ত্য, যমকং প্রতিষেধকং মণ্ডলং কৃত্বা, তান্ যোধান্ প্রত্যবারয়ৎ ॥৪২॥

ভাবতভাবদীপঃ

পর্ব্বাগ্রৈঃ কনকলিপ্তফলকৈঃ ॥২২—২৪॥ স্থানং স্থৈর্য্যং সংজ্ঞামিতি যাবৎ ॥২৫—৩৯॥ নুন্না দূরীকৃতা, প্রতিমার্গং বিপরীতমার্গম্, অগমৎ পবাবৃত্তেত্যর্থঃ ॥৪০—৪১॥ অসব্যম্ আবৃত্য

তদনন্তর ইন্দ্রতুল্য মহাবীর অর্জ্জুন হাসিতে হাসিতেই যেন বজ্রতুল্য ত্রয়োদশ রাণদ্বারা কৃপাচার্য্যেব বক্ষস্থল বিদ্ধ কবিলেন ॥৩৮॥

তখন ছিন্নকার্ম্মুক, রথবিহীন, হতাশ্ব ও হতসারথি কৃপাচার্য্য গদা ধাবণ করিয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া সত্ববই অর্জ্জুনেব প্রতি সেই গদা নিক্ষেপ করিলেন ॥৩৯॥

কিন্তু কৃপাচার্য্যনিক্ষিপ্ত নির্ম্মল ও বিশাল সেই গদাটা অর্জ্জুনের বাণে প্রতিহত হইয়া বিপবীত দিকে গমন কবিল ॥৪০॥

তাহাব পর কৃপপক্ষীয় যোদ্ধাবা কৃপকে রক্ষা কবিবাব ইচ্ছায় যুদ্ধে সকল দিক্ হইতে বাণবর্ষণদ্বারা ক্রুদ্ধ অর্জ্জুনকে আবৃত কবিল ॥৪১॥

---

(৪০)...শরৈর্ন্নুন্না...অথো গতা—প্র।

ততঃ কৃপমুপাদায় বিরথং তে নরর্ষভাঃ।
অপজহ্রুর্মহাবেগাঃ কুন্তীপুত্ত্রাদ্ধনঞ্জয়াৎ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে কৃপভঙ্গো নাম দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

কৃপেঽপনীতে দ্রোণস্তু প্রগৃহ্য সশরং ধনুঃ।
অভ্যদ্রবদনাধৃষ্যঃ শোণাশ্বঃ শ্বেতবাহনম্ ॥১॥

ভাবতকৌমুদী

তত ইতি। ততো নরর্ষভাস্তে যোধাঃ, মহাবেগাঃ সন্তঃ, বিরথং কৃপমুপাদায়, কুন্তীপুত্ত্রাৎ ধনঞ্জয়াৎ তৎসম্মুখাৎ, অপজহ্রুঃ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কৃপ ইতি। কৃপে অপনীতে সতি, অনাধৃষ্যো যুদ্ধে অজয্যঃ, শোণা রক্তবর্ণা অশ্বা যস্য স শোণাশ্বশ্চ দ্রোণস্তু, সশরং ধনুঃ প্রগৃহ্য, শ্বেতবাহনমর্জ্জুনম্, অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥১॥

ভারতভাবদীপঃ

অপ্রদক্ষিণং কৃত্বেত্যর্থঃ। যমকং শত্রূণাং নিরোধকং মণ্ডলং কৃত্বা, যস্মিন্ কৃতে শত্রুরপমানিতো লজ্জিতস্তিষ্ঠতি ॥৪২॥ অপজহ্রুর্নীতবন্তঃ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫২॥

তদনন্তর উত্তর বামাবর্ত্তে ঘোড়াগুলিকে ফিরাইয়া নিবর্ত্তক মণ্ডল করিয়া সেই যোদ্ধৃবর্গকে বারণ করিলেন ॥৪২॥

তৎপরে সেই নরশ্রেষ্ঠ যোদ্ধারা রথবিহীন কৃপাচার্য্যকে লইয়া মহাবেগে কুন্তী-নন্দন অর্জ্জুনের সম্মুখ হইতে চলিয়া গেল ॥৪৩॥

---

(৪৩)…রথং তেন নরর্ষভাঃ—ভা।…অপাজগ্মুর্মহাবেগাৎ—প্র ভা। * '…ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ'—প্র, '…সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ'—বা ব রা ম। (১) কৃপেঽপযাতে…বিপুলং ধনুঃ—প্র, …সুমহদ্ধনুঃ। অভিদ্রবৎ—ভা।

স তু রুক্মরথং দৃষ্ট্বা গুরুমায়ান্তমন্তিকাৎ।
অর্জ্জুনো রথিনাং শ্রেষ্ঠ উত্তরং বাক্যমব্রবীৎ ॥২॥
যত্রৈষা কাঞ্চনী বেদী প্রদীপ্তাগ্নিশিখোপমা।
উচ্ছ্রিতা প্রবরে দণ্ডে পতাকাভিরলঙ্কৃতা ॥৩॥
তত্র মাং বহ ভদ্রং তে দ্রোণানীকায় সারথে!।
অশ্বাঃ শোণাঃ প্রকাশন্তে বৃহন্তশ্চারুবাহিনঃ ॥৪॥
স্নিগ্ধবিদ্রুমসঙ্কাশাস্তাম্রাস্যাঃ প্রিয়দর্শনাঃ।
যুক্তা রথবরে যস্য সর্ব্বশিক্ষাবিশারদাঃ ॥৫॥ (বিশেষকম্)
দীর্ঘবাহুর্মহাতেজা বলরূপসমন্বিতঃ।
সর্ব্বলোকেষু বিখ্যাতো ভারদ্বাজঃ প্রতাপবান্ ॥৬॥

ভাবতকৌমুদী

স ইতি। রথিনাং শ্রেষ্ঠঃ সঃ অর্জ্জুনস্তু, রুক্মরথং স্বর্ণময়রথম্, অন্তিকাদন্তিকে আয়ান্তং গুরুং দ্রোণং দৃষ্ট্বা, উত্তরমিদং বাক্যমব্রবীৎ ॥২॥

যত্রেতি। হে সারথে! যত্র স্থানে, পতাকাভিরলঙ্কৃতা, অগ্নিশিখোপমা প্রদীপ্তা প্রজ্বলিতা, এষা কাঞ্চনী স্বর্ণময়ী বেদী, প্রবরে সুদীর্ঘে, দণ্ডে ধ্বজে, উচ্ছ্রিতা উচ্ছ্রিত্য স্থাপিতা, তত্র স্থানে, দ্রোণানীকায় দ্রোণসৈন্যায়, মাং বহ। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ। তং দ্রোণং বিশিনষ্টি—অশ্বা ইতি। যস্য দ্রোণস্য রথবরে যুক্তা বদ্ধাঃ, সর্ব্বাসু শিক্ষাসু সামরিকবিদ্যাসু বিশারদা দক্ষাঃ, প্রিয়দর্শনাঃ, তাম্রাস্যাঃ তাম্রবর্ণমুখাঃ, স্নিগ্ধবিদ্রুমসঙ্কাশা অরূক্ষপ্রবালতুল্যাঃ শোণা রক্তবর্ণাঃ, বৃহন্তো বিশালাঃ, চারু সুন্দরং যথা স্যাত্তথা রথং বহন্তীতি চারুবাহিনশ্চ অশ্বাঃ প্রকাশন্তে ॥৩—৫॥

বৈশম্পায়ন বলিলেন—কৃপাচার্য্যকে লইয়া গেলে, অজেয় ও রক্তাশ্ব দ্রোণাচার্য্য ধনু ও বাণ ধারণ করিয়া অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥১॥

তখন রথিশ্রেষ্ঠ অর্জ্জুন গুরুদেব দ্রোণাচার্য্যকে স্বর্ণরথে আরোহণপূর্ব্বক নিকটে আসিতে দেখিয়া উত্তরকে এই কথা বলিলেন—॥২॥

"সারথি! যেখানে পতাকাশোভিত ও অগ্নিশিখার তুল্য উজ্জ্বল এই স্বর্ণময়ী বেদী অত্যুচ্চ ধ্বজের উপরে উত্তোলিত রহিয়াছে; সেইখানে দ্রোণাচার্য্যের সৈন্যের দিকে আমাকে লইয়া চল। তোমার মঙ্গল হউক। যাঁহার উত্তমরথে সংযুক্ত, সমস্ত সামরিকবিদ্যায় বিশারদ, প্রিয়দর্শন, তাম্রবদন, স্নিগ্ধ প্রবালের ন্যায় রক্তবর্ণ, বিশালাকৃতি ও সুন্দরভাবে রথবাহী অশ্বগণ শোভা পাইতেছে ॥৩—৫॥

---

(২)…জয়তাং শ্রেষ্ঠঃ—বা ব রা ম। (৪)…দ্রোণানীকায় মারিষ!—প্র ভা।

বুদ্ধ্যা তুল্যো হ্যুশনসা বৃহস্পতিসমো নয়ে।
বেদাস্তথৈব চত্বারো ব্রহ্মচর্য্যং তথৈব চ ॥৭॥
সসংহারাণি সর্ব্বাণি দিব্যান্যস্ত্রাণি মারিষ!।
ধনুর্ব্বেদশ্চ কাৎস্ন্যেন যস্মিন্ নিত্যং প্রতিষ্ঠিতঃ ॥৮॥
ক্ষমা দমশ্চ সত্যঞ্চ আনৃশংস্যমথার্জ্জবম্।
এতে চান্যে চ বহবো যস্মিন্ নিত্যং দ্বিজে গুণাঃ ॥৯॥
তেনাহং যোদ্ধুমিচ্ছামি মহাভাগেন সংযুগে।
তস্মাং ত্বং প্রাপয়াচার্য্যং ক্ষিপ্রমুত্তর বাহয় ॥১০॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

দীর্ঘেতি। অযং হি দীর্ঘবাহুঃ, মহাতেজাঃ, বলেন শক্ত্যা রূপেণ সৌন্দর্য্যেণ চ সমন্বিতঃ, সর্ব্বলোকেষু বিখ্যাতঃ প্রতাপবাংশ্চ ভারদ্বাজো দ্রোণঃ ॥৬॥

বুদ্ধ্যেতি। যোঽযং বুদ্ধ্যা উশনসা শুক্রেণ তুল্যঃ, নযে নীতৌ বৃহস্পতিসমঃ। হে মারিষ! আর্য্য। রাজপুত্রেত্যাত্মাননীযেত্যর্থঃ "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ। তথৈব যস্মিন্ নিত্যমেব চত্বারো বেদাঃ প্রতিষ্ঠিতাঃ, তথৈব ব্রহ্মচর্য্যঞ্চ প্রতিষ্ঠিতম্, সংহারেণ নিবর্ত্তনেন সহেতি সসংহারাণি, সর্ব্বাণি দিব্যানি উত্তমানি অস্ত্রাণি প্রতিষ্ঠিতানি, কাৎস্ন্যেন সাকল্যেন ধনুর্ব্বেদশ্চ প্রতিষ্ঠিতঃ। ক্ষমা, দম ইন্দ্রিযনিগ্রহঃ, সত্যম্, আনৃশংস্যং দয়া, অথ আর্জ্জবং সরলতা চ, এতে গুণাঃ অন্যে দাক্ষিণ্যাদয়ো বহবো গুণাশ্চ, যস্মিন্ দ্বিজে ব্রাহ্মণে, নিত্যং প্রতিষ্ঠিতাঃ। তেন মহাভাগেন দ্রোণেন সহ অহং সংযুগে অস্মিন্ সমরে যোদ্ধুমিচ্ছামি। তত্তস্মাৎ, হে উত্তর! ত্বং মাম্ আচার্য্যং প্রাপয, ক্ষিপ্রং বাহয অশ্বাংশ্চালয় ॥৭—১০॥

ইনি দীর্ঘবাহু, মহাতেজা, শক্তি ও সৌন্দর্য্যযুক্ত এবং জগদ্বিখ্যাত প্রতাপশালী দ্রোণাচার্য্য ॥৬॥

যিনি বুদ্ধিতে শুক্রাচার্য্যের তুল্য এবং নীতিতে বৃহস্পতির সমান। আর রাজপুত্র! যাঁহাতে চারিটী বেদ, ব্রহ্মচর্য্য, উপসংহারের সহিত সকল দিব্য অস্ত্র এবং সমগ্র ধনুর্ব্বেদ সর্ব্বদাই প্রতিষ্ঠিত আছে; তা'র পর ক্ষমা, ইন্দ্রিয়দমন, সত্য, দয়া ও সরলতা—এই সকল গুণ এবং আরও বহুতর গুণ যে ব্রাহ্মণে সর্ব্বদা রহিয়াছে, এই যুদ্ধে আমি সেই মহাত্মার সহিত যুদ্ধ করিতে ইচ্ছা করি; সুতরাং উত্তর! তুমি আমাকে সেই দ্রোণাচার্য্যের নিকট লইয়া চল; সত্বর অশ্বগুলিকে চালাইয়া দাও" ॥৭—১০॥

---

(৭)…ব্রহ্মচর্য্যং তথোত্তমম্—ভা। (৮) সন্তিষ্ঠন্তি হি দিব্যানি সর্ব্বাণ্যস্ত্রাণি মারিষ!—ভা।
(১০)…তস্মাত্ত্বম্—বা ভা, …তস্মাত্তম্—রা ম, …ক্ষিপ্রমুত্তর বাহনম্—ভা।

বৈশম্পায়ন উবাচ।

অর্জ্জুনেনৈবমুক্তস্তু বৈরাটির্হেমভূষণান্।
চোদয়ামাস তানশ্বান্ ভারদ্বাজরথং প্রতি ॥১১॥
তমাপতন্তং বেগেন পাণ্ডবং রথিনাং বরম্।
দ্রোণঃ প্রত্যুদ্‌যযৌ পার্থং মত্তো মত্তমিব দ্বিপম্ ॥১২॥
ততঃ প্রাধ্মাপয়চ্ছঙ্খং ভেরীশতনিনাদিনম্।
প্রচুক্ষুভে বলং সর্ব্বমুদ্ধৃত ইব সাগরঃ ॥১৩॥
অথ শোণান্ সদশ্বাংস্তান্ হংসবর্ণৈর্মনোজবৈঃ।
মিশ্রিতান্ সমরে দৃষ্ট্বা ব্যস্ময়ন্ত রণে নরাঃ ॥১৪॥
তৌ রথৌ বীর্য্যসম্পন্নৌ দৃষ্ট্বা সংগ্রামমূর্দ্ধনি।
আচার্য্যশিষ্যাবজিতৌ কৃতবিদ্যৌ মনস্বিনৌ ॥১৫॥

ভারতকৌমুদী

অর্জ্জুনেনেতি। অর্জ্জুনেন এবমুক্তো বৈরাটিরুত্তরস্তু, হেমভূষণান্ তান্ অশ্বান্, ভারদ্বাজস্য দ্রোণস্য রথং প্রতি চোদয়ামাস প্রেরয়ামাস ॥১১॥

তমিতি। দ্রোণঃ, বেগেন আপতন্তমাগচ্ছন্তম্, রথিনাং বরং পাণ্ডবং পার্থম্, মত্তো দ্বিপঃ মত্তমপরং দ্বিপং হস্তিনমিব, প্রত্যুদ্‌যযৌ ॥১২॥

তত ইতি। ততঃ পার্থ ইতি সম্ভবপরত্বাৎ, ভেরীশতনিনাদিনং শঙ্খং প্রাধ্মাপয়ৎ অবাদয়ৎ। তেন চ উদ্ধৃত উদ্বেলিতঃ সাগর ইব, সর্ব্বং বলং প্রচুক্ষুভে বিচচাল ॥১৩॥

অথেতি। অথ রণে সমবেতা নরাঃ, শোণান্ রক্তবর্ণান্ তান্ দ্রোণসম্বন্ধিনঃ সদশ্বান্, হংসবর্ণৈর্মনোজবৈশ্চ অর্জ্জুনাশ্বৈঃ সহ সমরে মিশ্রিতান্ দৃষ্ট্বা ব্যস্ময়ন্ত ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন এইরূপ কহিলে, বিরাটনন্দন উত্তর স্বর্ণভূষিত সেই অশ্বগুলিকে দ্রোণাচার্য্যের রথের দিকে চালাইয়া দিলেন ॥১১॥

রথিশ্রেষ্ঠ অর্জ্জুন বেগে আসিতে লাগিলে, মত্তহস্তী যেমন অপর মত্তহস্তীর প্রত্যুদ্‌গমন করে, সেইরূপ দ্রোণ অর্জ্জুনের প্রত্যুদ্‌গমন করিলেন ॥১২॥

তাহার পর অর্জ্জুন শতভেরীর ন্যায় নিনাদকারী শঙ্খ প্রধ্মাপিত করিলেন (বাজাইলেন); তাহাতে উদ্বেলিত সমুদ্রের ন্যায় সমস্ত সৈন্য বিচলিত হইল ॥১৩॥

তদনন্তর যুদ্ধে সমবেত লোকেরা দ্রোণের সেই রক্তবর্ণ উৎকৃষ্ট অশ্বগুলিকে হংসের ন্যায় শুভ্রবর্ণ ও মনের ন্যায় বেগবান্ অর্জ্জুনের অশ্বগুলির সহিত যুদ্ধে মিলিত দেখিয়া বিস্ময়াপন্ন হইল ॥১৪॥

---

(১১)…নোদয়ামাস তানশ্বান্—ভা। (১৩) ততঃ প্রধ্মাপয়ৎ—ভা, …ভেরীশতনিনাদিতম্ —প্র ভা। (১৪)…বিস্ময়ন্ত রণে—ভা।

সমাশ্লিষ্টৌ তদান্যোন্যং দ্রোণপার্থৌ মহাবলৌ।
দৃষ্ট্বা প্রাকম্পত মুহুর্ভরতানাং মহদ্বলম্ ॥১৬॥ (যুগ্মকম্)
হর্ষযুক্তস্ততঃ পার্থঃ প্রহসন্নিব বীর্য্যবান্।
রথং রথেন দ্রোণস্য সমাসাদ্য মহারথঃ ॥১৭॥
অভিবাদ্য মহাবাহুঃ সান্ত্বপূর্ব্বমিদং বচঃ।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা কৌন্তেয়ঃ পরবীরহা ॥১৮॥ (যুগ্মকম্)
উষিতাঃ স্মো বনে বাসং প্রতিকর্ম্ম চিকীর্ষবঃ।
কোপং নার্হসি নঃ কর্ত্তুং সদা সমরদুর্জ্জয়! ॥১৯॥

ভারতকৌমুদী

তাবিতি। ভরতানাং মহদ্বলং তদ্বিশালং সৈন্যং কর্ত্তৃ, প্রথমং সংগ্রামমূর্দ্ধনি, রথৌ রথারূঢ়ৌ, বীর্য্যসম্পন্নৌ অজিতৌ কৃতবিদ্যৌ মনস্বিনৌ চ তৌ আচার্য্যশিষ্যৌ দৃষ্ট্বা, পরঞ্চ তদৈব মহাবলৌ তৌ দ্রোণপার্থৌ, অন্যোন্যং সমাশ্লিষ্টৌ যুদ্ধায় মিলিতৌ দৃষ্ট্বা মুহুঃ প্রাকম্পত, মহাযুদ্ধসম্ভাবনাদিতি ভাবঃ ॥ ৫—১৬॥

হর্ষেতি। ততো বীর্য্যবান্, পরবীরহা বিপক্ষবীরহন্তা, মহারথো মহাবাহুশ্চ, কৌন্তেয়ঃ পার্থোঽর্জ্জুনঃ, আত্মনো রথেন দ্রোণস্য রথং সমাসাদ্য, হর্ষযুক্তো গুরুদর্শনাদানন্দান্বিতঃ সন্, অভিবাদ্য, প্রহসন্নিব, শ্লক্ষ্ণয়া কোমলয়া বাচা, সান্ত্বপূর্ব্বম্ অনুনয়পূর্ব্বকম্ ইদং বচ উবাচ ॥১৭—১৮॥

উষিতা ইতি। বনে বাসো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা, উষিতাঃ স্থিতাঃ স্মো বয়ম্।

ভারতভাবদীপঃ

রূপ ইতি ॥১—১৩॥ প্রতিদ্বন্দ্বিনোর্দ্রোণার্জ্জুনয়োর্বাজিনাং মিশ্রণেনাতিসান্নিধ্যাদ্বিস্ময়ো জাতঃ ॥১৪—১৫॥ যদা তু তৌ সমাশ্লিষ্টৌ পরস্পরং রথস্থাবেবালিঙ্গিতবন্তৌ তদা ভরতানাং বলং প্রাকম্পৎ দ্রোণোঽর্জ্জুনেন সখ্যং গতোঽস্মানেব প্রহরিষ্যতীতি শঙ্কয়া ॥১৬—১৮॥

সেই বিশাল কৌরবসৈন্য রথারূঢ়, বলবান্, বিজয়ী, কৃতবিদ্য ও মনস্বী গুরু ও শিষ্যকে প্রথমে সমরাঙ্গনে দেখিয়া, পরে আবার তখনই সেই মহাবল দ্রোণ ও অর্জ্জুনকে পরস্পর সম্মিলিত দর্শন করিয়া অনবরত কম্পিত হইতে লাগিল ॥১৫-১৬॥

তাহার পর বলবান্, মহারথ, মহাবাহু ও বিপক্ষবীরহন্তা কুন্তীনন্দন অর্জ্জুন আপন রথে দ্রোণের রথের নিকটে যাইয়া, আনন্দিত হইয়া, অভিবাদন করিয়া হাসিতে হাসিতেই যেন কোমলবাক্যে অনুনয়পূর্ব্বক এই কথা বলিলেন—॥১৭—১৮॥

---

(১৮)… সান্ত্বপূর্ব্বমিদং বচঃ—বা ব সা ন।

অহং তু প্রহৃতে পূর্ব্বং প্রহরিষ্যামি তেঽনঘ।
ইতি মে বর্ত্ততে বুদ্ধিস্তদ্ভবান্ কর্ত্তুমর্হতি ॥২০॥
ততোঽস্মৈ প্রাহিণোদ্দ্রোণঃ শরানধিকবিংশতিম্।
অপ্রাপ্তাংশ্চৈব তান্ পার্থশ্চিচ্ছেদ কৃতহস্তবৎ ॥২১॥
ততঃ শরসহস্রেণ রথং পার্থস্য বীর্য্যবান্।
অবাকিরত্ততো দ্রোণঃ শীঘ্রমস্ত্রং প্রদর্শয়ন্ ॥২২॥
হয়াংশ্চ রজতপ্রখ্যান্ কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ।
অবাকিরদমেয়াত্মা পার্থং সঙ্কোপয়ন্নিব ॥২৩॥

ভাবতকৌমুদী

"বা তু বনেচবাদৌ" ইত্যলুক্সমাসঃ। অতএবেদানীং প্রতিকর্ম্ম শত্রুষু প্রতিক্রিয়াম্, চিকীর্ষবঃ কর্ত্তুমিচ্ছবঃ সন্তঃ, আগতা ইতি শেষঃ। অতএব হে সমবদুর্জ্জয! গুরো! নঃ অস্মাকমুপরি সদৈব কোপং কর্ত্তুং নার্হসি ॥১৯॥

অহমিতি। হে অনঘ! নিষ্পাপ গুরুদেব। তে ত্বয়া পূর্ব্বং ময়ি প্রহৃতে তু অহং ত্বাং প্রহরিষ্যামি। ইতি বুদ্ধির্মে বর্ত্ততে, ভবানপি তৎ কর্ত্তুমর্হতি ॥২০॥

তত ইতি। ততো দ্রোণঃ, অস্মৈ অর্জ্জুনায, অধিকবিংশতিং বিংশতেরধিকান্ শরান্, প্রাহিণোৎ চিক্ষিপৎ। পার্থোঽর্জ্জুনশ্চ, কৃতৌ শিক্ষিতৌ হস্তৌ অস্যাং ক্রিয়াযাং স্ত ইতি কৃতহস্ত-বদ্যথা তথা, লঘুহস্ততানিবন্ধনমিত্যর্থঃ, অপ্রাপ্তান্ অনুপস্থিতানেব তান্ শরান্ চিচ্ছেদ ॥২১॥

তত ইতি। ততঃ পরম্, বীর্য্যবান্ দ্রোণঃ, শীঘ্রমস্ত্রং শীঘ্রাস্ত্রক্ষেপশক্তিং প্রদর্শযন্ সন্, ততঃ স্থানাদেব, শরসহস্রেণ পার্থস্য রথম্, অবাকিরৎ আবৃণোৎ ॥২২॥

"আমবা বনবাস সমাপ্ত করিয়াছি; এখন শত্রুদেব প্রতিশোধ লইবাব ইচ্ছায় আসিয়াছি; অতএব হে সমবদুর্জ্জয় গুরুদেব! আপনি আমাদের উপরে সর্ব্বদাই ক্রোধ করিতে পারেন না ॥১৯॥

কিন্তু হে নিষ্পাপ! আপনি প্রথমে আমাকে প্রহার করিলে, আমি পরে আপনাকে প্রহার করিব, এইরূপই আমার ইচ্ছা রহিয়াছে, সুতবাং আপনি তাহাই করিতে পারেন ॥২০॥

তদনন্তর দ্রোণাচার্য্য অর্জ্জুনের প্রতি কুড়িটাব অধিক বাণ নিক্ষেপ করিলেন। অর্জ্জুনও লঘুহস্ততাপ্রযুক্ত সে বাণগুলি উপস্থিত না হইতেই সেগুলিকে ছেদন করিলেন ॥২১॥

তাহার পর বলবান্ দ্রোণ সত্বর অস্ত্রক্ষেপশক্তি দেখাইতে থাকিয়া সেই স্থান হইতেই বহুসংখ্যক বাণদ্বাবা অর্জ্জুনের রথ আবৃত করিয়া ফেলিলেন ॥২২॥

(২২)...শীঘ্রমস্ত্রং বিদর্শযন্—রা ম।

এবং প্রববৃতে যুদ্ধং ভারদ্বাজকিরীটিনোঃ।
সমং বিমুঞ্চতোঃ সংখ্যে বিশিখান্ দীপ্ততেজসঃ ॥২৪॥
তাবুভৌ খ্যাতকর্ম্মাণাবুভৌ বায়ুসমৌ জবে।
উভৌ দিব্যাস্ত্রবিদ্বাংসাবুভাবুত্তমতেজসৌ।
ক্ষিপন্তৌ শরজালানি মোহয়ামাসতুর্নরান্ ॥২৫॥
ব্যস্ময়ন্ত ততো যোধা যে তত্রাসন্ সমাগতাঃ।
শরান্ বিসৃজতোস্তূর্ণং সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥২৬॥

ভারতকৌমুদী

হযানিতি। অমেয়াত্মা অজ্ঞেযস্বরূপো দ্রোণঃ, পার্থং সঙ্কোপয়ন্নিব, শিলাশিতৈঃ পাষাণঘর্ষণেন সুধারীকৃতৈঃ, কঙ্কপত্রৈর্বাণৈঃ রজতপ্রখ্যান্ রৌপ্যতুল্যাশুভ্রবর্ণান্, হযান্ পার্থস্য অশ্বান্, অবাকিরৎ আচ্ছাদয়ৎ ॥২৩॥

এবমিতি। সংখ্যে যুদ্ধে, সমং সমানমেব, দীপ্ততেজস উজ্জ্বলান্, বিশিখান্ বাণান্, বিমুঞ্চতো-র্নিক্ষিপতোঃ ভারদ্বাজকিরীটিনোর্দ্রোণার্জ্জুনযোঃ, এবং যুদ্ধং প্রববৃতে ॥২৪॥

তাবিতি। তাবুভৌ দ্রোণার্জ্জুনৌ, খ্যাতকর্ম্মাণৌ, প্রসিদ্ধবিক্রমৌ, উভাবেব জবে বেগে বায়ুসমৌ, উভাবেব দিব্যাস্ত্রবিদ্বাংসৌ, উভাবেব উত্তমতেজসৌ। অতএব তৌ শরজালানি ক্ষিপন্তৌ, নরান্ মোহযামাসতুঃ। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥২৫॥

ব্যস্ময়ন্তেতি। ততঃ, তত্র যে সমাগতা আসন্, তে যোধাঃ, ব্যস্ময়ন্ত দ্রোণার্জ্জুনযোর্যুদ্ধ-দর্শনাদ্বিস্মিতা অভবন্। তথা তূর্ণং শরান্ বিসৃজতোর্নিক্ষিপতোস্তযোর্যুদ্ধম্, সাধু সাধু ইতি উক্তেতি শেষঃ, অপূজয়ন্ প্রাশংসন্ ॥২৬॥

এবং অজ্ঞেয়স্বভাব দ্রোণ অর্জ্জুনকে ক্রুদ্ধ করতই যেন শিলাশিত বাণদ্বারা অর্জ্জুনের রৌপ্যতুল্য শুভ্রবর্ণ অশ্বগুলিকেও আবৃত করিলেন ॥২৩॥

যুদ্ধে সমানভাবে উজ্জ্বল-বাণক্ষেপকারী দ্রোণ ও অর্জ্জুনের এইরূপ যুদ্ধ চলিতে লাগিল ॥২৪॥

তাঁহাদের দুই জনেরই বিক্রম প্রসিদ্ধ ছিল, দুই জনই বেগে বায়ুর তুল্য ছিলেন, দুই জনই দিব্য অস্ত্র জানিতেন এবং দুই জনেরই উৎকৃষ্ট তেজ ছিল। তাই তাঁহারা বাণক্ষেপ করিতে থাকিয়া তত্রত্য লোকদিগকে মোহিত করিলেন ॥২৫॥

তৎপরে সেখানে যে সকল যোদ্ধা আসিয়াছিল, তাহারা বিস্মিত হইল এবং বাণক্ষেপকারী দ্রোণ ও অর্জ্জুনের সেই যুদ্ধকে 'সাধু সাধু' বলিয়া প্রশংসা করিতে লাগিল ॥২৬॥

---

(২৪)…সমং বৈ মুঞ্চতোর্যুদ্ধে—প্র। (২৫)…দিব্যাস্ত্রবিদুষৌ—বা ব রা ম ভা, …মোহয়া-মাসতুর্নৃপান্—প্র বা ব রা ম।

দ্রোণং হি সমরে কোঽন্যো যোদ্ধুমর্হতি ফাল্গুনাৎ।
রৌদ্রঃ ক্ষত্রিয়ধর্ম্মোঽয়ং গুরুণা সহ যুধ্যতে।
ইত্যব্রুবন্ জনাস্তত্র সংগ্রামশিরসি স্থিতাঃ ॥২৭॥
বীরৌ তাবতিসংরব্ধৌ সন্নিকৃষ্টৌ মহারথৌ।
ছাদয়েতাং শরব্রাতৈরন্যোন্যমপরাজিতৌ ॥২৮॥
বিস্ফার্য্য সুমহচ্চাপং হেমপৃষ্ঠং দুরাসদম্।
ভারদ্বাজোঽথ সংক্রুদ্ধঃ ফাল্গুনং প্রত্যবিধ্যত ॥২৯॥
স সায়কময়ৈর্জালৈরর্জ্জুনস্য রথং প্রতি।
ভানুমদ্ভিঃ শিলাধৌতৈর্ভানোঃ প্রাচ্ছাদয়ৎ প্রভাম্ ॥৩০॥

ভারতকৌমুদী

দ্রোণমিতি। ফাল্গুনাদর্জ্জুনাৎ অন্যঃ কো হি জনঃ, সমরে দ্রোণম্, যোদ্ধুং প্রহর্ত্তুমর্হতি, অপি তু কোঽপি নেত্যর্থঃ। শিষ্যো গুরুণা সহ যদ্যুধ্যতে, অয়ং ক্ষত্রিয়ধর্ম্মো রৌদ্র এব। তত্র তদানীং সংগ্রামশিরসি স্থিতা জনা ইত্যব্রুবন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

বীরাবিতি। অতিসংরব্ধৌ অতীবক্রুদ্ধৌ, সন্নিকৃষ্টৌ মহারথৌ অপরাজিতৌ চ তৌ বীরৌ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ, অন্যোন্যং ছাদয়েতাং ছাদিতবন্তৌ ॥২৮॥

বিস্ফার্য্যেতি। অথ সংক্রুদ্ধো ভারদ্বাজো দ্রোণঃ, হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠং দুরাসদং সুমহচ্চাপম্, বিস্ফার্য্য বিস্তার্য্য, ফাল্গুনমর্জ্জুনং প্রত্যবিধ্যত ॥২৯॥

স ইতি। স ভারদ্বাজঃ, শিলায়াং ধৌতৈর্ঘর্ষণেন পরিষ্কৃতৈঃ, অতএব ভানুমদ্ভিঃ কিরণ-

ভারতভাবদীপঃ

প্রতিকর্ম্ম শত্রূণামপকারম্ ॥১৯—২০॥ কৃতহস্তবৎ সুশিক্ষিতহস্তযুক্তং যথা স্যাত্তথা চিচ্ছেদ ॥২১—২৩॥ সমমবিশেষেণ ॥২৪॥ বিদ্ধ্যেতৌ বিদ্ধবন্তৌ ॥২৫—২৯॥ শিলাধৌতৈর্দৃষদি

'অর্জ্জুনভিন্ন অন্য কোন্ লোক যুদ্ধে দ্রোণাচার্য্যকে প্রহার করিতে পারে ?। তবে অর্জ্জুন যে শিষ্য হইয়া গুরুর সহিত যুদ্ধ করিতেছেন, এই ক্ষত্রিয়ধর্ম্মটা ভয়ঙ্কর বটে'। তখন যুদ্ধস্থিত লোকেরা এইরূপ বলিতে লাগিল ॥২৭॥

ক্রমে অতিক্রুদ্ধ, নিকটবর্ত্তী, মহারথ ও অপরাজিত সেই বীরেরা দুইজনই শর-সমূহদ্বারা পরস্পরকে আবৃত করিলেন ॥২৮॥

তৎপরে অতিক্রুদ্ধ দ্রোণ স্বর্ণখচিত, দুর্দ্ধর্ষ ও অতিবিশাল ধনু বিস্তৃত করিয়া অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥২৯॥

(২৭)…গুরুণা যদ্যুধ্যত—প্র বা ব রা ম। (২৮)…অভিসংরব্ধৌ—প্র বা ব রা ম, … সন্নিকৃষ্টৌ মহাভুজৌ—বা ব রা ম। (২৯)…সংক্রুদ্ধোঽথ ভরদ্বাজঃ ফাল্গুনং প্রত্যযুধ্যত—প্র। (৩০) পার্থং স সুমহাবাহুর্বেগেন চ—ভা।

পার্থঞ্চ স মহাবাহুর্মহাবেগৈর্মহারথঃ।
বিব্যাধ নিশিতৈর্বাণৈর্মেঘো বৃষ্ট্যেব পর্ব্বতম্ ॥৩১॥
তথৈব দিব্যং গাণ্ডীবং ধনুরাদায় ফাল্গুনঃ।
শত্রুঘ্নং বেগবান্ হৃষ্টো ভারসাধনমুত্তমম্।
বিসসর্জ্জ শরাংশ্চিত্রান্ সুবর্ণবিকৃতান্ বহূন্ ॥৩২॥
নাশয়ন্ শরবর্ষাণি ভারদ্বাজস্য বীর্য্যবান্।
তূর্ণং চাপবিনির্ম্মুক্তৈস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩৩॥ (যুগ্মকম্)
স রথেন চরন্ পার্থঃ প্রেক্ষণীয়ো ধনঞ্জয়ঃ।
যুগপদ্দিক্ষু সর্ব্বাসু সর্ব্বশস্ত্রাণ্যদর্শয়ৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

বদ্ভিঃ, সায়কময়ৈর্বাণময়ৈর্জালৈঃ, অর্জ্জুনস্য রথং প্রতি তদুপবিদেশ ইত্যর্থঃ, ভানোঃ সূর্য্যস্য প্রভাং প্রাচ্ছাদয়ৎ ॥৩০॥

পার্থমিতি। কিঞ্চেতি চার্থঃ। মহাবাহুর্মহারথশ্চ স ভারদ্বাজঃ, মহান্ বেগো যেষাং তৈঃ, নিশিতৈর্বাণৈঃ, মেঘো বৃষ্ট্যা পর্ব্বতমিব, পার্থং বিব্যাধ ॥৩১॥

তথেতি। তথৈব বীর্য্যবান্ ফাল্গুনোঽর্জ্জুনঃ, বেগবান্ হৃষ্টশ্চ সন্, শত্রুঘ্নম্, ভারসাধনং দুষ্কর-কার্য্যসাধকম্, দিব্যং স্বর্গীয়ম্, অতএবোত্তমঞ্চ, গাণ্ডীবং ধনুরাদায়, তচ্চাপবিনির্ম্মুক্তৈঃ শরৈঃ, ভারদ্বাজস্য দ্রোণস্য, শরবর্ষাণি তূর্ণং নাশয়ন্ সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্, অতএব চিত্রান্ বহূন্ শরান্ বিসসর্জ্জ। তদর্জ্জুনস্য কার্য্যমদ্ভুতমিবাভবৎ। দ্বাত্রিংশঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥৩২—৩৩॥

স ইতি। প্রেক্ষণীয়ঃ সুদৃশ্যমূর্ত্তিঃ, পার্থঃ পৃথাপুত্রঃ স ধনঞ্জয়ঃ, রথেন চরন্ সন্, যুগপদেকদৈব, সর্ব্বাসু দিক্ষু সর্ব্বশস্ত্রাণি অদর্শয়ৎ ॥৩৪॥

এবং তিনি শিলাপরিষ্কৃত ও উজ্জ্বল বাণময় জালদ্বারা অর্জ্জুনের রথের উপরে সূর্য্যের আলোক নিবারিত করিয়া ফেলিলেন ॥৩০॥

আর, মহাবাহু ও মহারথ দ্রোণাচার্য্য—মেঘ যেমন বৃষ্টিদ্বারা পর্ব্বত বিদ্ধ করে, সেইরূপ মহাবেগশালী নিশিত বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৩১॥

সেইরূপই বলবান্ অর্জ্জুনও বেগবান্ এবং হৃষ্ট হইয়া, শত্রুনাশক, দুষ্করকার্য্যসাধক, দিব্য ও উত্তম গাণ্ডীবধনু লইয়া, সেই ধনু হইতে বিমুক্ত বাণদ্বারা সত্বরই দ্রোণের শরবৃষ্টি বিনাশ করিবেন বলিয়া, স্বর্ণখচিত ও বিচিত্র বহুতর বাণ নিক্ষেপ করিলেন; অর্জ্জুনের সেই কার্য্য যেন অদ্ভুতের ন্যায় হইল ॥৩২—৩৩॥

---

(৩২)…বেগবদ্ধৃষ্টঃ—প্র ভা। (৩৩)…শময়ন্ শরবর্ষাণি—ব। (৩৪)…সর্ব্বশোঽস্ত্রাণ্য-দর্শয়ৎ—ভা।

একচ্ছায়মিবাকাশং বাণৈশ্চক্রে ধনঞ্জয়ঃ।
নাদৃশ্যত তদা দ্রোণো নীহারেণেব সংবৃতঃ ॥৩৫॥
তস্যাভবত্তদা রূপং সংবৃতস্য শরোত্তমৈঃ।
জাজ্বল্যমানস্য যথা পর্ব্বতস্যেব সর্ব্বতঃ ॥৩৬॥
দৃষ্ট্বা তু পার্থস্য রণে শরৈঃ স্বরথমাবৃতম্।
স বিস্ফার্য্য ধনুঃশ্রেষ্ঠং মেঘস্তনিতনিস্বনম্ ॥৩৭॥
অগ্নিচক্রোপমং ঘোরং বিকর্ষন্ পরমায়ুধম্।
ব্যশাতয়চ্ছরাংস্তাংস্তু দ্রোণঃ সমিতিশোভনঃ।
মহানভূত্ততঃ শব্দো বংশানামিব দহ্যতাম্ ॥৩৮॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

একেতি। ধনঞ্জয়ো বাণৈঃ আকাশম্ একচ্ছায়মিব চক্রে, অবকাশারক্ষণাদিতি ভাবঃ। তদা চ দ্রোণো নীহারেণ সংবৃত ইব সন্ ন অদৃশ্যত ॥৩৫॥

তস্যেতি। তদা শরোত্তমৈঃ সংবৃতস্য তস্য দ্রোণস্য রূপম্, সর্ব্বতো জাজ্বল্যমানস্য ভৃশং জ্বলিতস্য পর্ব্বতস্য রূপং যথা তথা অভবৎ। ইবশব্দঃ সম্ভাবনাযাম্ ॥৩৬॥

দৃষ্ট্বেতি। সমিতিং সমরাঙ্গনং স্ববীরশ্রিয়া শোভযতীতি সমিতিশোভনঃ, "সমিত্যাজি-সমিদ্যুধঃ" ইত্যমরঃ, স দ্রোণস্তু, রণে স্বরথম্, পার্থস্য শরৈরাবৃতং দৃষ্ট্বা, মেঘস্য স্তনিতং গর্জ্জিতমিব নিস্বনঃ শব্দো যস্য তৎ, অগ্নিচক্রোপমং ঘোরং পরমায়ুধঞ্চ ধনুঃশ্রেষ্ঠম্, বিস্ফার্য্য বিস্তীর্য্য, বিকর্ষন্ আকর্ষন্, তান্ পার্থনিক্ষিপ্তান্ শরান্, ব্যশাতয়ৎ ব্যনাশযৎ। ততঃ, দহ্যতাং দহ্যমানানাং বংশানাং শব্দ ইব, মহান্ শব্দঃ অভূৎ। অষ্টত্রিংশত্তমঃ শ্লোকঃ ষট্-পাদঃ ॥৩৭—৩৮॥

এবং সুদৃশ্যমূর্ত্তি পৃথানন্দন অর্জ্জুন রথে বিচরণ করিতে থাকিয়া একদাই সকল দিকে সকল অস্ত্র প্রকাশ করিলেন ॥৩৪॥

আর অর্জ্জুন বাণদ্বারা আকাশটাকে যেন একটামাত্র-চ্ছায়াযুক্ত করিয়া ফেলিলেন। তখন দ্রোণ যেন তুষারে আবৃত হইয়া দৃষ্টিগোচর হইলেন না ॥৩৫॥

এবং তখন বাণজালে আবৃত দ্রোণের আকৃতিটা যেন সকল দিকে প্রজ্বলিত পর্ব্বতের আকৃতির ন্যায় হইয়া পড়িল ॥৩৬॥

সমরাঙ্গনের শোভাকারী দ্রোণাচার্য্য যুদ্ধে নিজের রথখানাকে অর্জ্জুনের বাণে আবৃত দেখিয়া মেঘের ন্যায় গম্ভীরশব্দকারী ও অগ্নিচক্রের ন্যায় ভয়ঙ্কর শ্রেষ্ঠ অস্ত্র উত্তম ধনু বিস্ফারিত করিয়া আকর্ষণ করতঃ শরনিক্ষেপদ্বারা অর্জ্জুনের

---

(৩৬)...জাজ্বল্যমানস্য তদা—প্র বা ব রা ম, ...পর্ব্বতস্যেব সর্ব্বশঃ—ভা। (৩৮) অগ্নিচক্রোপমং ঘোরম্—প্র, ...বাকর্ষৎ পরমায়ুধম্—বা ব রা ম, ...বিকর্ষৎ পরমায়ুধম্—ভা।

জাম্বূনদময়ৈঃ পুঙ্খৈশ্চিত্রচাপবিনির্গতৈঃ।
প্রাচ্ছাদয়দমেয়াত্মা দিশঃ সূর্য্যস্য চ প্রভাম্ ॥৩৯॥
ততঃ কনকপুঙ্খানাং শরাণাং নতপর্ব্বণাম্।
বিয়চ্চরাণাং বিয়তি দৃশ্যন্তে বহবো ব্রজাঃ ॥৪০॥
দ্রোণস্য পুঙ্খসক্তাশ্চ প্রভবন্তঃ শরাসনাৎ।
একো দীর্ঘ ইবাদৃশ্যদাকাশে সংহতঃ শরঃ ॥৪১॥
এবং তৌ স্বর্ণবিকৃতান্ বিমুঞ্চন্তৌ মহাশরান্।
আকাশং সংবৃতং বীরাবুল্কাভিরিব চক্রতুঃ ॥৪২॥

ভারতকৌমুদী

জাম্বূনদেতি। অমেয়াত্মা অজ্ঞেয়স্বরূপো দ্রোণঃ, চিত্রাচ্চাপাদ্বিনির্গতৈঃ, জাম্বূনদময়ৈঃ স্বর্ণখচিতৈঃ, পুঙ্খৈঃ শরৈঃ, দিশঃ সূর্য্যস্য প্রভাঞ্চ প্রাচ্ছাদয়ৎ ॥৩৯॥

তত ইতি। ততো বিয়তি আকাশে, কনকপুঙ্খানাম্, নতপর্ব্বণাম্, ঈষদ্বক্রপ্রান্তানাম্, বিয়চ্চরাণাং শরাণাম্, বহবো ব্রজাঃ শ্রেণয়ো দৃশ্যন্তে স্ম ॥৪০॥

দ্রোণস্যেতি। দ্রোণস্য শরাসনাৎ কার্ম্মুকাৎ, প্রভবন্ত আবির্ভবন্তঃ শরাশ্চ, পুঙ্খসক্তাঃ পুঙ্খে পুঙ্খে লগ্না অভবন্নিতি শেষঃ। অতএব আকাশে একো দীর্ঘঃ শর ইব, সংহতঃ সম্মিলিতঃ শরসমূহঃ, অদৃশ্যৎ অদৃশ্যত লোকৈরিতি শেষঃ ॥৪১॥

এবমিতি। তৌ বীরৌ দ্রোণার্জ্জুনৌ, স্বর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্ মহাশরান্, এবং বিমুঞ্চন্তৌ সন্তৌ, উল্কাভিরিব আকাশং সংবৃতং চক্রতুঃ ॥৪২॥

সেই শরসমূহ বিনষ্ট করিতে লাগিলেন। তখন দহ্যমান বংশের শব্দের ন্যায় গুরুতর শব্দ হইতে থাকিল ॥৩৭—৩৮॥

তৎপরে অজ্ঞেয়স্বভাব দ্রোণ আপন ধনু হইতে নির্গত স্বর্ণখচিত বাণদ্বারা সকল দিক্ আবৃত ও সূর্য্যের আলোক নিবারিত করিলেন ॥৩৯॥

তাহার পর স্বর্ণপুঙ্খ, নতপর্ব্ব ও আকাশচর বাণসমূহের বহুতর শ্রেণী আকাশে দেখা যাইতে লাগিল ॥৪০॥

তখন দ্রোণের ধনু হইতে বাণ সকল পুঙ্খে পুঙ্খে সংলগ্ন হইয়া নির্গত হইতে লাগিল; তাহাতে আকাশে একটা দীর্ঘবাণের ন্যায় সেই পরস্পরসংলগ্ন শরগুলিকে দেখা যাইতে থাকিল ॥৪১॥

---

(৩৯)···চিত্রচাপবরাতিগৈঃ—প্র ভা। (৪১) একো দীর্ঘ ইবাদৃশ্যতাকাশে সংবৃতঃ শরঃ —প্র।

শরাস্তয়োস্তু বিবভুঃ কঙ্কবর্হিণবাসসঃ।
পঙ্‌ক্ত্যঃ শরদি খস্থানাং হংসানাং চরতামিব ॥৪৩॥
যুদ্ধং সমভবত্তত্র সুসংরব্ধং মহাত্মনোঃ।
দ্রোণপাণ্ডবয়োর্ঘোরং বৃত্রবাসবয়োরিব ॥৪৪॥
তৌ গজাবিব সংক্রুদ্ধৌ বিষাণাগ্রৈঃ পরস্পরম্।
শরৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥৪৫॥
তৌ ব্যবাহরতাং যুদ্ধে সংরব্ধৌ রণশোভিনৌ।
উদীরয়ন্তৌ সমরে দিব্যান্যস্ত্রাণি ভাগশঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

শরা ইতি। কঙ্কবর্হিণাঃ কঙ্কপক্ষিময়ূরপক্ষিপক্ষা বাসাংসি আচ্ছাদকা যেষাং তে তাদৃশাঃ, তযোর্দ্রোণার্জ্জুনয়োঃ শরাঃ, শরদি শরৎকালে, চরতাং খস্থানাম্ আকাশবর্ত্তিনাং হংসানাং পঙ্‌ক্ত্যঃ শ্রেণয় ইব, বিবভুঃ বিরেজিরে ॥৪৩॥

যুদ্ধমিতি। বৃত্রবাসবযোরিব, তত্র তদানীম্, মহাত্মনোর্দ্রোণপাণ্ডবয়োঃ, সুমহৎ সংবব্ধং ক্রোধো যস্মিন্ তৎ তাদৃশং ঘোরঞ্চ যুদ্ধং সমভবৎ ॥৪৪॥

তাবিতি। সংক্রুদ্ধৌ গজৌ, বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ পরস্পরমিব, তৌ দ্রোণার্জ্জুনৌ, পূর্ণম্ আযতেন আকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ শরৈঃ, অন্যোন্যম্, অভিজঘ্নতুঃ ॥৪৫॥

তাবিতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ রণশোভিনৌ চ, দ্রোণার্জ্জুনৌ, সমরে, ভাগশঃ স্বস্বভিন্ন-দেশে, দিব্যান্যস্ত্রাণি, উদীরযন্তৌ নিক্ষিপন্তৌ সন্তৌ, যুদ্ধে ব্যবাহরতাং মহাবীরব্যবহারমেব অকুরুতাম্ ॥৪৬॥

সেই বীরেরা দুই জনই এইভাবে স্বর্ণখচিত মহাবাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া উল্কাদ্বারাই যেন আকাশটাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৪২॥

তাঁহাদের বাণগুলি কঙ্কপক্ষী ও ময়ূরপক্ষীর পক্ষযুক্ত ছিল, সুতরাং শরৎকালে আকাশচারী হংসশ্রেণীর ন্যায় সেগুলি শোভা পাইতে লাগিল ॥৪৩॥

পূর্ব্বকালে বৃত্রাসুর ও ইন্দ্রের যেমন যুদ্ধ হইয়াছিল, তখন মহাত্মা দ্রোণ এবং অর্জ্জুনের যুদ্ধও অত্যন্ত ক্রোধপ্রযুক্ত সেইরূপ ভয়ঙ্করভাবেই হইতে লাগিল ॥৪৪॥

দুইটা হাতী যেমন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দন্তাগ্রদ্বারা পরস্পরকে আঘাত করে, সেইরূপ দ্রোণ ও অর্জ্জুন পূর্ণ আকৃষ্ট ধনু হইতে বিযুক্ত বাণদ্বারা পরস্পরকে আঘাত করিতে লাগিলেন ॥৪৫॥

---

(৪৩)...পঙ্‌ক্তয়ঃ শিরসিস্থানাম্—ভা। (৪৫) তৌ গজাবিব চাসাদ্য—বা ব র। ম ভা।

অথ ত্বাচার্য্যমুখ্যেন শরান্ সৃষ্টান্ শিলাশিতান্ ।
ন্যবারয়চ্ছিতৈর্বাণৈরর্জ্জুনো জয়তাং বরঃ ॥৪৭॥
দর্শয়ন্ বীক্ষমাণানামস্ত্রমুগ্রপরাক্রমঃ ।
ইষুভিস্তূর্ণমাকাশং বহুভিশ্চ সমাবৃণোৎ ॥৪৮॥ (যুগ্মকম্)
জিঘাংসন্তং নরব্যাঘ্রমর্জ্জুনং তিগ্মতেজসম্ ।
আচার্য্যমুখ্যঃ সমরে দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ ।
অর্জ্জুনেন সহাক্রীড়ন্ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৪৯॥
দিব্যান্যস্ত্রাণি বর্ষন্তং তস্মিন্ বৈ তুমুলে রণে ।
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য ফাল্গুনং সমযোধয়ৎ ॥৫০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। অথ, উগ্রো ভয়ঙ্করঃ পরাক্রমো যস্য সঃ, অতএব জয়তাং বরঃ অর্জ্জুনঃ, শিতৈঃ সুধারৈর্ব্বাণৈঃ, আচার্য্যমুখ্যেন দ্রোণেন, সৃষ্টান্ নিক্ষিপ্তান্, শিলাশিতান্ শিলায়াং ঘর্ষণেন সুধারী-কৃতান্ শরান্ ন্যবারয়ৎ, তথা বীক্ষমাণানাং জনানাং সমীপে অস্ত্রং দর্শয়ন্ সন্, বহুভিঃ ইষুভির্ব্বাণৈঃ তূর্ণম্ আকাশং সমাবৃণোচ্চ ॥৪৭—৪৮॥

জিঘাংসন্তমিতি। আচার্য্যমুখ্যঃ শস্ত্রভৃতাং বরশ্চ দ্রোণঃ, সন্নতপর্ব্বভির্বক্রপ্রান্তৈঃ শরৈঃ, সমরে অর্জ্জুনেন সহ, আক্রীড়ন্ খেলাং কুর্ব্বন্নিব স্বকীয়ৈরস্ত্রৈঃ, অর্জ্জুনস্যাস্ত্রাণি সংবার্য্য, তস্মিন্ তুমুলে রণে, দিব্যানি অস্ত্রাণি বর্ষন্তম্, তিগ্মতেজসম্, জিঘাংসন্তং হন্তুমিচ্ছন্তম্, নরব্যাঘ্রম্, ফাল্গুনং তদ্রূপাপরপর্য্যায়ম্ অর্জ্জুনম্, সমযোধয়ৎ। ঊনপঞ্চাশত্তমঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥৪৯—৫০॥

ভারতভাবদীপঃ

তেজিতৈঃ ॥২৯—৩১॥ ভাবসাধনং শত্রুমর্দ্দনক্ষমম্ অচ্ছেদ্যমিত্যর্থঃ ॥৩২—৪৪॥ বিষাণাগ্রৈ-র্দন্তাগ্রৈঃ ॥৪৫॥ ব্যবহরতাং ব্যবহারং ধর্ম্মযুদ্ধং কৃতবন্তৌ ॥৪৬—৪৭॥ জিঘাংসতাপ্যর্জ্জুনেন

সমরশোভী দ্রোণ ও অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধের অপর দিকে দিব্য অস্ত্র সকল নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধে মহাবীরের ব্যবহারই করিতে লাগিলেন ॥৪৬॥

তাহার পর, ভয়ঙ্করপরাক্রমশালী ও বিজয়িশ্রেষ্ঠ অর্জ্জুন নিশিত বাণসমূহদ্বারা দ্রোণনিক্ষিপ্ত শিলাশিত বাণসমূহকে নিবারণ করিলেন এবং দর্শকদিগকে অস্ত্র দেখাইতে থাকিয়া বহুতর বাণদ্বারা সত্বরই আকাশটাকে আবার আবৃত করিয়া ফেলিলেন ॥৪৭—৪৮॥

তখন আচার্য্যপ্রধান ও শস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ আনতপর্ব্ব শরসমূহদ্বারা যুদ্ধে

(৪৭) অথ আচার্য্যমুখ্যেন শরান্ সৃষ্টান্ শরাসনাৎ। নিবারয়ৎ—ভা। (৪৮) শ্লোকঃ প্র নাস্তি। (৪৯) প্রথমার্দ্ধং প্র নাস্তি। (৫০, দিব্যান্যস্ত্রাণি চ দ্রোণঃ প্রমুক্তন্তং মহারণে—প্র, দিব্যাস্ত্রাণি বিমুঞ্চন্তং ভারদ্বাজং মহারণে...ফাল্গুনঃ সমযোধয়ৎ—ভা।

তয়োরাসীৎ সংপ্রহারঃ ক্রুদ্ধয়োর্নরসিংহয়োঃ।
অমর্ষিণোস্তদাঽন্যোন্যং দেবদানবয়োরিব ॥৫১॥
ঐন্দ্রং বায়ব্যমাগ্নেয়মস্ত্রমস্ত্রেণ পাণ্ডবঃ।
দ্রোণেন মুক্তং মুক্তন্তু গ্রসতি স্ম পুনঃ পুনঃ ॥৫২॥
এবং শূরৌ মহেষ্বাসৌ বিসৃজন্তৌ শরান্ শিতান্।
একচ্ছায়ং চক্রতুস্তাবাকাশং শরবৃষ্টিভিঃ ॥৫৩॥
ততোঽর্জ্জুনেন মুক্তানাং পততাঞ্চ শরীরিষু।
পর্ব্বতেষ্বিব বজ্রাণাং শরাণাং শ্রূয়তে ধ্বনিঃ ॥৫৪॥

ভাবতকৌমুদী

তয়োরিতি। ক্রুদ্ধয়োঃ, অমর্ষিণোঃ পরোৎকর্ষমসহমানয়োশ্চ, নরসিংহয়োস্তয়োর্দ্রোণার্জ্জুনযোঃ, তদা দেবদানবযোরিব, অন্যোন্যং সংপ্রহাবো যুদ্ধমাসীৎ ॥৫১॥

ঐন্দ্রমিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ, অস্ত্রেণ অনুরূপেণেত্যাশযঃ, দ্রোণেন মুক্তং মুক্তন্তু, বীপ্সায়াং দ্বিরুক্তিঃ, ঐন্দ্রং বাযব্যম্ আগ্নেয়ঞ্চাস্ত্রম্, পুনঃ পুনঃ, গ্রসতি স্ম গ্রাসবৎ বিলুম্পতি স্ম ব্যনাশয়দিত্যর্থঃ ॥৫২॥

এবমিতি। শূরৌ মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ চ তৌ দ্রোণার্জ্জুনৌ, এবং শিতান্ শরান্ বিসৃজন্তৌ সন্তৌ, শরবৃষ্টিভিঃ আকাশমেকচ্ছায়ং চক্রতুঃ ॥৫৩॥

অর্জ্জুনেব সহিত খেলা কবিতে থাকিয়াই যেন, আপন অস্ত্রদ্বাবা অর্জ্জুনেব অস্ত্র নিবাবণ করিয়া, সেই তুমুল যুদ্ধে দিব্যাস্ত্রবর্ষণকারী, তীক্ষ্ণতেজা ও বধাভিলাষী নবশ্রেষ্ঠ অর্জ্জুনের সহিত যুদ্ধ কবিতে লাগিলেন ॥৪৯—৫০॥

তখন দেব ও দানবের যুদ্ধেব ন্যায় ক্রুদ্ধ ও অসহিষ্ণু নবশ্রেষ্ঠ দ্রোণ এবং অর্জ্জুনের পবস্পর যুদ্ধ হইতে লাগিল ॥৫১॥

দ্রোণাচার্য্য যখন যখন ঐন্দ্র, বাযব্য ও আগ্নেয় অস্ত্র নিক্ষেপ কবিতে লাগিলেন ; অর্জ্জুনও তখন তখনই অনুরূপ অস্ত্রদ্বাবা বাব বাব সেগুলিকে বিনষ্ট কবিতে থাকিলেন ॥৫২॥

মহাবীর ও মহাধনুর্দ্ধব দ্রোণ ও অর্জ্জুন এইভাবে নিশিত বাণসমূহ নিক্ষেপ কবিতে থাকিয়া সেই বাণবৃষ্টিদ্বারা আকাশটাকে যেন একটা ছাযাযুক্ত কবিযা ফেলিলেন ॥৫৩॥

তাহাব পব পর্ব্বতেব উপবে বজ্র পড়িবাব সময়ে যেমন শব্দ শুনা যায়, সেই-

---

(৫১)…জয়েবিণোস্তদান্যোন্যম্—ভা। (৫২)…দ্রোণেন মুক্তমাত্রন্ত—বা ব রা ম,…মুক্তং মুক্তঞ্চ—ভা। (৫৩,…শরাংস্তদা—ভা। (৫৪)…পততাং বৈ…শ্রূয়তে স্বনঃ—বা ব রা ম ভা।

ততো নাগা রথাশ্চৈব সাদিনশ্চ বিশাংপতে।।
শোণিতাক্তা ব্যদৃশ্যন্ত পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥৫৫॥
বাহুভিশ্চ সকেয়ূরৈর্বিচক্রৈশ্চ মহারথৈঃ।
সুবর্ণচিত্রৈঃ কবচৈর্ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ ॥৫৬॥
যোধৈশ্চ নিহতৈস্তত্র পার্থবাণপ্রপীড়িতৈঃ।
বলমাসীৎ সমুদ্‌ভ্রান্তং দ্রোণার্জ্জুনসমাগমে ॥৫৭॥ (যুগ্মকম্)
বিধুন্বানৌ তু তৌ তত্র ধনুষী ভারসাধনে।
আচ্ছাদয়েতামন্যোন্যং ততক্ষতুরথেষুভিঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ অর্জ্জুনেন মুক্তানাম্, শরীরিষু কৌরবসৈন্যেষু পততাঞ্চ শরাণাম্, পর্ব্বতেষু পততাং বজ্রাণামিব, ধ্বনিঃ শ্রূয়তে স্ম ॥৫৪॥

তত ইতি। হে বিশাংপতে। ততঃ শোণিতাক্তা অর্জ্জুনশরাঘাতাৎ রক্তাক্তাঃ নাগা হস্তিনঃ, রথাশ্চ, সাদিন আরোহিণশ্চ, পুষ্পিতাঃ কিংশুকা বৃক্ষা ইব ব্যদৃশ্যন্ত ॥৫৫॥

বাহুভিরিতি। বিনিপাতিতৈঃ, সকেয়ূরৈঃ কেয়ূরযুক্তৈর্বাহুভিঃ, বিচক্রৈশ্চক্রশূন্যীকৃতৈঃ, মহারথৈর্বিশালস্যন্দনৈঃ, সুবর্ণচিত্রৈঃ কবচৈর্ধ্বজৈশ্চ, পার্থবাণপ্রপীড়িতৈর্নিহতৈশ্চ যোধৈর্যোদ্ধৃভিশ্চ, তত্র দ্রোণার্জ্জুনযোঃ সমাগমে রণসম্মেলনে, বলং কৌরবসৈন্যম্, সমুদ্‌ভ্রান্তং বিচলিতমাসীৎ ॥৫৬—৫৭॥

বীতি। তত্র তৌ দ্রোণার্জ্জুনৌ, ভারসাধনে দুষ্করকার্য্যসাধকে ধনুষী, বিধুন্বানৌ সঞ্চালয়ন্তৌ তু, ইষুভির্বাণৈঃ, অন্যোন্যমাচ্ছাদয়েতাম্, অথ ততক্ষতুস্তনূচ্ছেদতুশ্চ ॥৫৮॥

রূপ অর্জ্জুননিক্ষিপ্ত শর কৌরবসৈন্যের উপরে পড়িবার সময়ে শব্দ শুনা যাইতে লাগিল ॥৫৪॥

নরনাথ! তদনন্তর রক্তাক্ত হস্তী, রথ ও আরোহীদিগকে পুষ্পশোভিত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৫৫॥

সেই দ্রোণ ও অর্জ্জুনের যুদ্ধের সময়ে অর্জ্জুননিপাতিত কেয়ূরযুক্ত বাহু, চক্রবিহীন বিশাল রথ, স্বর্ণখচিত কবচ ও ধ্বজ এবং অর্জ্জুনের বাণে পীড়িত ও নিহত যোদ্ধাদিগকে দেখিতে থাকিয়া কৌরবসৈন্য বিচলিত হইয়া পড়িল ॥৫৬—৫৭॥

এদিকে তখন দ্রোণ ও অর্জ্জুন দুষ্করকার্য্যসাধক ধনু দুইখানা আকর্ষণ করিতে থাকিয়া বাণবৃষ্টিদ্বারা পরস্পর আবৃত ও আহত করিতে লাগিলেন ॥৫৮॥

---

(৫৫)...বাজিনশ্চ বিশাংপতে।—বা ব রা ম ভা। (৫৬)...বিচিত্রৈশ্চ মহারথৈঃ—বা ব রা ম ভা,...স্বর্ণকবচৈশ্চিত্রৈঃ—প্র। (৫৭) সুসংভ্রান্তম্—প্র। (৫৮)...তৌ বীরৌ...সন্তক্ষন্তৌ রণেষুভিঃ—প্র,...অন্বেক্ষন্তৌ রথেষুভিঃ—ভা।

তয়োঃ সমভবদ্‌যুদ্ধং তুমুলং ভরতর্ষভ ! ।
দ্রোণকৌন্তেয়য়োস্তত্র বলিবাসবয়োরিব ॥৫৯॥
অথ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ।
ব্যদারয়েতামন্যোন্যং প্রাণদ্যূতে প্রবর্ত্তিতে ॥৬০॥
অথান্তরীক্ষে নাদোঽভূদ্‌দ্রোণং তত্র প্রশংসতাম্ ।
দুষ্করং কৃতবান্ দ্রোণো যদর্জ্জুনমযোধয়ৎ ॥৬১॥
প্রমাথিনং মহাবীর্য্যং দৃঢ়মুষ্টিং দুরাসদম্ ।
জেতারং দেবদৈত্যানাং সর্ব্বেষাঞ্চ মহারথম্ ॥৬২॥ (যুগ্মকম্)
অবিভ্রমঞ্চ শিক্ষাঞ্চ লাঘবং দূরপাতিতাম্ ।
পার্থস্য সমরে দৃষ্ট্বা দ্রোণস্যাভূচ্চ বিস্ময়ঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

তযোবিতি। হে ভরতর্ষভ। তত্র তদানীম, বলিবাসবযোরিব, তয়োর্দ্রোণকৌন্তেয়যোঃ, তুমুলং যুদ্ধং সমভবৎ ॥৫৯॥

অথেতি। অথ প্রাণৈর্দ্যূতং প্রাণদ্যূতং তস্মিন্, রণক্রীডাযাং প্রাণানামেব পণরূপত্বাদিত্যাশযঃ, প্রবর্ত্তিতে সতি, পূর্ণং যথা স্যাত্তথা আয়তেন আকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ, সন্নতপর্ব্বভিঃ বক্রাগ্রৈঃ শরৈঃ, অন্যোন্যং ব্যদারয়েতাম্ ॥৬০॥

অথেতি। অথ তত্র দ্রোণং প্রশংসতাং দেবাদীনাম্, অন্তরীক্ষে নাদঃ শব্দঃ অভূৎ। কীদৃশঃ শব্দ ইত্যাহ—দ্রোণঃ, প্রমাথিনং শত্রুমর্দ্দকম্, মহাবীর্য্যম্, দৃঢ়মুষ্টিম্, দুরাসদম্, সর্ব্বেষাং দেবদৈত্যানাং জেতারম্, মহারথঞ্চ অর্জ্জুনম্, যৎ, অযোধয়ৎ, তৎ দুষ্করং কার্য্যমেব কৃতবান্ ॥৬১—৬২॥

ভরতশ্রেষ্ঠ। পূর্ব্বকালে বলি ও ইন্দ্রের যেমন তুমুল যুদ্ধ হইযাছিল, তখন দ্রোণ এবং অর্জ্জুনেরও সেইরূপই তুমুল যুদ্ধ হইতে থাকিল ॥৫৯॥

তাহার পর সেই প্রাণপণে সমররূপ দ্যূতক্রীড়া চলিতে থাকিলে, পূর্ণ আকৃষ্ট ধনু হইতে নির্গত নতপর্ব্ব বাণদ্বারা তাঁহারা পরস্পরকে বিদীর্ণ করিতে লাগিলেন ॥৬০॥

তদনন্তর দেবগণপ্রভৃতি আকাশবর্ত্তীরা দ্রোণকে প্রশংসা করিতে লাগিলে, তখন আকাশে একটা রব উঠিল যে, 'শত্রুবিজয়ী, মহাবীর, দৃঢ়মুষ্টি. দুর্দ্ধর্ষ, সমস্ত দেব-দানব-বিজেতা ও মহারথ অর্জ্জুনের সহিত দ্রোণ যে যুদ্ধ করিলেন, ইহা তিনি দুষ্কর কার্য্যই করিলেন' ॥৬১—৬২॥

---

(৬২) ..জেতারং দেবমর্ত্ত্যানাং সর্পাণাঞ্চ মহারথম্—প্র, সর্পাণাঞ্চ মহারথম্—ভা।
(৬৩) ..দূরপাতিতম্—ভা।

ততো গাণ্ডীবমুদ্যম্য দিব্যং ধনুরমর্ষণঃ।
বিচকর্ষ রণে পার্থো বাহুভ্যাং ভরতর্ষভ ! ॥৬৪॥
তস্য বাণময়ং বর্ষং শলভানামিবায়তিম্,
দৃষ্ট্বা তে বিস্মিতাঃ সর্ব্বে সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥৬৫॥
ন চ বাণান্তরে তস্য বায়ুঃ শক্নোতি সর্পিতুম্।
অনিশং সন্দধানস্য শরানুৎসৃজতস্তথা।
দদর্শ নান্তরং কশ্চিৎ পার্থস্যাদদতোঽপি চ ॥৬৬॥
তথা শীঘ্রাস্ত্রযুদ্ধে তু বর্ত্তমানে সুদারুণে।
শীঘ্রাচ্ছীঘ্রতরঃ পার্থঃ শরানন্যানুদৈরয়ৎ ॥৬৭॥

ভারতকৌমুদী

অবিভ্রমমিতি। সময়ে পার্থস্য, অবিভ্রমং ভ্রান্ত্যভাবম্, শিক্ষাং শিক্ষানৈপুণ্যম্, লাঘবং লঘুহস্ততাম্, অস্ত্রাণাং দূরপাতিতাঞ্চ দৃষ্ট্বা, দ্রোণস্য বিস্ময়োঽভূৎ ॥৬৩॥

তত ইতি। হে ভরতর্ষভ। ততঃ অমর্ষণঃ ক্রুদ্ধঃ পার্থঃ, রণে বাহুভ্যাং দিব্যং গাণ্ডীবং ধনুঃ, উদ্যম্য উত্তোল্য, বিচকর্ষ আচকর্ষ ॥৬৪॥

তস্যেতি। শলভানাং পতঙ্গানাম্, আয়তিং শ্রেণীমিব, তস্য পার্থস্য বাণময়ং বর্ষং দৃষ্ট্বা, তে সর্ব্বে বিস্মিতাঃ সন্তঃ সাধু সাধু ইত্যুক্ত্বা অপূজয়ন্ প্রাশংসন্ ॥৬৫॥

নেতি। বায়ুরপি তস্য পার্থস্য বাণান্তরে সর্পিতুং বিচরিতুং ন চ নৈব শক্নোতি স্ম। তথা কশ্চিদপি জনঃ, অনিশং নিরন্তরম্, শরান্ সন্দধানস্য, শরানুৎসৃজতঃ, শরান্ আদদতোঽপি চ পার্থস্য, অন্তরং তত্তৎকর্ম্মাবকাশম্, ন দদর্শ, অতিদ্রুতত্বাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

যুদ্ধে অর্জ্জুনের ভ্রম না হওয়া, শিক্ষানৈপুণ্য, লঘুহস্ততা এবং দূরপাতিতা দেখিয়া দ্রোণাচার্য্যের বিস্ময় জন্মিল ॥৬৩॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর যুদ্ধে অর্জ্জুন বাহুযুগলদ্বারা স্বর্গীয় গাণ্ডীবধনু উত্তোলন করিয়া আকর্ষণ করিতে লাগিলেন ॥৬৪॥

তখন পতঙ্গশ্রেণীর ন্যায় তাঁহার বাণবৃষ্টি দেখিয়া তাঁহারা সকলেই বিস্মিত হইয়া 'সাধু সাধু' বলিয়া প্রশংসা করিতে লাগিলেন ॥৬৫॥

এই সময়ে অর্জ্জুনের বাণশ্রেণীর ভিতরে বায়ুও প্রবেশ করিতে সমর্থ হইল না; আর অর্জ্জুন যে অনবরত বাণসন্ধান, বাণক্ষেপ ও বাণগ্রহণ করিতে লাগিলেন, তাহার রন্ধ্র (ফাঁক) কেহই দেখিল না ॥৬৬॥

---

(৬৪) অথ গাণ্ডীবম্…বা ব রা ম, অথ গাণ্ডীবম্…যে চকর্ষ · ভরতর্ষভঃ—ভা। (৬৫)…শলভানামিবায়তম্—ভা। (৬৬)…দদৃশে নান্তরম্—প্র ভা। (৬৭)…উদারয়ন্—প্র …উদীরয়ৎ—বা রা ম ভা।

ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্।
যুগপৎ প্রাপতংস্তত্র দ্রোণস্য রথমন্তিকাৎ ॥৬৮॥
কীর্য্যমাণে তদা দ্রোণে শরৈর্গাণ্ডীবধন্বনা।
হাহাকারো মহানাসীৎ সৈন্যানাং ভরতর্ষভ! ॥৬৯॥
পাণ্ডবস্য তু শৈঘ্রাস্ত্রং মঘবা প্রত্যপূজয়ৎ।
গন্ধর্ব্বাপ্সরসশ্চৈব যে চ তত্র সমাগতাঃ ॥৭০॥
ততো বৃন্দেন মহতা রথানাং রথযূথপঃ।
আচার্য্যপুত্রঃ সহসা পাণ্ডবং প্রত্যবারয়ৎ ॥৭১॥

ভাবতকৌমুদী

তথেতি। সুদারুণে তথা শীঘ্রাস্ত্রযুদ্ধে বর্ত্তমানে তু, পার্থঃ, শীঘ্রাৎ শীঘ্রাস্ত্রক্ষেপকাৎ দ্রোণাৎ শীঘ্রতরঃ অতীবশীঘ্রাস্ত্রক্ষেপী সন্, অন্যান্ শরান্, উদৈরয়ৎ চিক্ষিপৎ ॥৬৭॥

তত ইতি। ততঃ তত্র অন্তিকাৎ অর্জ্জুনসকাশাৎ, নতপর্ব্বণাম্ ঈষদ্বক্রোপান্তানাং শরাণাং শতসহস্রাণি, যুগপদেব, দ্রোণস্য রথম্, প্রাপতন্ প্রাপ্নুবন্ ॥৬৮॥

কীর্য্যেতি। হে ভরতর্ষভ! তদা গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন শরৈঃ, দ্রোণে কীর্য্যমাণে আচ্ছাদ্যমানে সতি, সৈন্যানাং মহান্ হাহাকার আসীৎ ॥৬৯॥

পাণ্ডবস্যেতি। মঘবা আকাশস্থো দেবরাজস্তু, পাণ্ডবস্য অর্জ্জুনস্য, শৈঘ্রাস্ত্রং শীঘ্রাস্ত্রক্ষেপ-শক্তিম্, প্রত্যপূজয়ৎ প্রাশংসৎ। আকাশস্থা গন্ধর্ব্বাপ্সরসশ্চ, তত্রাকাশে যে দানবাদয়ঃ সমাগতাস্তে চ তৎ প্রত্যপূজয়ন্ ॥৭০॥

তত ইতি। ততো রথযূথপঃ রথসমূহরক্ষকঃ, আচার্য্যপুত্রঃ অশ্বত্থামা, সহসা তৎক্ষণাদেব, মহতা রথানাং বৃন্দেন, পাণ্ডবমর্জ্জুনং প্রত্যবারয়ৎ ॥৭১॥

অতিভয়ঙ্কর সেইরূপ শীঘ্রাস্ত্রযুদ্ধ চলিতে লাগিলে, অর্জ্জুন শীঘ্র হইতেও শীঘ্রতর হইয়া অন্য শর সকল ক্ষেপ করিতে লাগিলেন ॥৬৭॥

তাহার পর তখন অর্জ্জুনের নিকট হইতে শত শত ও সহস্র সহস্র নতপর্ব্ব বাণ যাইয়া একদাই দ্রোণের রথের উপরে পড়িতে লাগিল ॥৬৮॥

ভরতশ্রেষ্ঠ! তখন অর্জ্জুন বাণদ্বারা দ্রোণাচার্য্যকে আবৃত করিয়া ফেলিলে, তাঁহার সৈন্যগণের মধ্যে গুরুতর হাহাকার উঠিল ॥৬৯॥

এবং আকাশবর্ত্তী দেবরাজ অর্জ্জুনের শীঘ্রাস্ত্রতার প্রশংসা করিলেন; ক্রমে গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ, আর আকাশে অন্য যাঁহারা আসিয়াছিলেন, তাঁহারাও অর্জ্জুনের শীঘ্রাস্ত্রতার সুখ্যাতি করিলেন ॥৭০॥

---

(৬৯) আকীর্য্যমাণে দ্রোণে তু—প্র, দ্রোণেঽবকীর্য্যমাণে তু—ভা। (৭০)…শীঘ্রাস্ত্রং মঘবা—বা ব রা ম,…মঘবান্—ভা।

অশ্বত্থামা তু তৎ কর্ম্ম হৃদয়েন মহাত্মনঃ।
পূজয়ামাস পার্থস্য কোপং চাস্যাকরোদ্ভৃশম্ ॥৭২॥
স মন্যুবশমাপন্নঃ পার্থমভ্যদ্রবদ্রণে।
কিরন্ শরসহস্রাণি পর্জ্জন্য ইব বৃষ্টিমান্ ॥৭৩॥
আবর্ত্ত্য তু মহাবাহুর্যতো দ্রৌণিস্ততো হয়ান্।
অন্তরং প্রদদৌ পার্থো দ্রোণস্য ব্যপসর্পিতুম্ ॥৭৪॥
স তু লব্ধ্বান্তরং তূর্ণমপায়াজ্জবনৈর্হয়ৈঃ।
ছিন্নবর্ম্মধ্বজঃ শূরো নিকৃত্তঃ পরমেষুভিঃ ॥৭৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে দ্রোণভঙ্গো নাম ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অশ্বেতি। অশ্বত্থামা তু হৃদয়েন মহাত্মনঃ পার্থস্য তৎ কর্ম্ম পূজয়ামাস, অস্য অর্জ্জুনস্যোপরি ভৃশং কোপমকরোচ্চ, পিতুরপমানাদিত্যাশয়ঃ ॥৭২॥

স ইতি। সঃ অশ্বত্থামা, মন্যুবশং ক্রোধাধীনতাম্, আপন্নঃ প্রাপ্তঃ সন্, বৃষ্টিমান্ পর্জ্জন্যো মেঘ ইব, শরসহস্রাণি কিরন্ নিক্ষিপন্, রণে পার্থমভ্যদ্রবৎ ॥৭৩॥

আবর্ত্ত্যেতি। মহাবাহুঃ পার্থস্তু, যতো যত্র, দ্রৌণিরশ্বত্থামা আসীৎ, ততস্তত্র, হয়ান্ অশ্বান্, আবর্ত্ত্য পরাবর্ত্ত্য, ব্যপসর্পিতুম্ অপসর্তুম্, দ্রোণস্য, অন্তরমবকাশং প্রদদৌ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

সহ বাৎসল্যাৎ স্বযমক্রীড়ৎ ন তু ক্রুরোঽভূৎ ॥৪৯—৫৭॥ ততক্রতুঃ ক্ষীণং চক্রতুঃ ॥৫৮—৬৪॥ আয়তিং সন্ততিম্ ॥৬৫—৭৩॥ অন্তরমবকাশম্ ॥৭৪॥ নিকৃত্তঃ প্রহৃতঃ ॥৭৫॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যাযঃ ॥৫৩॥

তৎপরে রথসমূহের রক্ষক অশ্বত্থামা তৎক্ষণাৎ বিশাল রথসমূহদ্বারা অর্জ্জুনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৭১॥

কিন্তু অশ্বত্থামা মনে মনে মহাত্মা অর্জ্জুনের প্রশংসা করিলেন এবং উঁহার উপরে গুরুতর ক্রোধও করিলেন ॥৭২॥

অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া, বৃষ্টিকারী মেঘের ন্যায় বহুতর বাণ বর্ষণ করিতে থাকিয়া, যুদ্ধে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৭৩॥

এদিকে মহাবাহু অর্জ্জুনও—যেখানে অশ্বত্থামা ছিলেন, সেই দিকে ঘোড়াগুলিকে ফিরাইযা দ্রোণকে চলিযা যাইবার ফাঁক্ দিলেন ॥৭৪॥

(৭৩) সোঽমর্ষবশমাপন্নঃ…পর্থ্যন্য ইব—ভা। (৭৪) আবৃত্য তু—প্র বা ব রা ম। (৭৫,…অপয়াজ্জবনৈঃ—ভা। * '…সপ্তপঞ্চাশত্তমোঽধ্যাযঃ' —প্র, '…অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' —বা ব রা ম।

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততো দ্রৌণির্মহাবীর্য্যঃ প্রযযাবর্জ্জুনং রণে।
তং পার্থঃ প্রতিজগ্রাহ তার্ক্ষ্যো নাগমিবোদ্ধতম্।
শরজালেন মহতা বর্ষমাণ ইবাম্বুদঃ ॥১॥
তয়োর্দেবাসুরসমঃ সন্নিপাতো মহানভূৎ।
কিরতোঃ শরজালানি বৃত্রবাসবয়োরিব ॥২॥

ভাবতকৌমুদী

স ইতি। পবমেষুভিঃ অর্জ্জুনস্থ উত্তমৈর্বাণৈঃ, ছিন্নৌ বর্ম্মধ্বজৌ যস্ত সঃ, নিকৃত্তঃ ক্ষত-বিক্ষতাঙ্গশ্চ, শূবঃ স দ্রোণস্ত, অন্তরম্ অবকাশং লব্ধ্বা, জবনৈর্বেগবদ্ভিঃ, হয়ৈরশ্বৈঃ তূর্ণম্, অপাযাৎ সমবাদপাসবৎ ॥৭৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিবচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহবণে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

তত ইতি। ততঃ মহাবীর্য্যো দ্রৌণিরশ্বত্থামা বণে অর্জ্জুনং প্রযযৌ। পার্থোঽর্জ্জুনোঽপি মহতা শরজালেন, বর্ষমাণঃ অম্বুদো মেঘ ইব ধাবন্, তার্ক্ষ্যো গরুড়ঃ, উদ্ধতং গর্ব্বিণম্, নাগং সর্পমিব, তং দ্রৌণিং প্রতিজগ্রাহ। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥১॥

তযোবিতি। শবজালানি কিবতোর্নিক্ষিপতোঃ, বৃত্রবাসবযোবিব, তযোর্দ্রৌণ্যর্জ্জুনযোঃ, দেবাসুবসমো দেবাসুবসংঘর্ষতুল্যঃ, মহান্ সন্নিপাতঃ সংঘর্ষোঽভূৎ ॥২॥

অর্জ্জুনেব তীক্ষ্ণবাণে বীব দ্রোণেবও বর্ম্ম ও ধ্বজ ছিন্ন হইয়াছিল এবং দেহেবও অনেকস্থান ক্ষত-বিক্ষত হইয়াছিল; তাই তিনি ফাঁক্ পাইয়া বেগবান্ অশ্বসমূহেব গুণে সত্ববই অপসৃত হইলেন ॥৭৫॥

—:*:—

বৈশম্পাযন বলিলেন—তাহার পব মহাবীব অশ্বত্থামা যুদ্ধে অর্জ্জুনেব দিকে ধাবিত হইলেন। তখন অর্জ্জুনও বর্ষণকাবী মেঘেব ন্যায় বিশাল শববর্ষণ কবিয়া, গরুড় যেমন উদ্ধত সর্পকে গ্রহণ কবেন, সেইরূপ অশ্বত্থামাকে গ্রহণ কবিলেন ॥১॥

---

(১) ততো দ্রৌণির্মহারাজ।···বায়ুবেগমিবোদ্ধতম্ ··বর্ষমাণমিবাম্বুদম্—বা ব বা য, অথ দ্রৌণিঃ···বর্ষমাণমিবাম্বুদম্—ভা, দ্বিতীযার্দ্ধং ভা নাস্তি।

ন স্ম সূর্য্যো দিবা ভাতি ন চ বাতি সমীরণঃ।
শরসংঘৈঃ কৃতে ব্যোম্নি চ্ছায়াভূতে সমন্ততঃ ॥৩॥
মহাংশ্চটচটাশব্দো যোধয়োর্যুধ্যমানযোঃ।
দহ্যতামিব বেণূনামাসীৎ পরপুরঞ্জয়! ॥৪॥
হয়াংস্ত্বর্জ্জুনঃ সর্ব্বান্ কৃতবানল্পজীবিতান্।
তে রাজন্! ন প্রজানন্তি দিশং কাঞ্চন মোহিতাঃ ॥৫॥
ততো দ্রৌণির্মহাবীর্য্যঃ পার্থস্য বিচরিষ্যতঃ।
বিবরং সূক্ষ্মমালক্ষ্য জ্যাং চিচ্ছেদ ক্ষুরেণ হ।
তদস্যাপূজয়ন্ দেবা দৃষ্ট্বা কর্ম্মাতিমানুষম্ ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। ব্যোম্নি গগনে, শরসংঘৈঃ, সমন্ততঃ সর্ব্বত এব, ছায়াভূতে ছায়াপ্রাপ্তে, কৃতে সতি, দিবাপি সূর্য্যো ন ভাতি স্ম, অবকাশাভাবাৎ সমীরণশ্চ ন বাতি স্ম ॥৩॥

মহানিতি। হে পরপুরঞ্জয়! যোধয়োর্দ্রৌণ্যর্জ্জুনয়োঃ শরক্ষেপেণ যুধ্যমানযোঃ সতোঃ, দহ্যতাং দহ্যমানানাং বেণূনাং বংশানামিব মহান্ চটচটাশব্দ আসীৎ ॥৪॥

হয়ানিতি। হে রাজন্! অর্জ্জুনঃ অস্য দ্রোণেঃ সর্ব্বানেব হয়ান্ প্রহারাতিরেকেণ অল্পজীবিতান্ কৃতবান্। অতএব তে হয়া মোহিতাঃ সন্তঃ, কাঞ্চন কাঞ্চিদপি দিশং ন প্রজানন্তি স্ম ॥৫॥

ক্রমে অর্জ্জুন ও অশ্বত্থামা অনবরত শর বর্ষণ করিতে লাগিলেন; সুতরাং বৃত্রাসুর ও ইন্দ্রের ন্যায় তাঁহাদের দেবাসুরের সংঘর্ষের তুল্য গুরুতর সংঘর্ষ হইতে লাগিল ॥২॥

তাঁহারা বাণদ্বারা আকাশটাকে সকল দিকেই ছায়াযুক্ত করিয়া ফেলিলে, দিনের বেলায়ও সূর্য্য প্রকাশ পান নাই এবং বায়ুও বহিত হইতে পারেন নাই ॥৩॥

শক্রনগরবিজয়ী রাজা জনমেজয়! অর্জ্জুন ও অশ্বত্থামা বাণক্ষেপপূর্ব্বক যুদ্ধ করিতে লাগিলে, দহ্যমান বংশের শব্দের ন্যায় সেই বাণগুলির গুরুতর 'চটচটা' শব্দ হইতে লাগিল ॥৪॥

রাজা! ক্রমে অর্জ্জুন গুরুতর প্রহার করিয়া অশ্বত্থামার সকল অশ্বেরই অল্পমাত্র জীবন রাখিলেন; সুতরাং সে অশ্বগুলি মোহিত হইয়া কোন দিক্ই বুঝিতে পারিল না ॥৫॥

(৩)…তদা ভাতি…শরজালাবৃতে—বা ব রা ম, …শরগাধকৃতে ব্যোম্নি—ভা। (৫) …ন প্রজানন্ত—বা ব রা ম। (৬)…সূক্ষ্মমালোক্য—বা ব রা ম ভা।

দ্রোণো ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চৈব মহারথাঃ।
সাধু সাধ্বিতি ভাষন্তোঽপূজয়ন্ কর্ম্ম তস্য তৎ ॥৭॥
ততো দ্রৌণির্ধনুঃ শ্রেষ্ঠমপকৃষ্য রথর্ষভম্।
পুনরেবাহনৎ পার্থং হৃদয়ে কঙ্কপত্রিভিঃ ॥৮॥
ততঃ পার্থো মহাবাহুঃ প্রহস্য স্বনবত্তদা।
যোজয়ামাস নবয়া মৌর্ব্ব্যা গাণ্ডীবমোজসা ॥৯॥
ততোঽর্দ্ধচন্দ্রমাবৃত্য তেন পার্থঃ সমাগমৎ।
বারণেনেব মত্তেন মত্তো বারণযূথপঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো মহাবীর্য্যো দ্রৌণিঃ, রণে বিচবিষ্ণুতঃ পার্থস্য সূক্ষ্মং বিবরং ছিদ্রম্ অনবধানতামিত্যর্থঃ, আলক্ষ্য দৃষ্ট্বা, ক্ষুরেণ ক্ষুরাখ্যশরেণ, জ্যাং গাণ্ডীবস্য গুণং চিচ্ছেদ। দেবাঃ, অস্য দ্রৌণেস্তৎ অতিমানুষং কর্ম্ম দৃষ্ট্বা অপূজয়ন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

দ্রোণ ইতি। দ্রোণো ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ অন্যে মহারথাশ্চ, সাধু সাধু ইতি ভাষন্তো ভাষমাণাঃ সন্তঃ, তস্য দ্রৌণেঃ তৎ কর্ম্ম অপূজয়ন্ প্রাশংসন্ ॥৭॥

তত ইতি। ততো দ্রৌণিঃ শ্রেষ্ঠং ধনুঃ অপকৃষ্য আকৃষ্য, কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষযুক্তৈর্বাণৈঃ, রথর্ষভং রথিশ্রেষ্ঠং পার্থং হৃদয়ে পুনরেবাহনৎ আহতবান্ ॥৮॥

তত ইতি। ততস্তদৈব মহাবাহুঃ পার্থঃ, স্বনবৎ সশব্দং প্রহস্য, ওজসা বলেন আনয়েতি শেষঃ, নবয়া নূতনয়া মৌর্ব্ব্যা গুণেন সহ গাণ্ডীবং যোজয়ামাস ॥৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪॥ ন প্রজানন্ত অভভাব আর্ষঃ, ন চ জ্ঞাতবন্তঃ ॥৫॥ বিবরং রন্ধ্রম্ ॥৬—৭॥ অপকৃষ্য আকৃষ্য ॥৮—৯॥ অর্দ্ধচন্দ্রম্ অর্দ্ধচন্দ্রাকারং ললাটম্ আবৃত্য প্রমৃজ্য স্বেদেন জ্যাং

তাহার পর মহাবীর অশ্বত্থামা যুদ্ধে বিচরণকারী অর্জ্জুনের সূক্ষ্ম অনবধানতা দেখিয়া ক্ষুর অস্ত্রদ্বারা তাঁহার ধনুর গুণ ছেদন করিলেন। অশ্বত্থামার সেই অলৌকিক কার্য্য দেখিয়া দেবতারা সে কার্য্যের প্রশংসা করিলেন ॥৬॥

আর দ্রোণ, ভীষ্ম, কর্ণ ও কৃপ এবং অন্যান্য মহারথেরাও 'সাধু সাধু' বলিয়া অশ্বত্থামার সেই কার্য্যের প্রশংসা করিলেন ॥৭॥

তৎপরে অশ্বত্থামা শ্রেষ্ঠ ধনু আকর্ষণ করিয়া বাণদ্বারা রথিশ্রেষ্ঠ অর্জ্জুনের হৃদয়ে পুনরায় আঘাত করিলেন ॥৮॥

তদনন্তর মহাবাহু অর্জ্জুন সশব্দে হাস্য করিয়া বলপূর্ব্বক তখনই গাণ্ডীব-ধনুতে নূতন গুণ যোজনা করিলেন ॥৯॥

---

(৭)…কৃপশ্চৈব মহাত্মনঃ—ভা, দ্বিতীয়ার্দ্ধং ভা নাস্তি। (৮) ততো দ্রৌণির্ধনুষ্পাণি-রাক্রম্য ভরতর্ষভ। পুনরভ্যহনৎ পার্থম্—প্র, ততো দ্রৌণির্ধনুষ্যাবাক্রম্য তু নরর্ষভং—ভ।।

ততঃ প্রববৃতে যুদ্ধং পৃথিব্যামেকবীরয়োঃ।
রণমধ্যে দ্বয়োরেবং সুমহল্লোমহর্ষণম্ ॥১১॥
তৌ বীরৌ দদৃশুঃ সর্ব্বে কৌরবা বিস্ময়ান্বিতাঃ।
যুধ্যমানৌ মহাবীর্য্যৌ যূথপাবিব সঙ্গতৌ ॥১২॥
তৌ সমাজঘ্নতুর্বীরাবন্যোন্যং পুরুষর্ষভৌ।
শরৈরাশীবিষাকারৈর্জ্বলদ্ভিরিব পন্নগৈঃ ॥১৩॥
অক্ষয্যাবিষুধী দিব্যৌ পাণ্ডবস্য মহাত্মনঃ।
তেন পার্থো রণে শূরস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পার্থঃ, অর্দ্ধচন্দ্রম্ অর্দ্ধচন্দ্রাকারং যথা স্যাত্তথা আবৃত্য পরিবৃত্য, মত্তো বারণযূথপো হস্তিযূথপতিঃ, অপরেণ মত্তেন বারণেন হস্তিনেব, তেন দ্রৌণিনা সহ, সমাগমৎ যুদ্ধায সম্মিলিতবান্ ॥১০॥

তত ইতি। ততঃ পৃথিব্যাম্ একবীরযোঃ অদ্বিতীয়বীরযোঃ, দ্বযোঃ দ্রৌণ্যর্জ্জুনযোঃ, রণমধ্যে সমরাঙ্গনে এবং সুমহৎ লোমহর্ষণঞ্চ যুদ্ধং প্রববৃতে ॥১১॥

তাবিতি। সর্ব্বে কৌরবা বিস্ময়ান্বিতাঃ সন্তঃ, সঙ্গতৌ যুদ্ধায সম্মিলিতৌ মহাবীর্য্যৌ, যূথপৌ হস্তিযূথপতী ইব, যুধ্যমানৌ তৌ বীরৌ দদৃশুঃ ॥১২॥

তাবিতি। পুরুষর্ষভৌ তৌ বীরৌ, জলদ্ভিঃ বিষানলেন দীপ্যমানৈঃ পন্নগৈরিব, আশীবিষাকারৈঃ সর্পাকারৈঃ শরৈঃ অন্যোন্যং সমাজঘ্নতুঃ ॥১ ॥

অক্ষয্যাবিতি। মহাত্মনঃ পাণ্ডবস্যার্জ্জুনস্য, ইষুধী, তূণদ্বয়ম্, দিব্যৌ স্বর্গীয়ৌ, অতএব অক্ষয্যৌ অক্ষযবাণকৌ। তেন হেতুনা, শূরঃ পার্থঃ, গিরিরিব, রণে অচলস্তস্থৌ ॥১৪॥

তাহার পর অর্জ্জুন অর্দ্ধচন্দ্রাকারে ফিরিযা—মত্ত হস্তিযূথপতি যেমন অপর মত্ত হস্তীর সহিত মিলিত হয, সেইরূপ অশ্বত্থামার সহিত মিলিত হইলেন ॥১০॥

তাহার পর পৃথিবীর মধ্যে অদ্বিতীয় বীর অর্জ্জুন ও অশ্বত্থামার সমরাঙ্গনে এইরূপ গুরুতর ও লোমহর্ষণ যুদ্ধ চলিতে লাগিল ॥১১॥

তখন কৌরবেরা সকলেই বিস্মিত হইয়া পরস্পরসম্মিলিত মহাবল দুইটা মহাহস্তীর ন্যায় যুধ্যমান সেই অর্জ্জুন ও অশ্বত্থামাকে দেখিতে লাগিলেন ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ সেই বীরেরা দুই জনই বিষানলে জ্বলিত সর্পের ন্যায় সর্পাকৃতি বাণদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥১৩॥

এদিকে মহাত্মা অর্জ্জুনের স্বর্গীয তূণ দুইটার বাণ অক্ষয ছিল। সেই কারণে মহাবীর অর্জ্জুন যুদ্ধে পর্ব্বতের ন্যায় অচল রহিলেন ॥১৪॥

(১২)···কুরবো বিস্ময়ান্বিতাঃ—বা ব রা ম ভা।

অশ্বত্থাম্নঃ পুনর্বাণাঃ ক্ষিপ্রমভ্যস্যতো রণে।
জগ্মুঃ পরিক্ষয়ং শীঘ্রমভূত্তেনার্জ্জুনোঽধিকঃ ॥১৫॥
ততঃ কর্ণো মহচ্চাপং বিকৃষ্যাভ্যধিকং রুষা।
অবাক্ষিপত্ততঃ শব্দো হাহাকারো মহানভূৎ ॥১৬॥
তত্র চক্ষুর্দধে পার্থো যত্র বিস্ফার্য্যতে ধনুঃ।
দদর্শ তত্র রাধেয়ং তস্য কোপো ব্যবর্দ্ধত ॥১৭॥
স রোষবশমাপন্নঃ কর্ণমেব জিঘাংসয়া।
তমৈক্ষত বিবৃত্তাভ্যাং নেত্রাভ্যাং কুরুপুঙ্গবঃ ॥১৮॥
তথা তু বিমুখে পার্থে দ্রোণপুত্রস্য সায়কান্।
ত্বরিতাঃ পুরুষা রাজন্নুপাজহ্রুঃ সহস্রশঃ ॥১৯॥

ভারতকৌমুদী

অশ্বেতি। পুনঃ কিন্তু রণে ক্ষিপ্রম্, অভ্যস্যতঃ অবিরতং বাণান্ ক্ষিপতঃ অশ্বত্থাম্নো বাণাঃ, শীঘ্রমেব পরিক্ষয়ং জগ্মুঃ। তেন হেতুনা, অর্জ্জুনঃ অধিকঃ প্রবলোঽভূৎ ॥১৫॥

তত ইতি। ততঃ কর্ণঃ রুষা ক্রোধেন মহৎ চাপং ধনুঃ অভ্যধিকং বিকৃষ্যাকৃষ্য, অবাক্ষিপৎ অর্জ্জুনং প্রতি শরান্ নিক্ষেপ্তুমুদ্যচ্ছৎ। ততঃ মহান্ হাহাকারঃ শব্দোঽভূৎ, অর্জ্জুনজীবনাশঙ্কয়েতি ভাবঃ ॥১৬॥

তত্রেতি। কর্ণেন যত্র ধনুর্বিস্ফার্য্যতে আকৃষ্যতে স্ম, পার্থস্তত্র চক্ষুর্দধে ধৃতবান্। তত্র চ পার্থো রাধেয়মাকৃষ্টশরাশনং দদর্শ। অতএব তস্য কোপো ব্যবর্দ্ধত ॥১৭॥

স ইতি। স কুরুপুঙ্গবঃ পার্থো রোষবশমাপন্নঃ সন্, জিঘাংসয়া হননেচ্ছয়া, বিবৃত্তাভ্যাং পরিবৃত্তাভ্যাং নেত্রাভ্যাম্, তং কর্ণমেব ঐক্ষত অপশ্যৎ ॥১৮॥

কিন্তু অশ্বত্থামা যুদ্ধে সত্বর সত্বর অনবরত বাণক্ষেপ করিতেছিলেন বলিয়া তাঁহার বাণ নিঃশেষ হইয়া গেল। তাহাতেই অর্জ্জুন প্রবল হইয়া পড়িলেন ॥১৫॥

তাহার পর কর্ণ ক্রুদ্ধ হইয়া বিশাল ধনু পূর্ণ আকর্ষণ করিয়া বাণক্ষেপ করিবার উদ্‌যোগ করিলেন। তাহাতে গুরুতর হাহাকার রব উঠিল ॥১৬॥

কর্ণ যেখানে থাকিয়া ধনু আকর্ষণ করিতেছিলেন, অর্জ্জুন যদৃচ্ছাক্রমে সেই দিকে দৃষ্টিপাত করিলেন। তখন তিনি কর্ণকে ধনু আকর্ষণ করিতে দেখিলেন; সুতরাং তাঁহার ক্রোধ বৃদ্ধি পাইল ॥১৭॥

কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বধ করিবার ইচ্ছায় পরিবৃত্ত নয়নযুগলদ্বারা সেই কর্ণকেই দেখিতে লাগিলেন ॥১৮॥

---

(১৫)...পরিক্ষয়ং তূর্ণম্—বা ব রা ম ভা। (১৬)..মহাচাপম্..অভ্যধিকং তথা—বা ব রা ম। (১৮)..সংপ্রৈক্ষিত..কুরুনন্দনঃ—প্র,...সমৈক্ষত বিবর্ত্তাভ্যাম্—ভা।

উৎসৃজ্য চ মহাবাহুর্দ্রোণপুত্রং ধনঞ্জয়ঃ।
অভিদুদ্রাব সহসা কর্ণমেব সপত্নজিৎ ॥২০॥
তমভিদ্রুত্য কৌন্তেয়ঃ ক্রোধসংরক্তলোচনঃ।
কাময়ন্ দ্বৈরথেনৈনমিদং বচনমব্রবীৎ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে অশ্বত্থামভঙ্গো নাম চতুঃপঞ্চাশত্তমোহধ্যায়ঃ[1] ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

তথেতি। হে রাজন্। পার্থে তথা বিমুখে সতি তু, পুরুষা দুর্য্যোধনলোকাস্ত্বরিতাঃ সন্তঃ, দ্রোণপুত্রস্যান্তিকে সহস্রশঃ সাযকান্ উপাজহ্রুঃ ॥১৯॥

উৎসৃজ্যেতি। মহাবাহুঃ সপত্নজিৎ শত্রুবিজয়ী ধনঞ্জয়শ্চ, দ্রোণপুত্রমুৎসৃজ্য, সহসা কর্ণমেব অভিদুদ্রাব, তস্য চিরবদ্ধবৈরত্বাদিত্যাশয়ঃ ॥২০॥

তমিতি। ক্রোধসংরক্তলোচনঃ কৌন্তেযঃ, তং কর্ণমভিদ্রুত্য, দ্বৈরথেন যুদ্ধেন দ্বৈরথযুদ্ধার্থ ইত্যর্থঃ এনং কর্ণং কাময়ন্, ইদং বচনমব্রবীৎ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে চতুঃপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

প্রসৃজ্যেত্যর্থঃ। তেন অশ্বত্থাম্না ॥১০—১৬॥ চক্ষুর্দধে ধৃতবান্ ॥১৭—২০॥ কাময়ন্ কামযমানঃ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশত্তমোহধ্যায়ঃ ॥৫৪॥

—:০:—

রাজা! অর্জ্জুন সেই কারণে বিমুখ হইলে, সেই অবসরে দুর্য্যোধনের লোকেরা সত্বর অশ্বত্থামার নিকটে সহস্র সহস্র বাণ নিয়া দিয়া আসিল ॥১৯॥

এদিকে মহাবাহু ও শত্রুবিজয়ী অর্জ্জুন অশ্বত্থামাকে পরিত্যাগ করিয়া তৎক্ষণাৎ কর্ণের দিকেই ধাবিত হইলেন ॥২০॥

অর্জ্জুন ক্রোধে আরক্তনয়ন হইয়া কর্ণের নিকট যাইয়া তাঁহার সহিত দ্বৈরথ যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া এই কথা বলিলেন ॥২১॥

—:*:—

[1] '...অষ্টপঞ্চাশত্তমোহধ্যায়ঃ' —প্র, '...একোনষষ্টিতমোহধ্যায়ঃ' —বা ব রা ম।

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—঳—

অর্জ্জুন উবাচ।

কর্ণ! যত্তে সভামধ্যে বহু বাচা বিকত্থিতম্।
ন মে যুধি সমোঽস্তীতি তদিদং সমুপস্থিতম্ ॥১॥
সোঽদ্য কর্ণ! ময়া সার্দ্ধং ব্যবহৃত্য মহামৃধে।
জ্ঞাস্যস্যবলমাত্মানং ন চান্যানবমন্যসে ॥২॥
অবোচঃ পরুষা বাচো ধর্ম্মমুৎসৃজ্য কেবলম্।
ইদং তু দুষ্করং মন্যে যদিদং তে চিকীর্ষিতম্ ॥৩॥

ভারতকৌমুদী

কর্ণেতি। হে কর্ণ। তে ত্বয়া, দ্যূতক্রীডায়াঃ সভামধ্যে 'যুধি মে সমঃ সমানো নাস্তি' ইতি ঈদৃশ্যা বাচা যৎ বহু বিকত্থিতম্, ইদং তৎ পরীক্ষাস্থানমুপস্থিতম ॥১॥

স ইতি। হে কর্ণ! স ত্বমদ্য মহামৃধে মহাযুদ্ধে ময়া সার্দ্ধং ব্যবহৃত্য অস্ত্রব্যবহারং কৃত্বা আত্মানম্ অবলং দুর্ব্বলং জ্ঞাস্যসি, তদা চান্যান্ ন অবমন্যসে নাবজ্ঞাস্যসি ॥২॥

অবোচ ইতি। তদানীং সভামধ্যে ধর্ম্মমুৎসৃজ্য কেবলং পরুষা নিষ্ঠুরা বাচ এব অবোচঃ। ইদানীন্তু তে ত্বয়া ময়া সহ যুদ্ধরূপমিদং যৎ কার্য্যম্, চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্, তদিদং তব দুষ্করমেব মন্যে, তবাল্পবলত্বাবধারণাদিতি ভাবঃ ॥৩॥

অর্জ্জুন বলিলেন—"কর্ণ! তুমি সেই সভার মধ্যে 'যুদ্ধে আমার সমান অন্য কেহ নাই' এইরূপ বাক্যদ্বারা যে বহুতর গর্ব্ব প্রকাশ করিয়াছিলে, এই তাহার পরীক্ষার স্থান উপস্থিত হইয়াছে ॥১॥

কর্ণ! সেই তুমি আজ এই মহাযুদ্ধে আমার সহিত অস্ত্রব্যবহার করিয়া নিজেকে দুর্ব্বল বলিয়া জানিতে পারিবে এবং তাহা হইলে আর অন্যের প্রতি অবজ্ঞা করিবে না ॥২॥

তখন তুমি ধর্ম্ম পরিত্যাগ করিয়া কেবল নিষ্ঠুর বাক্যই বলিয়াছিলে; কিন্তু এখন তুমি যাহা করিবার ইচ্ছা করিয়াছ, তাহা তোমার পক্ষে দুষ্কর বলিয়াই আমি মনে করি ॥৩॥

---

(১)···তদিদং পর্য্যুপস্থিতম্—ভা। (২)···জ্ঞাস্যসেঽবলমাত্মানং ন চৈবমবমন্যসে—প্র, ··কথসেঽবলমাত্মানং ন চান্যান্ বহু মন্যসে—বা, ·জ্ঞাস্যস্যবরমাত্মানং ন চান্যানবমংস্যসে—ভা।

যত্ত্বয়া কথিতং পূর্ব্বং মামনাসাদ্য কিঞ্চন।
তদদ্য কুরু রাধেয়। কুরুমধ্যে ময়া সহ ॥৪॥
যৎ সভায়াঞ্চ পাঞ্চালীং ক্লিশ্যমানাং দুরাত্মভিঃ।
দৃষ্টবানসি তস্যাদ্য ফলমাপ্নুহি কেবলম্ ॥৫॥
ধর্ম্মপাশনিবদ্ধেন যন্ময়া মর্ষিতং পুরা।
তস্য রাধেয়। কোপস্য বিজয়ং পশ্য মে মৃধে ॥৬॥
বনে দ্বাদশ বর্ষাণি যানি সোঢ়ানি দুর্ম্মতে!।
তস্যাদ্য প্রতিকোপস্য ফলং প্রাপ্নুহি সংপ্রতি ॥৭॥
এহি কর্ণ। ময়া সার্দ্ধং প্রতিযুধ্যস্ব সঙ্গরে।
প্রেক্ষকাঃ কুরবঃ সর্ব্বে ভবন্তু সহসৈনিকাঃ ॥৮॥

ভারতকৌমুদী

যদিতি। হে রাধেয়! ত্বযা পূর্ব্বং মাম্ অনাসাদ্য যুদ্ধে অপ্রাপ্য, যৎ কিঞ্চন কথিতম্, অদ্য কুরুমধ্যে কৌরবসমূহমধ্যে ময়া সহ তৎ কুরু ॥৪॥

যদিতি। কিঞ্চ, তদানীং সভায়াং দুরাত্মভির্দুঃশাসনাদিভিঃ ক্লিশ্যমানাং পাঞ্চালীং যৎ সানন্দং দৃষ্টবানসি, অদ্য তস্য কেবলং মুখ্যং ফলমাপ্নুহি ॥৫॥

ধর্ম্মেতি। হে রাধেয়! ধর্ম্মপাশনিবদ্ধেন ময়া পুরা পাঞ্চালীপরিভবসময়ে যৎ মর্ষিতং সোঢম্, মৃধে অস্মিন্ রণে, তস্য মে কোপস্য বিজয়মুৎকর্ষং পশ্য ॥৬॥

বন ইতি। হে দুর্ম্মতে! দ্বাদশ বর্ষাণি যাবৎ বনে যানি দুঃখানি সোঢানি, অদ্য সম্প্রতি ইদানীমেব, তস্য তন্নিবন্ধনস্য প্রতিকোপস্য ফলং প্রাপ্নুহি ॥৭॥

এহীতি। হে কর্ণ! এহি, সঙ্গরে অস্মিন্ সমরে, ময়া সার্দ্ধং প্রতিযুধ্যস্ব। সৈনিকৈঃ সহেতি সহসৈনিকাঃ সর্ব্বে কুরবস্তু প্রেক্ষকা দর্শকাঃ ভবন্তু ॥৮॥

রাধানন্দন! তুমি পূর্ব্বে আমাকে না পাইয়া যে কিছু বলিয়াছিলে, আজ কৌরবগণমধ্যে আমার সহিত তাহা কার্য্যে পরিণত কর ॥৪॥

আর সেই সভামধ্যে দুরাত্মারা দ্রৌপদীকে কষ্ট দিতেছিল, তুমি যে তাহা আনন্দের সহিত দেখিয়াছিলে, আজ তাহার প্রধান ফল লাভ কর ॥৫॥

রাধানন্দন! আমি ধর্ম্মপাশে বদ্ধ থাকিয়া পূর্ব্বে যাহা সহ্য করিয়াছিলাম, এই যুদ্ধে আমার সেই ক্রোধের উৎকর্ষ দেখ ॥৬॥

দুর্ম্মতি! বার বৎসর যাবৎ বনে যে দুঃখ সহ্য করিয়াছি, আজ এখনই সেই ক্রোধের ফল ভোগ কর ॥৭॥

(৪)···মামনাদৃত্য সূতজ!—ভা। (৬)···বিমোক্ষং পশ্য মে মৃধে—ভা। (৭) অয়ং শ্লোকঃ ভা নাস্তি। (৮) প্রতিপত্তব সঙ্গরম্ ··তব সৈনিকাঃ—প্র।

কর্ণ উবাচ।

ব্রবীষি বাচা যৎ পার্থ! কর্ম্মণা তৎ সমাচর।
অতিশেতে হি তে বাক্যং কর্ম্মৈতৎ প্রথিতং ভুবি ॥৯॥
যত্ত্বয়া মর্ষিতং পূর্ব্বং তদশক্তেন মর্ষিতম্।
ইতি গৃহ্লামি তে পার্থ! তব দৃষ্ট্বা পরাক্রমম্ ॥১০॥
ধর্ম্মপাশনিবদ্ধেন যত্ত্বয়া মর্ষিতং পুরা।
তথৈব বদ্ধমাত্মানমবদ্ধমিব মন্যসে ॥১১॥
যদি তাবদ্বনে বাসো যথোক্তশ্চরিতস্ত্বয়া।
তত্ত্বং ধর্ম্মার্থবিৎ কৃৎস্নং সময়ং ভেত্তুমিচ্ছসি ॥১২॥

ভারতকৌমুদী

ব্রবীষীতি। হে পার্থ! ত্বং বাচা যৎ ব্রবীষি, তৎ কর্ম্মণা সমাচর। তে তব বাক্যং কর্ত্তৃ, কর্ম্ম অতিশেতে অতিক্রামতি। এতদ্ধি ভুবি প্রথিতম্ ॥৯॥

যদিতি। হে পার্থ! ত্বয়া পূর্ব্বং যৎ মর্ষিতং সোঢম্, তৎ অশক্তেনৈব মর্ষিতম্। ইতি তব পরাক্রমং দৃষ্ট্বা তে ত্বৎসম্বন্ধে গৃহ্লামি অবধারয়ামি ॥১০॥

ধর্ম্মেতি। হে অর্জ্জুন! ধর্ম্মপাশনিবদ্ধেন ত্বয়া পুরা, যৎ যথা মর্ষিতং সোঢ়ম্, ইদানীমপি তথৈব ধর্ম্মপাশেন বদ্ধম্, অজ্ঞাতবাসকালানপগমাদিতি ভাবঃ, আত্মানম্, অবদ্ধমিব মন্যসে, ঔদ্ধত্যাৎ সম্ভাবয়সি। তস্য চাধর্ম্মত্বাদিদানীমপি মর্ষণমেবোচিতমিত্যাশয়ঃ ॥১১॥

যদীতি। ত্বয়া যদি তাবৎ যথোক্ত এব বনে বাসশ্চরিতঃ, তত্তদা ত্বং ধর্ম্মার্থবিৎ সন্,

---

কর্ণ! আইস, এই যুদ্ধে আমার সহিত প্রতিপক্ষভাবে যুদ্ধ কর; আর কৌরবেরা সকলে সৈন্যগণের সহিত দর্শক হউন” ॥৮॥

কর্ণ বলিলেন—“অর্জ্জুন! তুমি মুখে যাহা বলিতেছ, কার্য্যে তাহা কর। তোমার বাক্য কার্য্যকে অতিক্রম করে (অর্থাৎ কার্য্য অপেক্ষা তোমার বাগাড়ম্বরই বেশী); ইহা জগতেই প্রসিদ্ধ আছে ॥৯॥

অর্জ্জুন! তুমি পূর্ব্বে যাহা সহ্য করিয়াছিলে, তাহা না পারিয়াই করিয়াছিলে; ইহা তোমার পরাক্রম দেখিয়া স্থির করিয়াছি ॥১০॥

অর্জ্জুন! তুমি পূর্ব্বেও যেমন ধর্ম্মপাশে বদ্ধ থাকিয়া সহ্য করিয়াছিলে, এখনও তেমনই ধর্ম্মপাশে বদ্ধ রহিয়াছ; তথাপি ঔদ্ধত্যবশতই আপনাকে অবদ্ধ বলিয়া মনে করিতেছ। ॥১১॥

---

(৯)...কর্ম্মণৈতৎ...কর্ম্মভিঃ প্রথিতং ভুবি—প্র, কর্ম্মেতি প্রথিতং ভুবি—ভা। (১০) ইতি গর্হামি তে পার্থ!—প্র, ..ইতো গৃহ্লীমহে পার্থ—বা ব রা ম। (১১) যদি তে মর্ষিতম্—প্র, অবদ্ধমিতি মন্যসে—ভা। (১২)...তত্ত্বং ধর্ম্মার্থবিক্লিষ্টঃ স ময়া যোদ্ধুমিচ্ছসি —বা ব রা ম, ..ভেত্তুমর্হসি—ভা।

যদি শক্রঃ স্বয়ং পার্থ ! যুধ্যতে তব কারণাৎ ।
তথাপি ন ব্যথা কাচিন্মম স্যাদ্বিক্রমিষ্যতঃ ॥১৩॥
অয়ং কৌন্তেয় ! কামস্তে নচিরাৎ সমুপস্থিতঃ ।
যোৎস্যসে ত্বং ময়া সার্দ্ধমদ্য দ্রক্ষ্যসি মে বলম্ ॥১৪॥

অর্জ্জুন উবাচ ।

ইদানীমেব তাবত্ত্বং ব্যপযাতো রণান্মম ।
তেন জীবসি রাধেয় ! নিহতস্ত্বনুজস্তব ॥১৫॥
ভ্রাতরং ঘাতয়িত্বা কস্ত্যক্ত্বা রণশিরশ্চ কঃ ।
ত্বদন্যঃ পুরুষঃ সৎসু ব্রূয়াদেবং-ব্যবস্থিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

কৃৎস্নং সময়ম্ অজ্ঞাতবাসকালং ভেত্তুমতিক্রমিতুমিচ্ছসীতি কাকুঃ। তচ্চাধর্ম্ম্যমিতি ভাবঃ। এতচ্চ দুর্য্যোধনবদেব সাবনগণনয়োক্তম্। তন্নিরাসস্তু প্রাগেব দর্শিতঃ ॥১২॥

অথ যুষ্মাকং শাসনার্থমেবাযমজ্ঞাতবাসনিয়মাতিক্রম ইত্যাহ—যদীতি। হে পার্থ! যদি স্বযং শক্র ইন্দ্রোঽপি তব কারণাদ্‌যুধ্যতে, তথাপি বিক্রমিষ্যতো মম, কাচিদপি ব্যথা উদ্বেগো ন স্যাৎ, আত্মনস্ততোঽপি প্রবলত্বাদিতি ভাবঃ ॥১৩॥

অযমিতি। হে কৌন্তেয! অযং তে কামঃ ময়া সহ যুদ্ধাভিলাষঃ তৎসময ইত্যর্থঃ, নচিরাৎ শীঘ্রমেব ইদানীমেব সমুপস্থিতঃ। ত্বং ময়া সার্দ্ধমদ্য যোৎস্যসে, মে বলঞ্চ দ্রক্ষ্যসি ॥১৪॥

ইদানীমিতি। হে রাধেয়! ত্বং তাবদিদানীমেব মম রণাৎ ব্যপযাতঃ পলায়িতঃ, তেনৈব ত্বং জীবসি। কিন্তু তব অনুজঃ সংগ্রামজিৎ ময়া নিহতঃ ॥১৫॥

তুমি যদি যথোক্ত নিয়মে বনবাস করিয়া থাক, তবে তুমি ধর্ম্মজ্ঞ হইয়া সমস্ত অজ্ঞাতবাসের সময়টার ব্যতিক্রম করিবার ইচ্ছা করিলে। ॥১২॥

সে যাহা হউক; অর্জ্জুন! স্বয়ং ইন্দ্রও যদি তোমার জন্য যুদ্ধ করেন, তথাপি আমার কোন উদ্বেগ নাই। কেন না, আমি আজ বিক্রম প্রকাশ করিব ॥১৩॥

কুন্তীনন্দন! তোমার সেই অভিলাষ এখন উপস্থিত হইয়াছে; তুমি আজ আমার সহিত যুদ্ধ করিতে পারিবে এবং আমার বল দেখিতে পাইবে” ॥১৪॥

অর্জ্জুন বলিলেন—“রাধানন্দন! তুমি এই মাত্র আমার যুদ্ধ হইতে পলাইয়া গেলে এবং তাহাতেই বাঁচিয়া আছ; কিন্তু তোমার কনিষ্ঠ ভ্রাতা সংগ্রামজিৎ আমার হাতে নিহত হইয়াছে ॥১৫॥

---

(১৬) ··ঘাতয়িত্বা চ—ভা।

বৈশম্পায়ন উবাচ।

ইতি কর্ণং বদন্নেব বীভৎসুরপরাজিতঃ।
অভ্যয়াদ্বিসৃজন্ বাণান্ কায়াবরণভেদিনঃ ॥১৭॥
প্রতিজগ্রাহ তং কর্ণঃ প্রীয়মাণো মহারথঃ।
মহতা শরবর্ষেণ বর্ষমাণমিবাম্বুদম্ ॥১৮॥
উৎপেতুঃ শরজালানি ঘোররূপাণি সর্ব্বশঃ।
অবিধ্যদশ্বান্ বাহ্বোশ্চ হস্তাবাপং পৃথক্ পৃথক্ ॥১৯॥
সোহমৃষ্যমাণঃ কর্ণস্য নিষঙ্গস্যাবলম্বনম্।
চিচ্ছেদ নিশিতাগ্রেণ শরেণানতপর্ব্বণা ॥২০॥

ভারতকৌমুদী

ভ্রাতবমিতি। ত্বদন্যঃ কঃ পুরুষো ভ্রাতবং ঘাতয়িত্বা, রণশিবঃ সমবাগ্রদেশঞ্চ ত্যক্ত্বা, সৎসু জনেষু মধ্যে ব্যবস্থিতঃ সন্, এবং সগর্ব্বং ব্রূয়াৎ ॥১৬॥

ইতীতি। অপরাজিতো বীভৎসুরর্জ্জুনঃ, ইতি বদন্নেব, কাযাবরণভেদিনঃ কবচবিদার-কান্ বাণান্, বিসৃজন্ নিক্ষিপন্, কর্ণম্, অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ ॥১৭॥

প্রতীতি। মহারথঃ কর্ণোহপি প্রীযমাণঃ সন্নেব, মহতা শববর্ষেণ, বর্ষমাণং জলং বর্ষন্তম্, অম্বুদং মেঘমিব, তমর্জ্জুনং প্রতিজগ্রাহ ॥১৮॥

উদিতি। তদা ঘোররূপাণি শরজালানি, সর্ব্বশঃ সর্ব্বাসু দিক্ষু, উৎপেতুঃ। অশ্বান্ বাহ্বোঃ হস্তাবাপং চর্ম্মাবরণঞ্চ পৃথক্ পৃথক্ অবিধ্যৎ অর্জ্জুনঃ কর্ণশ্চ ॥১৯॥

স ইতি। সঃ অর্জ্জুনঃ, কর্ণস্য, নিষঙ্গস্য বৃহত্তূণীরস্য, অবলম্বনং পৃষ্ঠে ধারণম্, অমৃষ্যমাণঃ অসহমানঃ সন্, নিশিতাগ্রেণ আনতপর্ব্বণা চ শবেণ তৎ চিচ্ছেদ ॥২০॥

কর্ণ! তুমি ভিন্ন কোন্ পুরুষ ভ্রাতাকে বধ কবাইয়া এবং সমরাঙ্গনেব সম্মুখভাগ পরিত্যাগ করিয়া যাইয়া সজ্জনের মধ্যে থাকিয়া এইরূপ বলিতে পারে?" ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—অপরাজিত অর্জ্জুন এই কথা বলিতে বলিতেই বর্ম্মবিদাবক বাণসমূহ নিক্ষেপ কবিতে করিতে কর্ণেব প্রতি ধাবিত হইলেন ॥১৭॥

তখন মহাবথ কর্ণও সন্তুষ্টচিত্তে বিশাল শরবর্ষণ করিয়া, জলবর্ষণকাবী মেঘেব ন্যায় অর্জ্জুনকে গ্রহণ কবিলেন ॥১৮॥

এই সময়ে সকল দিকেই ভয়ঙ্কব শরজাল উত্থিত হইল এবং উভয়েই উভয়েব অশ্ব ও বাহুযুগলেব চর্ম্মাবরণ পৃথক্ পৃথক্ বিদ্ধ কবিলেন ॥১৯॥

(১৭)···ব্রুবন্নেব—বা ব রা ম ভা। (১৮)·· প্রীয়মাণো ধনঞ্জয়ম্—ভা। (১৯)··· আবিধ্যদশ্বান্—প্র। (২০)·· শরেণ নতপর্ব্বণা—বা ব বা ম।

ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—::—

বৈশম্পায়ন উবাচ।

ততো বৈকর্ত্তনং জিত্বা পার্থো বৈরাটিমব্রবীৎ।
এতন্মাং প্রাপয়ানীকং যত্র তালো হিরণ্ময়ঃ ॥১॥
যত্র শান্তনবো ভীষ্মো রথেঽস্মাকং পিতামহঃ।
কাঙ্ক্ষমাণো ময়া যুদ্ধং তিষ্ঠত্যমরদর্শনঃ ॥২॥
অথ সৈন্যং মহদ্‌দৃষ্ট্বা রথনাগহয়াকুলম্।
অব্রবীদুত্তরঃ পার্থং প্রতিবিদ্ধঃ শরৈর্ভৃশম্ ॥৩॥
নাহং শক্যামি বীরেহ নিয়ন্তুং তে হয়োত্তমান্।
বিষীদন্তি মম প্রাণা মনো বিহ্বলতীব মে ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পার্থো বৈকর্ত্তনং কর্ণং জিত্বা, বৈরাটিমুত্তরমব্রবীৎ। যত্র অনীকে, হিরণ্ময়ঃ স্বর্ণময়ঃ, তালো ধ্বজো বর্ত্ততে, এতদনীকং সৈন্যং মাং প্রাপয় ॥১॥

যত্রেতি। যত্র চানীকে, অমরস্যেব দেবস্যেব দর্শনং যস্য সঃ, অস্মাকং পিতামহঃ শান্তনবঃ শান্তনুপুত্রো ভীষ্মঃ, ময়া সহ যুদ্ধং কাঙ্ক্ষমাণো রথে তিষ্ঠতি ॥২॥

অথেতি। অথ শরৈর্ভৃশং প্রতিবিদ্ধ উত্তরঃ, রথৈঃ নাগৈর্হস্তিভিঃ হয়ৈরশ্বৈশ্চ আকুলং ব্যাপ্তম্, মহৎ সৈন্যং দৃষ্ট্বা পার্থমব্রবীৎ ॥৩॥

পলায়ন করিলেন। তখন মহারথ অর্জ্জুন ও উত্তর তাঁহাকে উচ্চস্বরে ডাকিতে লাগিলেন ॥২৭॥

—::—

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর অর্জ্জুন কর্ণকে জয় করিয়া উত্তরকে বলিলেন—"উত্তর! যে সৈন্যের মধ্যে স্বর্ণময় ধ্বজ রহিয়াছে, এই সৈন্যের নিকটে আমাকে লইয়া চল ॥১॥

এবং যে সৈন্যের মধ্যে আমাদের পিতামহ, দেবদর্শন ও শান্তনুনন্দন ভীষ্ম আমার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া রথে অবস্থান করিতেছেন" ॥২॥

তদনন্তর অত্যন্ত বাণবিদ্ধ উত্তর রথ, হস্তী ও অশ্বে পরিপূর্ণ বিশাল সৈন্য দর্শন করিয়া অর্জ্জুনকে বলিলেন—॥৩॥

"বীর! আমি এখন আপনার এই উত্তম অশ্বগুলিকে সংযত করিতে সমর্থ

---

(২) ··ময়া সার্দ্ধম্—ভা। (৩) ··হয়নাগরথাকুলম্—প্র। (৪) ··কৌন্তেয়। নিয়ন্তুম্—ভা।

অস্ত্রাণামিহ দিব্যানাং প্রভাবাৎ সম্প্রযুজ্যতাম্।
ত্বয়া চ কুরুভিশ্চৈব ভ্রমন্তীব দিশো দশ ॥৫॥
গন্ধেন মূর্চ্ছিতশ্চাস্মি বসারুধিরমেদসাম্।
দ্বৈধীভূতং মনো মহ্যং ত্রাসশ্চৈব প্রপশ্যতঃ ॥৬॥
অদৃষ্টপূর্ব্বঃ শূরাণাং মহাসংখ্যে সমাগমঃ।
যোধাহ্বানেন মহতা শঙ্খানাং নিনদেন চ ॥৭॥
সিংহনাদৈশ্চ শূরাণাং গজানাং বৃংহিতৈস্তথা।
গাণ্ডীবশব্দেন ভৃশমশনিপ্রতিমেন চ ॥৮॥

ভারতকৌমুদী

নেতি। হে বীর! অহমিহ, তে হয়োত্তমান্ অশ্বশ্রেষ্ঠান্, নিযন্তুং সংযন্তুম্, ন শক্যামি। যেন হি মম প্রাণা বিষীদন্তি; মে মনশ্চ বিহ্বলতীব ॥৪॥

অস্ত্রাণামিতি। ত্বয়া চ কুরুভিশ্চৈব, সম্প্রযুজ্যতাং সম্প্রযুজ্যমানানাং নিক্ষিপ্যমাণানামিতি যাবৎ দিব্যানামস্ত্রাণাং প্রভাবাৎ ইহ দশৈব দিশো মে ভ্রমন্তীব ॥৫॥

গন্ধেনেতি। বসা চর্ম্মাধোবর্ত্তি তৈলবদ্বস্তু, রুধিরং রক্তম্, মেদঃ অস্থ্যভ্যন্তরগতং ঘৃতবদ্বস্তু চ তেষাং গন্ধেন মূর্চ্ছিতশ্চ অস্মি। তথা এতদ্যুদ্ধং প্রপশ্যতঃ, মহ্যং মম, মনঃ, দ্বৈধীভূতং জীবামি ন বেতি সংশযমাপন্নম্, ত্রাসো ভয়ঞ্চ জাতঃ ॥৬॥

অদৃষ্টেতি। মহাসংখ্যে মহাযুদ্ধে শূরাণাং সমাগমঃ সম্মেলনম্, ময়া অদৃষ্টপূর্ব্বঃ। তথা হে বীর। যোধানাং যোদ্ধৃণামাহ্বানেন, মহতা শঙ্খানাং নিনদেন ধ্বনিনা চ, শূরাণাং সিংহ-

---

হইতেছি না। কারণ, আমার প্রাণ যেন বিষণ্ণ হইয়া পড়িয়াছে এবং মন যেন বিহ্বল হইয়া গিয়াছে ॥৪॥

আর আপনার ও কৌরবগণের নিক্ষিপ্ত অলৌকিক অস্ত্রসমূহের প্রভাবে আমার নিকট দশটা দিক্‌ই যেন ঘুরিতেছে ॥৫॥

এবং বসা, রক্ত ও মেদের গন্ধে আমি যেন মূর্চ্ছিতপ্রায় হইয়াছি; আর এই ভীষণ যুদ্ধ দেখিতে থাকায় আমার মন সংশয়াপন্ন হইয়াছে, ভয়ও জন্মিয়াছে ॥৬॥

কারণ, মহাযুদ্ধে বীরগণের সম্মেলন আমি আর পূর্ব্বে দেখি নাই। তা'র পর, হে বীর! যোদ্ধৃগণের আহ্বানে, শঙ্খগুলির বিশাল শব্দে, বীরগণের সিংহনাদে, হস্তিগণের বৃংহিতরবে এবং বজ্রশব্দতুল্য গাণ্ডীবের শব্দে আমার চিত্ত অস্থির

---

(৫)···প্রভাবঃ ··দ্রবন্তীব দিশো দশ—বা ব রা ম। (৬)···দ্বৈধীভূতং মনো মেঽদ্য তব চৈব প্রপশ্যতঃ—বা ব রা ম, মনো মেঽদ্য সন্ত্রাসশ্চৈব পশ্য মে—ভা। (৭) ··শূরাণাং মহৎ সংশয়মাগতম্। গোধাঘাতেন···প্র, ··শূরাণাং ময়া সংখ্যে সমাগমঃ। গদাপাতেন··· নিঃস্বনেন চ—বা ব রা ম।

শ্রুতিঃ স্মৃতিশ্চ মে বীর ! প্রনষ্টা মূঢ়চেতসঃ ।
অলাতচক্রপ্রতিমং মণ্ডলঞ্চ কৃতং ত্বয়া ॥৯॥
ব্যাক্ষিপ্যমাণং সমরে গাণ্ডীবঞ্চ প্রপশ্যতঃ ।
দৃষ্টির্বিচলিতা বীর ! হৃদয়ং দীর্য্যতীব মে ॥১০॥ (কলাপকম্)
বপুশ্চোগ্রং তব রণে ক্রুদ্ধস্যেব পিনাকিনঃ ।
ব্যায়চ্ছতস্তব ভুজং দৃষ্ট্বা ভীর্মে ভবত্যপি ॥১১॥
নাদদানং সংদধানং ন মুঞ্চন্তং শরোত্তমান্ ।
ত্বামহং সম্প্রপশ্যামি পশ্যন্নপি বিচেতনঃ ॥১২॥

ভারতকৌমুদী

নাদৈশ্চ, তথা গজানাং বৃংহিতৈর্বৃংহিতৈঃ, অশনিপ্রতিমেন বজ্রশব্দতুল্যেন গাণ্ডীবশব্দেন চ, মূঢ়চেতসো মে, শ্রুতিঃ শ্রবণশক্তিঃ, স্মৃতিঃ স্মরণশক্তিশ্চ ভৃশং প্রনষ্টা। তথা হে বীব! ত্বযা অলাতং জ্বলৎকাষ্ঠং তস্য চক্রং ঘূর্ণ্যমানং জ্বলৎকাষ্ঠমিত্যর্থঃ তদেব প্রতিমা উপমা যস্য তত্তাদৃশম্, মণ্ডলং কৃতং শবক্ষেপসমযে মণ্ডলীকৃতম্, তথা সমবে ব্যাক্ষিপ্যমাণমাকৃষ্যমাণং গাণ্ডীবঞ্চ, প্রপশ্যতো মে, দৃষ্টির্বিচলিতা, হৃদয়ঞ্চ দীর্য্যতি বিদীর্য্যত ইব ॥৭—১০॥

বপুরিতি। রণে ক্রুদ্ধস্য পিনাকিনঃ শিবস্যেব, তব উগ্রং বপুঃ, ব্যায়চ্ছতো বাণক্ষেপকালে ভুজাবেব প্রসারয়তস্তব ভুজঞ্চ দৃষ্ট্বা মে ভীর্ভয়মপি ভবতি ॥১১॥

নেতি। বিচেতনো যুদ্ধনৈপুণ্যদর্শনান্মুগ্ধচিত্তঃ অহম্, পশ্যন্নপি শবোত্তমান্, আদদানং গৃহ্নন্তং ন, সংদধানং সন্ধানং কুর্ব্বন্তং ন, মুঞ্চন্তং নিক্ষিপন্তমপি ত্বাং ন সম্প্রপশ্যামি তেষামন্তরং দ্রষ্টুং ন শক্নোমীত্যর্থঃ, অতিক্রতত্বাদিতি ভাবঃ ॥১২॥

হইয়া গিয়াছে, আর শ্রবণশক্তি ও স্মরণশক্তি যেন নাশ পাইয়াছে। আব বীব! আপনি যুদ্ধে গাণ্ডীবধনুটাকে যে ঘূর্ণিত জ্বলৎকাষ্ঠের ন্যায় মণ্ডলাকাব ও আকর্ষণ করিয়াছেন, তাহা দেখিতে থাকায় আমাব দৃষ্টি বিচলিত হইয়াছে এবং ভয়ে হৃদয় যেন বিদীর্ণ হইতেছে ॥।—১০॥

তাব পর, যুদ্ধে ক্রুদ্ধ মহাদেবেব ন্যায় আপনাব ভীষণ শরীর এবং বাণক্ষেপেব সময প্রসারিত বাহু দেখিয়া আমাব ভযও হয় ॥১১॥

এবং আপনার যুদ্ধনৈপুণ্যদর্শনে আমাব মন মুগ্ধ হইয়া গিয়াছে; সুতবাং আমি চাহিয়া থাকিয়াও আপনার বাণগ্রহণ, বাণসন্ধান ও বাণক্ষেপেব অবকাশ দেখিতে পাই না ॥১২॥

---

(৯)... মণ্ডলং সততং ত্বয়া—প্র বা ব বা ম। (১০) ...গাণ্ডীবঞ্চ প্রকর্বতা—বা ব বা ম ভা। (১১)...ব্যায়চ্ছতঃ শতভূজম্—ভা। (১২) নাদদানং ন সন্ধানম্ প্র বা ব রা ম,...ন চেতসা—বা ব,...ন চেতনঃ—রা ম।

অবসীদন্তি মে প্রাণা ভূরিয়ং চলতীব চ।
ন প্রতোদং ন চাভীষুং সংযন্তুং শক্তিরস্তি মে ॥১৩॥

অর্জ্জুন উবাচ।

মা ভৈষীঃ স্তম্ভয়াত্মানং ত্বয়াপি নরপুঙ্গব!।
অত্যদ্ভুতানি কর্ম্মাণি কৃতানি রণমূর্দ্ধনি ॥১৪॥
রাজপুত্রোঽসি ভদ্রং তে কুলে মৎস্যস্য বিশ্রুতে।
জাতস্ত্বং শত্রুদমনে ন বিষীদিতুমর্হসি ॥১৫॥
ধৃতিং কৃত্বা সুবিপুলাং রাজপুত্র! রথে মম।
যুধ্যমানস্য সমরে হয়ান্ সংযচ্ছ শত্রুহন্! ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা মহাবাহুর্বৈরাটিং নরসত্তমঃ।
অর্জ্জুনো রথিনাং শ্রেষ্ঠঃ পুনরেবেদমব্রবীৎ ॥১৭॥

ভারতকৌমুদী

অবেতি। শ্রমাতিরেকাৎ মে প্রাণা অবসীদন্তি, ইয়ং ভূশ্চ চলতীব। অতএব প্রতোদং কশাং ন, অভীষুমশ্বরজ্জুঞ্চ ন সংযন্তুং ধর্ত্তুং মে শক্তিরস্তি ॥১৩॥

মেতি। হে নরপুঙ্গব। ত্বং মা ভৈষীঃ, আত্মানঞ্চ স্তম্ভয় স্থিরীকুরু। ত্বয়াপি রণমূর্দ্ধনি অশ্বচালনাদীনি অত্যদ্ভুতানি কর্ম্মাণি কৃতানি ॥১৪॥

রাজেতি। ত্বং রাজপুত্রোঽসি, বিশেষতশ্চ বিশ্রুতে বিখ্যাতে শত্রুদমনে চ মৎস্যস্য কুলে জাতঃ। অতএব ত্বম্, বিষীদিতুং বিষাদং প্রাপ্তুং নার্হসি। অত্র অসার্ব্বধাতুকেঽপি সীদাদেশ আর্ষঃ। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥১৫॥

ধৃতমিতি। হে রাজপুত্র! হে শত্রুহন্! সুবিপুলাং ধৃতিং ধৈর্য্যং কৃত্বা, সমরে যুধ্যমানস্য মম রথে, হয়ান্ অশ্বান্, সংযচ্ছ সঞ্চালয় ॥১৬॥

এদিকে আমার প্রাণ অবসন্ন হইয়া পড়িয়াছে, পৃথিবীও যেন ঘুরিতেছে; সুতরাং কশা ও লাগাম ধরিবার উপযোগী শক্তি আমার নাই" ॥১৩॥

অর্জ্জুন বলিলেন—"নরশ্রেষ্ঠ! তুমি ভীত হইও না, চিত্ত স্থির কর। তুমিও যুদ্ধে অত্যন্ত অদ্ভুত কার্য্য সকল করিয়াছ ॥১৪॥

এবং তুমি রাজার পুত্র, বিশেষতঃ জগদ্বিখ্যাত শত্রুদমন বংশে জন্মিয়াছ; অতএব তোমার বিষণ্ণ হওয়া উচিত নহে। তোমার মঙ্গল হউক ॥১৫॥

শত্রুহন্তা রাজপুত্র! তুমি বিশেষ ধৈর্য্য অবলম্বন করিয়া, রণস্থলে যুদ্ধ করিবার সময়ে আমার রথের অশ্বগুলিকে সঞ্চালন কর" ॥১৬॥

---

(১৩)...ন চ প্রতোদং রশ্মীংশ্চ—বা ব রা ম ভা। (১৫)...বিশ্রুতঃ—প্র,...জাতস্ত্বং শত্রুদমন।—ভা। (১৭)...রথসত্তমঃ—প্র, ...পার্থসত্তমঃ—ভা।

সেনাগ্রমাশু ভীষ্মস্য প্রাপয়স্বৈতদেব মাম্।
আচ্ছেৎস্যাম্যহমেতস্য ধনুর্জ্যামপি চাহবে।
অস্যন্তং দিব্যমস্ত্রং মাং চিত্রমদ্য নিশাময় ॥১৮॥
শতহ্রদামিবায়ান্তীং স্তনয়িত্নোরিবাম্বরে।
সুবর্ণপৃষ্ঠং গাণ্ডীবং দ্রক্ষ্যন্তি কুরবো মম ॥১৯॥
দক্ষিণেনাথ বামেন কতরেণ স্বিদস্যতি।
ইতি মাং সঙ্গতাঃ সর্ব্বে তর্কয়িষ্যন্তি শত্রবঃ ॥২০॥
শোণিতোদাং রথাবর্ত্তাং নাগনক্রাং দুরত্যয়াম্।
নদীং প্রস্কন্দয়িষ্যামি পরলোকপ্রবাহিনীম্ ॥২১॥

ভারতকৌমুদী

এবমিতি। মহাবাহুঃ নরসত্তমো রথিনাং শ্রেষ্ঠশ্চ অর্জ্জুনঃ, বৈরাটিমুত্তরম্, এবমুক্ত্বা পুনরেব ইদমব্রবীৎ ॥১৭॥

সেনেতি। হে উত্তর! মাম্, এতদেব ভীষ্মস্য সেনাগ্রম্, আশু শীঘ্রম্, প্রাপয়স্ব। অহম্, আহবে যুদ্ধে, এতস্য ভীষ্মস্য, ধনুষো জ্যাং গুণম্, আচ্ছেৎস্যামি। ত্বঞ্চ, চিত্রমাশ্চর্য্যং যথা স্যাত্তথা, দিব্যমস্ত্রম্, অস্যন্তং ক্ষিপন্তং মাম্, অদ্য নিশাময় অবলোকয়। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

শতেতি। কুরবঃ, সুবর্ণপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠং মম গাণ্ডীবম্, অম্বরে গগনে, স্তনয়িত্নোর্মেঘাৎ আযান্তীমাগচ্ছন্তীম্, শতহ্রদাং বিদ্যুতমিব দ্রক্ষ্যন্তি ॥১৯॥

দক্ষিণেনেতি। দক্ষিণেন অথ বামেন বা কতরেণ হস্তেন, অস্যতি স্বিৎ বাণান্ ক্ষিপতি নন্বর্জ্জুন ইতি শেষঃ। ইতি ইত্থং রূপেণ, সঙ্গতাঃ সম্মিলিতাঃ সর্ব্বে শত্রবো মাং তর্কয়িষ্যন্তি। "স্বিৎ প্রশ্নে চ বিকল্পে চ" ইত্যমরঃ ॥২০॥

বৈশম্পায়ন বলিলেন—মহাবাহু, নরশ্রেষ্ঠ ও রথিপ্রধান অর্জ্জুন উত্তরকে এইরূপ বলিয়া আবার বলিলেন—॥১৭॥

"রাজপুত্র! তুমি আমাকে ভীষ্মের এই সৈন্যের সম্মুখেই সত্বর লইয়া চল। আমি যুদ্ধে ভীষ্মের ধনুর গুণ ছেদন করিব এবং আমি আজ আশ্চর্য্যরূপে দিব্য অস্ত্র সকল নিক্ষেপ করিব; তাহা তুমি দর্শন কর ॥১৮॥

আজ কৌরবেরা আমার স্বর্ণখচিত গাণ্ডীবধনুখানাকে আকাশস্থ মেঘ হইতে আগত বিদ্যুতের ন্যায় দর্শন করিবেন ॥১৯॥

এবং 'দক্ষিণ ও বাম ইহার কোন্ হস্তদ্বারা অর্জ্জুন বাণক্ষেপ করিতেছেন?' এইভাবে সম্মিলিত শত্রুরা সকলে আমার বিষয়ে তর্ক করিবে ॥২০॥

---

(১৮)...আদাস্যম্যহমেতস্য—ভা। (১৯)... স্তনয়িত্নোরিবাম্বরাৎ—ভা।

পাণি-পাদ শিরঃ-পৃষ্ঠ-বাহু-শাখা-নিরন্তরম্।
বনং কুরূণাং ছেৎস্যামি শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২২॥
জয়তঃ কৌরবীং সেনামেকস্য মম ধন্বিনঃ।
শতং মার্গা ভবিষ্যন্তি পাবকস্যেব কাননে ॥২৩॥
ময়া চক্রমিবাবিদ্ধং সৈন্যং দ্রক্ষ্যসি কেবলম্।
ইষ্বস্ত্রে শিক্ষিতং চিত্রমহং দর্শয়িতাস্মি তে ॥২৪॥
অপ্রমত্তো রথে তিষ্ঠ সমেষু বিষমেষু চ।
দিবমাবৃত্য তিষ্ঠন্তং গিরিং ভিন্দ্যাং স্ম পত্রিভিঃ ॥২৫॥

ভারতকৌমুদী

শোণিতেতি। শোণিতানি রুধিরাণ্যেব উদকানি জলানি যস্যাস্তাম্, রথা এব আবর্ত্তা জলভ্রময়ো যস্যাস্তাম্, নাগা হস্তিন এব নক্রাঃ কুম্ভীরা যস্যাস্তাম্, দুরত্যয়াং দুস্তরাম্, পরং লোকং প্রবহতি নয়তীতি তাং তাদৃশীঞ্চ, কাঞ্চিৎ নদীম্, প্রস্যন্দয়িষ্যামি অহং প্রবর্ত্তয়িষ্যামি ॥২১॥

পাণীতি। অহং সন্নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপান্তদেশৈঃ শরৈঃ, পাণয়ঃ পাদাঃ শিরাংসি পৃষ্ঠানি বাহব এব চ শাখাস্তাভিঃ নিরন্তরং ঘনম্, কুরূণাং কৌরবসৈন্যানাং বনম্, ছেৎস্যামি ॥২২॥

জয়ত ইতি। কাননে পাবকস্য বহ্নেরিব, কৌরবীং সেনাং জয়তঃ, ধন্বিনো ধনুর্দ্ধরস্য একস্যাপি মম, শতং মার্গা বিচরণপথা ভবিষ্যন্তি ॥২৩॥

ময়েতি। ময়া চক্রমিব আবিদ্ধং ঘূর্ণিতং কৌরবাণাং সৈন্যং কেবলং দ্রক্ষ্যসি। তথা অহং তে, ইষ্বস্ত্রে বাণাস্ত্রে, চিত্রমাশ্চর্য্যম্, শিক্ষিতং শিক্ষাং দর্শয়িতাস্মি ॥২৪॥

অপ্রেতি। ত্বঞ্চ সমেষু সমতলদেশেষু, বিষমেষু উচ্চাবচেষু দেশেষু চ, রথে অপ্রমত্তঃ সাবধানস্তিষ্ঠ। অহং পত্রিভির্বাণৈঃ, দিবমাকাশম্, আবৃত্য ব্যাপ্য তিষ্ঠন্তং গিরিং পর্ব্বতমপি ভিন্দ্যাং বিদারয়েয়ম্। স্মশব্দঃ পাদপূরণে ॥২৫॥

উত্তর! আমি আজ পরলোকপ্রবাহিনী দুস্তর একটা নদী প্রবর্ত্তিত করিব; রক্ত হইবে তাহার জল, রথ হইবে তাহার আবর্ত্ত (ঘোলা) এবং হস্তী হইবে তাহার কুম্ভীর ॥২১॥

হস্ত, পদ, মস্তক, পৃষ্ঠ ও বাহুরূপ শাখাদ্বারা পরিপূর্ণ কৌরবসৈন্যরূপ বনটাকে আমি নতপর্ব্ব বাণসমূহদ্বারা ছেদন করিব ॥২২॥

বন দগ্ধ করিবার সময়ে অগ্নির যেমন বহুতর পথ হয়, সেইরূপ কৌরবসৈন্য জয় করিবার সময়ে এক ধনুর্দ্ধর আমারই বহুতর পথ হইবে ॥২৩॥

রাজপুত্র! আমি আজ কৌরবসৈন্যকে চক্রের ন্যায় ঘুরাইব; তুমি কেবল তাহা দেখিবে। আর আমি তোমাকে আমার বিচিত্র বাণশিক্ষা দেখাইব ॥২৪॥

---

(২৪)...ইষ্বস্ত্রং শিক্ষিতম্—প্র। (২৫) অসম্ভ্রান্তো রথে তিষ্ঠ—প্র বা ব রা গ।

অহমিন্দ্রস্য বচনাৎ সংগ্রামেঽভ্যহনং পুরা।
পৌলোমান্ কালকঞ্জাংশ্চ সহস্রাণি শতানি চ ॥২৬॥
অহমিন্দ্রাদ্দৃঢ়াং মুষ্টিং ব্রহ্মণঃ কৃতহস্ততাম্।
প্রগাঢ়ং তুমুলং চিত্রমভ্যশিক্ষং প্রজাপতেঃ ॥২৭॥
অহং পারে সমুদ্রস্য হিরণ্যপুরমারুজম্।
জিত্বা ষষ্টিসহস্রাণি রথিনামুগ্রধন্বিনাম্ ॥২৮॥
শীর্য্যমাণানি কূলানি প্রবৃদ্ধেনেব বারিণা।
ময়া কুরূণাং বৃন্দানি পাত্যমানানি পশ্য বৈ ॥২৯॥

ভারতকৌমুদী

অহমিতি। অহং পুরা ইন্দ্রস্য বচনাৎ সংগ্রামে সহস্রাণি শতানি চ, পৌলোমান্ কালকঞ্জাংশ্চ তত্তদ্বংশীয়ানসুরান্ অভ্যহনম্ ॥২৬॥

অহমিতি। অহম্ ইন্দ্রাৎ দৃঢ়াং মুষ্টিম্, ব্রহ্মণঃ সকাশাৎ কৃতহস্ততাম্ অস্ত্রক্ষেপে হস্তনৈপুণ্যম্, প্রজাপতেঃ সকাশাচ্চ প্রগাঢমত্যন্তং চিত্রং তুমুলঞ্চ যুদ্ধমভ্যশিক্ষম্ ॥২৭॥

অহমিতি। অহং সমুদ্রস্য পারে উগ্রধন্বিনাং ভয়ঙ্করধনুর্দ্ধরাণাং রথিনাং ষষ্টিসহস্রাণি জিত্বা হিরণ্যপুরং তদাখ্যং নগরম্, আরুজং বিধ্বংসিতবান্ ॥২৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১১॥ ন সন্ধানং ন সন্দধানম্। বর্ণলোপ আর্ষঃ ॥১২—১৭॥ নিশাময় পশ্য, শতহ্রদাং বিদ্যুতম্ ॥১৮—২২॥ শতং মার্গা ইতি সর্ব্বতো মার্গস্থানিবোধ উক্তঃ সর্ব্বতো বা মম বাণা গমিষ্যন্তীত্যর্থঃ ॥২৩॥ আবিদ্ধং ভ্রাম্যমাণম্, শিক্ষিতং শিক্ষাম্ ॥২৪—২৬॥ প্রগাঢ়ে সঙ্কটে চিত্রং নানাবিধং তুমুলং সঙ্কটযুদ্ধং সর্ব্বত্র বেদ্মীতি শেষঃ ॥২৭॥ জিত্বা জেতুং শক্তঃ

সমতল ও বিষমতল ভূমিতে তুমি রথের উপরে সাবধানে থাকিও। কেন না, আমি আজ বাণদ্বারা আকাশব্যাপী পর্ব্বতও বিদীর্ণ করিব ॥২৫॥

আমি পূর্ব্বে ইন্দ্রের বাক্য অনুসারে যুদ্ধে শত শত ও সহস্র সহস্র পৌলোম ও কালকঞ্জ অসুরদিগকে বধ করিয়াছিলাম ॥২৬॥

আমি ইন্দ্রের নিকট দৃঢমুষ্টি, ব্রহ্মার নিকট হস্তনৈপুণ্য এবং প্রজাপতির নিকট অত্যন্ত বিচিত্র তুমুল যুদ্ধ শিক্ষা করিয়াছিলাম ॥২৭॥

আমি সমুদ্রপারে যাইয়া ষাট হাজার ভয়ঙ্কর ধনুর্দ্ধর রথীকে জয় করিয়া হিরণ্যপুর ধ্বংস করিয়াছিলাম ॥২৮॥

(২৬)···কালখঞ্জাংশ্চ—বা ব রা ম ভা। (২৭)···সুগাঢম্—প্র, ···প্রগাঢে—বা ব বা ম। (২৮)···হিরণ্যপুরবাসিনাম্—প্র বা ব রা ম, ···রথিনামুগ্রতেজসাম্—প্র। (২৯)···প্রবৃদ্ধেনেব বায়ুনা—প্র ভা, ···পশ্য চ—ভা

ধ্বজবৃক্ষং পত্তিতৃণং রথসিংহগণাযুতম্।
বনমাদীপয়িষ্যামি কুরূণামস্ত্রতেজসা ॥৩০॥
তানহং রথমধ্যস্থান্ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
যোধান্ সর্ব্বানতিবলান্ যোৎস্যমানানবস্থিতান্ ॥৩১॥
একঃ সংকালয়িষ্যামি বজ্রপাণিরিবাসুরান্।
রৌদ্রং রুদ্রাদহং হ্যস্ত্রং বারুণং বরুণাদপি ॥৩২॥
অস্ত্রমাগ্নেয়মগ্নেশ্চ বায়ব্যং মাতরিশ্বনঃ।
বজ্রাদীনি তথাস্ত্রাণি শক্রাদহমবাপ্তবান্ ॥৩৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

শীর্য্যেতি। প্রবৃদ্ধেন প্রবলেন, বারিণা জলস্রোতসা, শীর্য্যমাণানি কূলানি নদ্যাস্তীরাণীব, ময়া কুরূণাং বৃন্দানি পাত্যমানানি পশ্য ॥২৯॥

ধ্বজেতি। অহমস্ত্রতেজসা অস্ত্রানলেন, ধ্বজা এব বৃক্ষা যত্র তৎ, পত্তয়ঃ পদাতয় এব তৃণানি যত্র তৎ, রথা এব সিংহাস্তেষাং গণৈরাযুতং যুক্তঞ্চ, কুরূণাং বনং কৌরবসৈন্যকাননম্, আদীপয়িষ্যামি ধক্ষ্যামি ॥৩০॥

তানিতি। অহমেক এব সন্নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপান্তদেশৈঃ শরৈঃ, বজ্রপাণিরিন্দ্রঃ অসুরানিব, রথমধ্যস্থান্ যোৎস্যমানান্ অবস্থিতান্ অতিবলান্ তান্ সর্ব্বান্ যোধান্ যোদ্ধৄন্, সংকালয়িষ্যামি প্রমথিষ্যামি। ননু কথং তবেদৃশী শক্তির্জাতেত্যাহ—রৌদ্রমিত্যাদি। হি যস্মাৎ, অহং রুদ্রাৎ রৌদ্রম্, বরুণাদপি বারুণমস্ত্রম্, অগ্নেরাগ্নেয়ম্, মাতরিশ্বনো বায়োশ্চ বায়ব্যমস্ত্রম্, তথা অহম্, শক্রাদিন্দ্রাৎ বজ্রাদীনি অস্ত্রাণি অবাপ্তবান্ লব্ধবান্ ॥৩১—৩৩॥

অতএব তুমি দেখ—প্রবল জলস্রোত যেমন নদীর তীর নিপাতিত করে, আমিও সেইরূপ কৌরবসৈন্যগণকে নিপাতিত করিতেছি ॥২৯॥

ধ্বজরূপ বৃক্ষ, পদাতিরূপ তৃণ এবং রথিরূপ সিংহগণে পরিপূর্ণ এই কৌরব-সৈন্যরূপ বনটাকে আমি আজ অস্ত্রানলে দগ্ধ করিব ॥৩০॥

পূর্ব্বকালে একমাত্র ইন্দ্র যেমন অসুরগণকে মথিত করিয়াছিলেন, সেইরূপ একমাত্র আমিই নতপর্ব্ব বাণসমূহদ্বারা যুদ্ধ করিবার জন্য অবস্থিত রথমধ্যবর্ত্তী মহাবল ঐ সকল যোদ্ধাকেই মথিত করিব। কারণ, আমি রুদ্রের নিকট রৌদ্র, বরুণের নিকট বারুণ, অগ্নির নিকট আগ্নেয় এবং বায়ুর নিকট বায়ব্য অস্ত্র লাভ করিয়াছি; আর আমি ইন্দ্রের নিকট বজ্রপ্রভৃতি অস্ত্রও পাইয়াছি ॥৩১—৩৩॥

---

(৩১)…রথমভ্যেত্য—প্র,…যত্তান্ সর্ব্বান্—প্র বা ব বা ম। (৩২)…অহং শস্ত্রম্—প্র।

ধার্ত্তরাষ্ট্রবনং ঘোরং নরসিংহাভিরক্ষিতম্ ।
অহমুৎপাটয়িষ্যামি বৈরাটে ! ব্যেতু তে ভয়ম্ ॥৩৪॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমাশ্বাসিতস্তেন বৈরাটিঃ সব্যসাচিনা ।
ব্যগাহত্তদ্রথানীকং ভীমং ভীষ্মাভিরক্ষিতম্ ॥৩৫॥
তমায়ান্তং মহাবাহুং জিগীষন্তং রণে কুরূন্ ।
অভ্যবারয়দব্যগ্রঃ ক্রূরকর্ম্মাপগাসুতঃ ॥৩৬॥
তস্য জিষ্ণুরুপাবৃত্য ধ্বজং মূলাদপাতয়ৎ ।
বিকৃষ্য কলধৌতাগ্রেঃ স বিদ্ধঃ প্রাপতদ্ভুবি ॥৩৭॥

ভারতকৌমুদী

ধার্ত্তেতি। অহম্, নরা ভীষ্মাদয় এব সিংহাস্তৈরভিরক্ষিতং, ঘোরম্, ধার্ত্তরাষ্ট্রং ধৃতরাষ্ট্রসৈন্যমেব বনং তৎ, উৎপাটয়িষ্যামি। অতএব হে বৈরাটে! উত্তর! তে ভয়ম্, ব্যেতু অপগচ্ছতু ॥৩৪॥

এবমিতি। তেন সব্যসাচিনা অর্জ্জুনেন, এবমাশ্বাসিতো বৈরাটিঃ উত্তরঃ, ভীমং ভয়ঙ্করম্, ভীষ্মাভিরক্ষিতং তং রথানীকং রথিসৈন্যম্, ব্যগাহৎ আলোড়িতবান্ ॥৩৫॥

তমিতি। ক্রূরকর্ম্মা নিষ্ঠুরকর্ম্মা, আপগাসুতো নদীপুত্রো ভীষ্মঃ, অব্যগ্রঃ অনাকুলস্থিরৈব রণে কুরূন্ জিগীষন্তং জেতুমিচ্ছন্তম্, আয়ান্তং তং মহাবাহুমর্জ্জুনম্ অভ্যবারয়ৎ ॥৩৬॥

তস্যেতি। জিষ্ণুরর্জ্জুনঃ, উপাবৃত্য আসন্নীভূয়, বিকৃষ্য ধনুরাকৃষ্য, কলধৌতং স্বর্ণমগ্রে

অতএব ধৃতরাষ্ট্রসৈন্যরূপ ভয়ঙ্কর বন ভীষ্মপ্রভৃতিরূপ সিংহগণকর্ত্তৃক রক্ষিত হইলেও আমি তাহা উৎপাটন করিব : সুতরাং বিরাটনন্দন! তোমার ভয় দূর হউক” ॥৩৪॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন এইভাবে আশ্বস্ত করিলে, উত্তর সেই ভীষ্মরক্ষিত ভয়ঙ্কর রথিসৈন্য আলোড়ন করিতে প্রবৃত্ত হইলেন ॥৩৫॥

মহাবাহু অর্জ্জুন যুদ্ধে কৌরবগণকে জয় করিবার ইচ্ছা করিয়া আসিতে লাগিলে, নিষ্ঠুরকর্ম্মা ভীষ্ম ধীরভাবে থাকিয়াই তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৩৬॥

---

(৩৪)··ধার্ত্তরাষ্ট্রবলম্··উৎসাদয়িষ্যামি—প্র, ধার্ত্তরাষ্ট্রং বনম্—ভা। (৩৫)··ব্যবাগাহদ্রথানীকম্—বা ব রা ম। (৩৬)···চারুকর্ম্মা নদীসুতঃ—প্র, ··ক্রূরকর্ম্মা ধনঞ্জয়ম্—ভা। (৩৭)··ধ্বজমূলে হ্যপাতয়ৎ। বিকৃষ্য কলধৌতাগ্রমিষুং প্রাপযদ্রথম্—প্র,···ধ্বজং মূলে হ্যপাতয়ৎ। বিকৃষ্য কলধৌতাগ্রং স বিদ্ধঃ প্রাপতদ্রথাৎ—ভা।

তং চিত্রমাল্যাভরণাঃ কৃতবিদ্যা মনস্বিনঃ।
আগচ্ছন্ ভীমধন্বানং চত্বারস্তু মহাবলাঃ ॥৩৮॥
দুঃশাসনো বিকর্ণশ্চ দুঃসহোঽথ বিবিংশতিঃ।
আগত্য ভীমধন্বানং বীভৎসুং পর্য্যবারয়ন্ ॥৩৯॥
দুঃশাসনস্তু ভল্লেন বিদ্ধ্বা বৈরাটিমুত্তরম্।
দ্বিতীয়েনার্জ্জুনং বীরঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥৪০॥
তস্য জিষ্ণুরুপাবৃত্য শিতধারেণ কার্ম্মুকম্।
চকর্ত্ত গার্দ্ধ্রপত্রেণ জাতরূপপরিষ্কৃতম্ ॥৪১॥

ভারতকৌমুদী

যেষাং তৈর্বাণৈঃ, তস্য ভীষ্মস্য ধ্বজম্, মূলাদধঃসংযোগদেশাৎ অপাতয়ৎ। মূলে বিদ্ধশ্চ স ধ্বজঃ, ভুবি প্রাপতৎ ॥৩৭॥

তমিতি। চিত্রাণি মাল্যানি আভরণানি চ যেষাং তে, কৃতবিদ্যা মনস্বিনশ্চ চত্বারো মহাবলাস্তু, ভীমধন্বানং তমর্জ্জুনম্, প্রত্যাগচ্ছন্ ॥৩৮॥

অথ কে তে চত্বার ইত্যাহ—দুবিতি। দুঃশাসনো বিকর্ণো দুঃসহো বিবিংশতিশ্চেতি চত্বারো বীরা আগত্য, ভীমধন্বানং বীভৎসুম্, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্ ॥৩৯॥

দুবিতি। বীরো দুঃশাসনস্তু, একেন ভল্লেন, বৈরাটিং বিরাটপুত্রমুত্তরং বিদ্ধ্বা দ্বিতীয়েন ভল্লেন, স্তনয়োরন্তরে মধ্যদেশে অর্জ্জুনং প্রত্যবিধ্যৎ ॥৪০॥

তস্যেতি। জিষ্ণুরর্জ্জুনঃ, উপাবৃত্য আসন্নীভূয়, শিতা পাষাণঘর্ষিতা ধারা যস্য তেন, গৃধ্রস্যেমানীতি গার্ধ্রাণি পত্রাণি পক্ষা যত্র তেন তাদৃশেন শরেণ, জাতরূপেণ স্বর্ণেন পরিষ্কৃতং শোভিতম্, তস্য দুঃশাসনস্য, কার্ম্মুকং চকর্ত্ত ॥৪১॥

অর্জ্জুন নিকটবর্ত্তী হইয়া ধনু আকর্ষণপূর্ব্বক স্বর্ণখচিত বাণদ্বারা ভীষ্মের ধ্বজটাকে মূলদেশে বিচ্ছিন্ন করিলেন; তখন মূলবিদ্ধ সেই ধ্বজটা ভূতলে পতিত হইল ॥৩৭॥

এই সময়ে বিচিত্র মাল্যাভরণধারী, কৃতবিদ্য, মনস্বী ও মহাবল চারি জন বীর, ভয়ঙ্কর ধনুর্দ্ধর অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥৩৮॥

দুঃশাসন, বিকর্ণ, দুঃসহ ও বিবিংশতি—এই চারি জন বীর আসিয়া ভয়ঙ্কর ধনুর্দ্ধর অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥৩৯॥

কিন্তু বীর দুঃশাসন একটী ভল্লদ্বারা বিরাটনন্দন উত্তরকে বিদ্ধ করিয়া দ্বিতীয় ভল্লদ্বারা অর্জ্জুনের বক্ষঃস্থল বিদ্ধ করিলেন ॥৪০॥

---

(৩৮)…কৃতবিদ্যাঃ…আযান্তং ভীমধন্বানমারাদ্দৃষ্ট্বা ধনঞ্জয়ম্—ভা। (৪১)…পৃথুধারেণ কার্ম্মুকম্—বা ব রা ম,…ক্ষুরধারেণ কার্ম্মুকম্—ভা।

অথৈনং পঞ্চভিঃ পশ্চাৎ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
সোঽপযাতো রণং হিত্বা পার্থবাণপ্রপীড়িতঃ ॥৪২॥
তং বিকর্ণঃ শরৈস্তীক্ষ্ণৈর্গার্দ্ধ্রপত্রৈরজিহ্মগৈঃ।
বিব্যাধ পরবীরঘ্নমর্জ্জুনং ধৃতরাষ্ট্রজঃ ॥৪৩॥
ততস্তমপি কৌন্তেয়ঃ শরেণানতপর্ব্বণা।
ললাটেঽভ্যহনত্তূর্ণং স বিদ্ধঃ প্রাপতদ্রথাৎ ॥৪৪॥
ততঃ পার্থমভিদ্রুত্য দুঃসহঃ সবিবিংশতিঃ।
অবাকিরচ্ছরৈস্তীক্ষ্ণৈঃ পরীপ্সন্ ভ্রাতরং রণে ॥৪৫॥

ভারতকৌমুদী

অথেতি। অথেতি বাক্যান্তরারম্ভে। পশ্চাৎ পার্থঃ পঞ্চভিঃ শরৈঃ এনং দুঃশাসনং স্তনান্তরে প্রত্যবিধ্যৎ। স চ পার্থবাণপ্রপীড়িতঃ সন্ রণং হিত্বা অপযাতঃ ॥৪২॥

তমিতি। ধৃতরাষ্ট্রজো বিকর্ণঃ, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ, গার্দ্ধ্রপত্রৈর্গৃধ্রপক্ষান্বিতৈঃ, তীক্ষ্ণৈঃ শরৈঃ, পরবীরঘ্নং তমর্জ্জুনং বিব্যাধ ॥৪৩॥

তত ইতি। ততঃ কৌন্তেয়োঽর্জ্জুনোঽপি আনতপর্ব্বণা শরেণ, তূর্ণমেব ললাটে তং বিকর্ণম্, অভ্যহনৎ। পরঞ্চ স বিকর্ণো বিদ্ধঃ সন্ রথাৎ প্রাপতৎ ॥৪৪॥

তত ইতি। ততঃ, বিবিংশতিনা তদাখ্যেন ভ্রাত্রা সহেতি সবিবিংশতিঃ, দুঃসহো নাম ধৃতরাষ্ট্রপুত্রঃ, ভ্রাতরং ভূপতিতং বিকর্ণম্, পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্, অভিদ্রুত্য দ্রুতং পার্থাভিমুখং গত্বা, রণে তীক্ষ্ণৈঃ শরৈঃ পার্থমবাকিরৎ ॥৪৫॥

তখন অর্জ্জুন নিকটবর্ত্তী হইয়া একটী সুধার বাণদ্বারা দুঃশাসনের স্বর্ণখচিত ধনু ছেদন করিলেন ॥৪১॥

তৎপরে অর্জ্জুন পাঁচটী বাণদ্বারা দুঃশাসনের বক্ষস্থল বিদ্ধ করিলেন। তখন দুঃশাসন অর্জ্জুনের বাণে অত্যন্ত পীড়িত হইয়া যুদ্ধ পরিত্যাগ করিয়া অপসৃত হইলেন ॥৪২॥

পরে ধৃতরাষ্ট্রপুত্র বিকর্ণ—সরলগামী, গৃধ্রপক্ষযুক্ত ও তীক্ষ্ণ বাণসমূহদ্বারা বিপক্ষবীরহন্তা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৪৩॥

তাহার পর অর্জ্জুনও সত্বরই একটী আনতপর্ব্ব বাণদ্বারা বিকর্ণের ললাট-দেশে আঘাত করিলেন; সুতরাং বিকর্ণ বাণবিদ্ধ হইয়া রথ হইতে পতিত হইলেন ॥৪৪॥

তদনন্তর দুঃসহ বিবিংশতির সহিত দ্রুত আসিয়া ভ্রাতা বিকর্ণকে রক্ষা

---

(৪২)⋯ সোঽপযাতস্তদ্রণং হিত্বা—ভা। (৪৩) গার্হপত্যৈঃ · বা · গৃধ্রপত্রৈঃ—বা ম, ⋯শরৈর্গাঢ়ম্—ভা। (৪৪)⋯শরেণ নতপর্ব্বণা⋯প্রাপতদ্ভুবি—ভা।

তাবুভৌ গার্দ্ধ্রপত্রাভ্যাং নিশিতাভ্যাং ধনঞ্জয়ঃ।
বিদ্ধ্বা যুগপদব্যগ্রস্তয়োর্বাহানসূদয়ৎ ॥৪৬॥
তৌ হতাশ্বৌ বিবিদ্ধাঙ্গৌ ধৃতরাষ্ট্রাত্মজাবুভৌ।
অভিপত্য রথৈরন্যৈরপনীতৌ পদানুগৈঃ ॥৪৭॥
সর্ব্বা দিশশ্চাভ্যপতদ্বীভৎসুরপরাজিতঃ।
কিরীটমালী কৌন্তেয়ো লব্ধলক্ষো মহাবলঃ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে দুঃশাসনাদিভঙ্গো নাম ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তাবিতি। ধনঞ্জয়ঃ অব্যগ্রস্থিরৈব, নিশিতাভ্যাং গার্দ্ধ্রপক্ষাভ্যাং বাণাভ্যাম, যুগপদেব তাবুভৌ দুঃসহবিবিংশতী বিদ্ধা, তয়োর্বাহান্ অশ্বান্, অসূদয়ৎ ব্যনাশয়ৎ ॥৪৬॥

তাবিতি। অথ পদানুগৈস্তয়োরনুচরৈঃ, অভিপত্য আগত্য, অন্যৈ রথৈঃ, হতাশ্বৌ বিবিদ্ধাঙ্গৌ চ তৌ উভাবেব ধৃতরাষ্ট্রাত্মজৌ, অপনীতৌ অপসারিতৌ ॥৪৭॥

সর্ব্বা ইতি। মহাবলঃ, অপরাজিতঃ, কিরীটং মলতে ধারয়তীতি কিরীটমালী "মল মল্ল ধারণে" ইত্যস্য ণিনি রূপম্, কৌন্তেয়ো বীভৎসুরর্জ্জুনশ্চ, লব্ধানি লক্ষাণি শরব্যাণি যেন স তাদৃশঃ সন্, সর্ব্বা দিশঃ, অভ্যপতৎ ব্যচরৎ ॥৪৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

॥২৮—২৯॥ রথসিংহগণৈঃ আসমন্তাৎ যুতম্ ॥৩০—৩৪॥ ব্যবাগাহৎ আলোড়িতবান্ ॥৩৫—৩৬॥ উপাবৃত্য সম্মুখীভূয় বিক্রম্য ছিত্বা কলধৌতাগ্রৈঃ স্বর্ণবজ্জিতফলকৈর্বাণৈঃ ॥৩৭—৪১॥ এনং দুঃশাসনম্ ॥৪২—৪৭॥ লব্ধলক্ষঃ অপ্রচ্যুতলক্ষঃ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৬॥

করিবার ইচ্ছা করিয়া, যুদ্ধে তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অর্জ্জুনকে আবৃত করিলেন ॥৪৫॥

তখন অর্জ্জুন অবিহ্বল থাকিয়াই দুইটী নিশিত বাণদ্বারা একদাই সেই দুই জনকে বিদ্ধ করিয়া তাঁহাদের অশ্বগুলিকে বিনাশ করিলেন ॥৪৬॥

তৎপরে তাঁহাদের অনুচরেরা দ্রুত আসিয়া অন্য রথে করিয়া হতাশ্ব ও অত্যন্ত বিদ্ধদেহ সেই ধৃতরাষ্ট্রপুত্রদ্বয়কে অপসারিত করিল ॥৪৭॥

এই সময়ে মহাবল, অপরাজিত ও কিরীটধারী কুন্তীনন্দন অর্জ্জুনও যুদ্ধের লক্ষ্য পাইয়া সকল দিকেই বিচরণ করিতে লাগিলেন ॥৪৮॥

* '‥ষষ্টিতমোঽধ্যায়ঃ' —প্র, '‥ একষষ্টিতমোঽধ্যায়ঃ' —বা ব রা ম।

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—ঃ৺ঃ—

বৈশম্পায়ন উবাচ।

অথ সংগম্য সর্ব্বে তু কৌরবাণাং মহারথাঃ।
অর্জ্জুনং সহিতা যত্তাঃ প্রত্যযুধ্যন্ত ভারত ! ॥১॥
স সায়কময়ৈর্জালৈঃ সর্ব্বতস্তান্ মহারথান্।
প্রাচ্ছাদয়দমেয়াত্মা নীহার ইব পর্ব্বতান্ ॥২॥
নদদ্ভিশ্চ মহানাগৈর্হেষমাণৈশ্চ বাজিভিঃ।
ভেরীশঙ্খনিনাদৈশ্চ স শব্দস্তুমুলোঽভবৎ ॥৩॥
নাগাশ্বকায়ান্ নির্ভিদ্য লৌহানি কবচানি চ।
পার্থস্য শরজালানি বিনিপেতুঃ সহস্রশঃ ॥৪॥

ভারতকৌমুদী

